# পরিচয়

সাংবাদিকতায় সততা ও সাহসের প্রতীক ৩৪ বছর ধরে প্রকাশিত

New York Vol. 34, Issue 1673, Saturday, March 21, 2026 FREE www.parichoy.com


ইতিহাসের ভয়াবহ সংকটের মুখে বিশ্ব, সতর্কবার্তা আইইএ প্রধানের

বিস্তারিত ০৫ পৃষ্ঠায়

## আরো আছে...


■ আলোচনা হয়নি, জ্বালানির দাম কমাতে হামলা স্থগিতের কৌশল ট্রাম্পের: ইরান - ৫ম পাতায়

■ সব ধরনের ভিসা ফি বাড়াল যুক্তরাজ্য - ৫ম পাতায়

■ পশ্চিমবঙ্গে হুমায়ুন কবীরের দলের সঙ্গে জোটে ওয়াইসির দল - ৫ম পাতায়

■ গ্রিসের ক্রিট নৌঘাঁটিতে ফিরল মার্কিন রণতরি জেরাল্ড ফোর্ড- ৬ষ্ঠ পাতায়

■ যুদ্ধ বন্ধে ৫ বছর ক্ষেপণাস্ত্র কর্মসূচি স্থগিতসহ ইরানের কাছে যেসব দাবি জানালেন ট্রাম্প - ৬ষ্ঠ পাতায়


■ নিউইয়র্কে ট্রাকের ওপর উঠে গেল বিমান, ২ পাইলট নিহত- ৬ষ্ঠ পাতায়

■ এফবিআইয়ের সাবেক পরিচালক রবার্ট মুলার মারা গেছেন- ৭ পাতায়

■ যুক্তরাষ্ট্রের সঙ্গে চুক্তি বাস্তবায়নে কাজ করবে সরকার -৮ম পাতায়

■ নারীর ক্ষমতায়ন ও ন্যায়বিচার নিশ্চিতে বাংলাদেশ অঙ্গীকারবদ্ধ: পররাষ্ট্রমন্ত্রী -৯ম পাতায়

■ ‘কৃষক কার্ড’ কার্যক্রম এগিয়ে নিতে প্রধানমন্ত্রীর নির্দেশ -৯ম পাতায়

# হরমুজ প্রণালি যৌথ পরিচালনায় ইরানের সঙ্গে ট্রাম্পের আলোচনা

বিস্তারিত ০৬ পৃষ্ঠায়



# আধিপত্যের লড়াইয়ে রক্ত ঝরছে, রাজনৈতিক কোন্দলে বাড়ছে সহিংসতা

বিস্তারিত ০৮ পৃষ্ঠায়




বারী হোম কেয়ার
Passion for Seniors of NY Inc.
চলমান কেস ট্রান্সফার করে বেশী ঘন্টা ও সর্বোচ্চ পেমেন্ট পাবার সুবর্ণ সুযোগ নিন
আমরা HHA ট্রেনিং প্রদান করি
আমরা HHA, PCA & CDPAP সার্ভিসেস প্রদান করি
মেডিকেইড প্রোগ্রামের আওতায় আপনজনের সেবা করে ঘরে বসে বছরে সর্বোচ্চ আয় করুন $৫৫,০০০
চাকুরী দরকার? আমরা কেয়ারগিভার চাকুরী প্রদান করি, কোন সার্টিফিকেটের প্রয়োজন নাই
Asef Bari (Tutul) C.E.O
Email: info@barihomecare.com www.barihomecare.com Cell: 631-428-1901
JACKSON HEIGHTS OFFICE: 72-24 Broadway, Lower Level, Jackson Heights NY 11372 | Tel: 718-898-7100
JAMAICA 169-06 Hillside Ave, 2nd Fl, Jamaica NY 11432 Tel: 718-291-4163
BRONX 2113 Starling Ave., Suite 201 Bronx NY 10462 Tel: 718-319-1000
LONG ISLAND 469 Donald Blvd, Holbrook NY 11741 Tel: 631-428-1901

আমরা PCA, HHA সার্ভিস দিয়ে থাকি
Aasha Home Care LHCSA
(718) 776-2717
(646) 744-5934

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554


PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005
EARN 100K TO 200K PER YEAR
• Selenium Automation Testing
• SQL Server Database Administration
• Business Analyst
PROVIDED JOBS TO 7000+ STUDENTS. 100% JOB PLACEMENT RECORD FOR THE LAST 17 YEARS.
Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu
Washington University of Science and Technology
Authorized Employment Agency by:
NYC Consumer and Worker Protection
Certified Training Institute by:
SCHEV
NYS Education Department Licensed Proprietary School Supervision
If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us
1-855-JOB-PIIT(1-855-562-7448)
www.piit.us

# প্রকাশনার গৌরবময় ৩৪ বছর




প্রকাশনার এই ৩৪ বছরে প্রিয় পাঠক ও শুভানুধ্যায়ীদের জানাই আন্তরিক কৃতজ্ঞতা ও শুভেচ্ছা। আপনাদের ভালোবাসাই আমাদের প্রেরণা।

**পরিচয়**

BANGLA WEEKLY THE PARICHOY

# কে কি বললেন



● মধ্যপ্রাচ্যের সবচেয়ে গুরুত্বপূর্ণ শিপিং রুট ‘হরমুজ প্রণালি’ শিগগিরই খুলে দেওয়া হবে এবং এটি যুক্তরাষ্ট্র ও ইরান যৌথভাবে নিয়ন্ত্রণ করবে -প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প



● ‘পেন্টাগন থেকে এই সংবাদ সম্মেলনে অংশ নেওয়ার অনুমোদন পায়নি স্টারস অ্যান্ড স্ট্রাইপস। আমাকে স্ক্রিনে এটি দেখতে হচ্ছে’ -স্টারস অ্যান্ড স্ট্রাইপস-এর প্রতিবেদক ম্যাথিউ অ্যাডামস



● জনগণ যে বাংলাদেশ দেখতে চায়, সেই প্রত্যাশিত দেশ গড়ে তুলতে সরকার কাজ করে যাবে। এ লক্ষ্য পূরণে দেশের সব শ্রেণি-পেশার মানুষের সহযোগিতা কামনা করেন তিনি। -প্রধানমন্ত্রী তারেক রহমান



● ‘দেশের স্বার্থ বজায় রেখে যুক্তরাষ্ট্রের সঙ্গে অন্তর্বর্তী সরকারের চুক্তি বাস্তবায়নে যাবে সরকার। -পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ



● ‘দেশে তেলের কোনো সংকট নেই। সরবরাহ অব্যাহত আছে। তবে ঈদের কারণে গত দুই দিন সরবরাহ বন্ধ থাকায় কিছুটা চাপ তৈরি হয়েছে- বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু



● “নারী ও কন্যাশিশুর জন্য ন্যায়বিচার নিশ্চিত করা বাংলাদেশের অন্যতম প্রধান অগ্রাধিকার। পরিচয় বা আর্থ-সামাজিক অবস্থান নির্বিশেষে সকল নারী ও কন্যাশিশুর জন্য ন্যায়বিচার উন্মুক্ত হতে হবে, যাতে তারা নির্ভয়ে ও কোনও প্রতিবন্ধকতা ছাড়াই আইনি সুরক্ষা পেতে পারে।”-পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান



● ফ্যাসিবাদ বিদায় নেয়নি, ফ্যাসিবাদের একটি বড় স্টেকহোল্ডার বিদায় নিয়েছে। ফ্যাসিবাদের কালো ছায়া এখনো জাতির মাথার ওপর রয়ে গেছে। -জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান







# আলোচনা হয়নি, জ্বালানির দাম কমাতে হামলা স্থগিতের কৌশল ট্রাম্পের: ইরান



পরিচয় ডেস্ক: আলোচনা চলমান থাকায় ইরানের বিদ্যুৎ ও জ্বালানি স্থাপনায় হামলার সিদ্ধান্ত স্থগিতে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ঘোষণা নাকচ করে দিয়েছে তেহরান। ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে তেহরান ও ওয়াশিংটনের মধ্যে কোনো ধরনের সংলাপের বিষয়টি অস্বীকার করেছে।

সোমবার ট্রাম্পের ঘোষণার পর ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয় বলেছে, ডোনাল্ড ট্রাম্পের এমন মন্তব্যের উদ্দেশ্য হলো জ্বালানির দাম কমানো এবং তাঁর সামরিক পরিকল্পনা বাস্তবায়নের জন্য সময় ক্ষেপণ করা। বিবৃতিতে আরও বলা হয়, উত্তেজনা কমাতে আঞ্চলিক দেশগুলোর পক্ষ থেকে কিছু 'উদ্যোগ' রয়েছে। তবে তাদের এই উদ্বেগগুলোর বিষয়ে ওয়াশিংটনের সঙ্গেই যোগাযোগ করা উচিত, কারণ তারাই 'এই যুদ্ধ শুরু করেছে'। এর আগে পাঁচ দিনের জন্য ইরানের বিদ্যুৎকেন্দ্র ও জ্বালানি অবকাঠামোতে সব ধরনের হামলা স্থগিতের ঘোষণা দেন প্রেসিডেন্ট ট্রাম্প। নিজের মালিকানাধীন সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে আজ সোমবার তিনি লেখেন, 'আমি

*বাকি অংশ ৫০ পৃষ্ঠায়*



# ইতিহাসের ভয়াবহ সংকটের মুখে বিশ্ব, সতর্কবার্তা আইইএ প্রধানের

পরিচয় ডেস্ক: অস্ট্রেলিয়ার ক্যানবেরায় ন্যাশনাল প্রেসক্লাবে এক অনুষ্ঠানে আন্তর্জাতিক জ্বালানি সংস্থার (আইইএ) প্রধান ফাতিহ বিরোল। ২৩ মার্চ ২০২৬ ইরানের যুদ্ধ বিশ্বকে ভয়াবহ জ্বালানিসংকটের মুখে দাঁড় করিয়ে দিয়েছে বলে হুঁশিয়ার করেছেন আন্তর্জাতিক জ্বালানি সংস্থার (আইইএ) প্রধান ফাতিহ বিরোল। তিনি বলেছেন, গত শতকের সত্তরের দশক এবং কয়েক বছর আগের ইউক্রেন যুদ্ধ যে জ্বালানিসংকট তৈরি করেছিল, সেই দুই ঘটনা যোগ করলেও এবারের পরিস্থিতির সমান হবে না। কিন্তু বিশ্বের নীতিনির্ধারকেরা এই সমস্যার গভীরতা এখনো

*বাকি অংশ ৪৫ পৃষ্ঠায়*



# 'এক-এগারোর' আলোচিত জেনারেল মাসুদ উদ্দিন চৌধুরী গ্রেপ্তার

সাবেক সেনা নিয়ন্ত্রিত তত্ত্বাবধায়ক সরকারের সময় আলোচিত সেনা কর্মকর্তা, অবসরপ্রাপ্ত তিন তারকা জেনারেল মাসুদ উদ্দিন চৌধুরীকে গভীর রাতের এক অভিযানে গ্রেপ্তার করেছে পুলিশ।

ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের প্রধান, ডিআইজি শফিকুল ইসলাম মঙ্গলবার বলেন, "হ্যাঁ, আমরা তাকে গ্রেপ্তার করেছি। তার বিরুদ্ধে অন্তত পাঁচটি মামলা রয়েছে।" তবে সেসব মামলার বিস্তারিত তথ্য তাৎক্ষণিভাবে জানাতে পারেননি এই পুলিশ কর্মকর্তা।


পুলিশ বলছে, বারিধারা ডিওএইচএস এলাকার ২ নম্বর লেনের ১৫৩ নম্বর বাড়ি থেকে সাবেক লেফটেনেন্ট জেনারেল মাসুদকে গ্রেপ্তার করা হয়।

২০০৭ সালে সেনাবাহিনীর নবম ডিভিশনের জিওসির দায়িত্বে থাকা মেজর জেনারেল মাসুদ এক-এগারোর পট পরিবর্তনের পর পদোন্নতি পেয়ে লেফটেনেন্ট জেনারেল হন। সে সময় আলোচিত 'গুরুতর অপরাধ দমন-সংক্রান্ত জাতীয় সমন্বয় কমিটি'র সমন্বয়ক ছিলেন তিনি।

ওই কমিটির প্রধান ছিলেন তখনকার স্বরাষ্ট্র উপদেষ্টা অবসরপ্রাপ্ত মেজর জেনারেল এম এ মতিন। তবে জরুরি অবস্থার ওই সময়ে পর্দার আড়ালে থেকে

*বাকি অংশ ৩৬ পৃষ্ঠায়*

# পশ্চিমবঙ্গে হুমায়ুন কবীরের দলের সঙ্গে জোটে ওয়াইসির দল





পরিচয় ডেস্ক: পশ্চিমবঙ্গের আসন্ন বিধানসভা ভোটে হুমায়ুন কবীরের আম জনতা উন্নয়ন পার্টি-এজেইউপির সঙ্গে জোট বাঁধছে আসাদউদ্দিন ওয়াইসির অল ইন্ডিয়া মজলিস-ই-ইত্তেহাদুল মুসলিমীন-এআইএমআইএম। তৃণমূল কংগ্রেস থেকে বহিষ্কৃত নেতা হুমায়ুন কবীর অযোধ্যার বাবরি মসজিদের অনুকরণে পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদে মসজিদ তৈরি করতে চান।

রবিবার এক সাংবাদিক সম্মেলনে কবীর বলেন, 'সারা বাংলাজুড়ে বিভিন্ন আসনে আমাদের ১৫৪ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবেন। আমি রেজিনাগর ও নওদা বিধানসভা কেন্দ্র থেকে প্রতিদ্বন্দ্বিতা করব। পুনম বেগম ভবানীপুর থেকে মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায় ও বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে লড়ছেন।'

বার্তা সংস্থা এএনআইকে তিনি বলেছেন, 'এআইএমআইএম-এর সঙ্গে জোট বেঁধে হয়তো আমরা আটটি আসনে লড়ব।' অন্যদিকে, রবিবারই এআইএমআইএম-এর সভাপতি আসাদুদ্দিন ওয়াইসি এজেইউপির সঙ্গে জোটবদ্ধ হয়ে নির্বাচনে যাওয়ার কথা ঘোষণা করেছেন।

তিনি বলেছেন, 'পশ্চিমবঙ্গের ভোটে আমরা হুমায়ুন কবীরের দলের সঙ্গে লড়ব। ১৫ বছর ধরে মুখ্যমন্ত্রী হিসাবে রয়েছেন মমতা বন্দোপাধ্যায়, কিন্তু মুসলমানদের উন্নয়ন হয়নি। তাদের সঙ্গে অন্যায় হয়েছে।'

# নিজেদের ছোড়া গুলিতে প্রাণ গেল ইসরায়েলির



পরিচয় ডেস্ক: ইসরায়েলের উত্তর সীমান্তে লেবাননের কাছে সংঘর্ষ চলাকালে নিজেদের ছোড়া গুলিতে প্রাণ গেল এক ইসরায়েলি বেসামরিক নাগরিকের। সোমবার এক বিবৃতিতে এ তথ্য জানায় দেশটির সামরিক বাহিনী (আইডিএফ)। বিবৃতিতে বলা হয়, রবিবারের ওই ঘটনাটির তদন্ত শেষে প্রাথমিকভাবে দেখা গেছে, দক্ষিণ লেবাননে মোতায়েন সেনাদের সহায়তা দিতে চালানো আর্টিলারি ফায়ারের সময় এই প্রাণহানির ঘটনা ঘটে। ঘটনাটিতে 'গুরুতর ত্রুটি ও অপারেশনাল ভুল' ছিল। একই সঙ্গে পরিকল্পনা ও বাস্তবায়ন-উভয় পর্যায়েই ভুল হয়েছে বলে বিবৃতিতে উল্লেখ করা হয়। এদিকে উত্তর সীমান্তে বর্তমানে ইসরায়েলি বাহিনী ও হিজবুল্লাহর যোদ্ধাদের মধ্যে উত্তেজনা ও সংঘর্ষ অব্যাহত রয়েছে।

পরিচয়
BANGLA WEEKLY THE PARICHOY

*সম্পাদক: নাজমুল আহসান*
*Editor & Publisher: M. Najmul Ahsan*
*37-12, 75th Street, Suite 204, Jackson Heights, NY 11372, USA*
*Tel: 718.607.7014 | Fax: 718.559.4835*
*Email: parichoyny@gmail.com | web: www.parichoy.com*

# হরমুজ প্রণালি যৌথ পরিচালনায় ইরানের সঙ্গে ট্রাম্পের আলোচনা



পরিচয় ডেস্ক: পারস্য উপসাগরে চলমান অস্থিরতার মাঝে এক অভূতপূর্ব কূটনৈতিক আলোচনার ইঙ্গিত দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি দাবি করেছেন, ইরানের সঙ্গে ‘শান্তি আলোচনা’ দ্রুত এগোচ্ছে। সেই সঙ্গে আজ সোমবার সিএনএনকে দেওয়া এক সাক্ষাৎকারে ট্রাম্প বলেছেন, মধ্যপ্রাচ্যের সবচেয়ে গুরুত্বপূর্ণ শিপিং রুট ‘হরমুজ প্রণালি’ শিগগিরই খুলে দেওয়া হবে এবং এটি যুক্তরাষ্ট্র ও ইরান যৌথ ভাবে নিয়ন্ত্রণ করবে।

ফ্লোরিডায় সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ট্রাম্প বলেন, ইরানের একজন সর্বজন শ্রদ্ধেয় নেতার সঙ্গে মার্কিন প্রতিনিধি বিশেষ দূত স্টিভ উইটকফ এবং তাঁর জামাতা জ্যারেড কুশনার আলোচনা করছেন। এ সময় সাংবাদিকেরা জানতে চান তিনি ইরানের নতুন সর্বোচ্চ নেতা মোজতবা খামেনি কি না। জবাবে ট্রাম্প বলেন, ‘আমি সরাসরি তাঁর কাছ থেকে কিছুই শুনিনি। আমি নিশ্চিত নই যে তিনি এখনো জীবিত আছেন কি না। তবে আমি চাই না তাঁকে হত্যা করা হোক।’

হরমুজ প্রণালির ওপর ইরানের একচ্ছত্র আধিপত্য খর্ব করতে ট্রাম্প ‘যৌথ নিয়ন্ত্রণের’ ফর্মুলা সামনে এনেছেন। সিএনএনের কেইটলান কলিন্সকে তিনি বলেন, ‘আমি এবং পরবর্তী আয়াতুল্লাহ-যিনিই হোন না কেন-আমরা মিলে এই প্রণালিটি পরিচালনা করব। এটি খুব দ্রুতই সবার জন্য উন্মুক্ত হয়ে যাবে।’

ইরান-যুক্তরাষ্ট্র বৈঠক পাকিস্তানেইরান-যুক্তরাষ্ট্র বৈঠক পাকিস্তানে

ট্রাম্প দাবি করেন, যুদ্ধের শুরুর দিকের মার্কিন হামলায় ইরানের জ্যেষ্ঠ নেতৃত্বের একটি বড় অংশ নির্মূল হয়ে যাওয়ায় দেশটিতে কার্যত ‘রেজিম চেঞ্জ’ বা শাসনব্যবস্থার পরিবর্তন ঘটে গেছে। তবে তিনি বর্তমান আলোচনারত প্রতিনিধিদের প্রশংসা করে বলেন, ‘আমরা এখন অত্যন্ত যুক্তিবাদী এবং দৃঢ়চেতা কিছু মানুষের সঙ্গে কথা বলছি। তাদের মধ্যেই হয়তো আমরা নতুন কোনো নেতা খুঁজে পাব।’

ট্রাম্পের এত সব দাবির বিপরীতে ইরান এখনো তাদের কঠোর অবস্থানে অনড়। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয় এবং মেহর নিউজ এজেন্সি পুনরায় নিশ্চিত করেছে যে ওয়াশিংটনের সঙ্গে তাদের কোনো পর্যায়ের কোনো আলোচনা হচ্ছে না। ট্রাম্পের দাবিকে তেহরান মূলত ‘মনস্তাত্ত্বিক যুদ্ধ’ হিসেবেই দেখছে।

এদিকে ট্রাম্পের এই ‘শান্তি আলোচনা’ ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর জন্য এক কঠিন *বাকি অংশ ৪০ পৃষ্ঠায়*

## গ্রিসের ক্রিট নৌঘাঁটিতে ফিরল মার্কিন রণতরি জেরাল্ড ফোর্ড



টানা ৯ মাস ধরে সমুদ্রে অবস্থানের পর গ্রিসের ক্রিট দ্বীপের সৌদা বে নৌঘাঁটিতে ফিরেছে যুক্তরাষ্ট্রের সর্বাধুনিক পরমাণু শক্তিচালিত বিমানবাহী রণতরি ইউএসএস জেরাল্ড ফোর্ড। গত ফেব্রুয়ারিতে এখান থেকে জ্বালানি ও রসদ সংগ্রহের পর রণতরিটি ইরান অভিযানে অংশ নিয়েছিল। তবে সম্প্রতি এক অগ্নিকাণ্ড ও যান্ত্রিক বিভ্রাটের পর এটি বন্দরে ফিরতে বাধ্য হয়েছে। বার্তা সংস্থা এএফপির একজন ফটোগ্রাফার এ তথ্য নিশ্চিত *বাকি অংশ ৪৩ পৃষ্ঠায়*

## ইরান সংকটের পূর্ণাঙ্গ সমাধানের পথ খুলেছে, জানালেন ট্রাম্প

পরিচয় ডেস্ক: মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ নিয়ে যুক্তরাষ্ট্র ও ইরান ‘পূর্ণাঙ্গ সমাধান’ এর খুব কাছাকাছি পৌঁছেছে। ট্রাম্প বলেছেন, গত দুই দিনে দুই দেশ মধ্যপ্রাচ্যে পারস্পরিক বৈরিতা সম্পূর্ণভাবে নিরসনের বিষয়ে ‘খুব ভালো ও ফলপ্রসূ আলোচনা’ করেছে।



আল জাজিরার প্রতিবেদনে বলা হয়েছে, ইরানের বিদ্যুৎ কেন্দ্র ও জ্বালানি অবকাঠামোতে পূর্বঘোষিত সামরিক হামলা আপাতত স্থগিত করার নির্দেশ দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। আজ সোমবার তিনি জানান, গত দুই দিনে ইরানের সঙ্গে যুক্তরাষ্ট্রের ‘খুব ভালো ও ফলপ্রসূ’ আলোচনা হয়েছে। এর পরিপ্রেক্ষিতেই তিনি সামরিক বাহিনীকে এই নির্দেশ দিয়েছেন।

নিজের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম ট্রুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে ট্রাম্প বলেন, ‘আমি অত্যন্ত আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, গত দুই দিনে যুক্তরাষ্ট্র এবং ইরানের মধ্যে মধ্যপ্রাচ্যে চলমান শত্রুতার একটি পূর্ণাঙ্গ ও চূড়ান্ত সমাধানের লক্ষ্যে অত্যন্ত কার্যকর আলোচনা হয়েছে।’ তিনি আরও উল্লেখ করেন, আলোচনার ‘ভঙ্গি এবং সুর’ ছিল অত্যন্ত গভীর, বিস্তারিত ও গঠনমূলক। এই আলোচনা সপ্তাহজুড়ে চলবে বলেও তিনি জানান।

ট্রাম্প তাঁর পোস্টে লিখেছেন, ‘চলমান বৈঠক এবং আলোচনার সফলতার ওপর ভিত্তি করে আমি প্রতিরক্ষা দপ্তরকে (ডিপার্টমেন্ট অব ওয়ার) আগামী পাঁচ দিনের জন্য ইরানের বিদ্যুৎ কেন্দ্র এবং জ্বালানি অবকাঠামোতে যেকোনো ধরনের সামরিক হামলা স্থগিত রাখার নির্দেশ দিয়েছি।’

‘ট্রাম্প, তোমার চাকরি নাই’, ইরানের সামরিক মুখপাত্রের খোঁচা‘ট্রাম্প, তোমার চাকরি নাই’, ইরানের *বাকি অংশ ৪০ পৃষ্ঠায়*



## যুদ্ধ বন্ধে ৫ বছর ক্ষেপণাস্ত্র কর্মসূচি স্থগিতসহ ইরানের কাছ যেসব দাবি জানালেন ট্রাম্প

পরিচয় ডেস্ক: মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যুদ্ধ বন্ধ করে ইরানের সঙ্গে শান্তি চান। বিনিময়ে ইরানের কাছে ৫ বছরের জন্য তাদের ক্ষেপণাস্ত্র কর্মসূচি বন্ধ করার দাবি জানিয়েছেন। ট্রাম্পের প্রশাসন তেহরানের কাছে মোট ৬টি অঙ্গীকার চেয়েছে। এতে স্পষ্ট হচ্ছে- ওয়াশিংটন ও ইরানের অবস্থান আরও দূরে সরে যাচ্ছে। একই সময়ে হোয়াইট হাউস যুদ্ধবিরতির *বাকি অংশ ৪২ পৃষ্ঠায়*

## নিউইয়র্কে ট্রাকের ওপর উঠে গেল বিমান, ২ পাইলট নিহত

পরিচয় ডেস্ক: নিউইয়র্কে স্থানীয় সময় গতকাল রোববার গভীর রাতে লা গুয়ার্ডিয়া বিমানবন্দরে অবতরণের সময় এটি যাত্রীবাহী বিমানের সঙ্গে একটি ফায়ার সার্ভিসের ট্রাকের সঙ্গে সংঘর্ষ হয়। এয়ার কানাডা এক্সপ্রেসের বিমানের সঙ্গে এই সংঘর্ষে দুই পাইলট নিহত হন। আহত হন আরও কয়েকজন। বার্তা সংস্থা রয়টার্সের প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে।




কানাডার উড়োহাজাজ নির্মাতা সংস্থা বোম্বারডিয়ার অ্যারোস্পেসের তৈরি বোম্বারডিয়ার সিআরজে ৯০০ মডেলের বিমানটি কানাডার মন্ট্রিয়ল থেকে ৭২ জন যাত্রী ও চারজন ক্রু নিয়ে আসছিল। নিউইয়র্ক ও নিউজার্সির বন্দর কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক ক্যাথরিন গার্সিয়া জানান, বিমানটি পরিচালনা করছিল আঞ্চলিক অংশীদার জ্যাজ অ্যাভিয়েশন।

গার্সিয়া বলেন, আহত ৪১ জনের মধ্যে ৩২ জনকে ছেড়ে দেওয়া হয়েছে, তবে নয়জন ‘গুরুতর আঘাত’ নিয়ে হাসপাতালে রয়েছেন। আহতদের মধ্যে যাত্রী, ক্রু সদস্য এবং দমকল ট্রাকের দুই কর্মকর্তা ছিলেন। ওই দুই কর্মকর্তাও হাসপাতালে ভর্তি, তবে তাদের আঘাত প্রাণঘাতী নয়।

গার্সিয়া জানান, কানাডীয় বিমানটি অবতরণের সময় ফায়ার সার্ভিসের ট্রাকটি ইউনাইটেড এয়ারলাইসের একটি বিমানের দিকে যাচ্ছিল। সেই বিমানটিতে আগুন ধরে যাওয়ার পর যেমন গন্ধ তৈরি হয় সেরকম গন্ধ পাওয়া যাচ্ছিল। এর কয়েক মিনিট আগে প্রকাশিত এয়ার ট্রাফিক কন্ট্রোলের অডিওতে দেখা যায়, ইউনাইটেড এয়ারলাইনসের ফ্লাইটটি কেবিনে গন্ধের কারণে জরুরি অবস্থা ঘোষণা করে। নিয়ন্ত্রকেরা ক্রুকে জানিয়েছিলেন যে, ফায়ার *বাকি অংশ ৪২ পৃষ্ঠায়*

# ইরান-যুক্তরাষ্ট্র বৈঠক পাকিস্তানে



পরিচয় ডেস্ক: ইরান যুদ্ধ বন্ধে মোটামুটি দৃশ্যমান অগ্রগতি দেখা যাচ্ছে। এই অগ্রগতির পেছনে অনেকটা পথ পাড়ি দেওয়াতে সহায়তা করেছে ইরানের প্রতিবেশী ও মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের 'প্রিয় ফিল্ড মার্শাল' আসিম মুনিরের দেশ পাকিস্তান কাছে। মার্কিন সংবাদমাধ্যম অ্যাক্সিওস জানিয়েছিল, ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে দূতিয়ালি করেছে পাকিস্তান। একই সঙ্গে, এখন জানা যাচ্ছে শিগগির যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে সরাসরি আলোচনা হবে এবং এর ভেন্যু হবে পাকিস্তানের রাজধানী ইসলামাবাদ।

মার্কিন সংবাদমাধ্যম অ্যাক্সিওস ইসরায়েলের এক জ্যেষ্ঠ কর্মকর্তার বরাত দিয়ে এই তথ্য জানিয়েছে। ওই ইসরায়েলি কর্মকর্তা বলেছেন, 'পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে চলতি সপ্তাহের শেষের দিকে ইরান ও আমেরিকার শীর্ষ কর্মকর্তাদের মধ্যে একটি বৈঠকের প্রস্তুতি চলছে।'

নাম প্রকাশে অনিচ্ছুক ইসরায়েলি ওই কর্মকর্তা জানিয়েছেন, 'পাকিস্তানে হতে যাওয়া ওই সম্মেলনের আলোচনার অংশ হিসেবে একটি সম্ভাবনা খতিয়ে দেখা হচ্ছে, যেখানে মার্কিন ভাইস প্রেসিডেন্ট ভ্যান্স আমেরিকার জ্যেষ্ঠ প্রতিনিধি হিসেবে উপস্থিত থাকতে পারেন।' তিনি আরও বলেন, 'ইসরায়েল জানত যে-ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে আলোচনা শুরুর লক্ষ্যে বেশ কয়েকটি দেশ মধ্যস্থতা চালিয়ে যাচ্ছে। তবে প্রেসিডেন্ট ট্রাম্পের সাম্প্রতিক বক্তব্যে ইসরায়েল বেশ অবাক হয়েছে; ট্রাম্প জানিয়েছেন যে এই যোগাযোগগুলো বেশ এগিয়েছে এবং সম্ভবত ১৫টি পয়েন্টে উভয় পক্ষ ঐকমত্যে পৌঁছেছে।'

মার্কিন সংবাদমাধ্যম অ্যাক্সিওস জানিয়েছে, গত শনিবার ট্রাম্প ইরানকে ৪৮ ঘণ্টার আলটিমেটাম দেন। এর মধ্যে ইরান হরমুজ প্রণালি না খুলে দিলে দেশটির বিদ্যুৎকেন্দ্রগুলোতে হামলা চালানোর হুঁশিয়ারি দেন তিনি। জবাবে ইরানও ইসরায়েল এবং উপসাগরীয় দেশগুলোর জ্বালানি ও পানি শোধনাগার অবকাঠামোর ওপর প্রতিশোধের হুমকি দিলে উত্তেজনা নাটকীয়ভাবে বেড়ে যায়।

হরমুজ সংকট বর্তমানে এমন এক গুরুত্বপূর্ণ ইস্যু হয়ে দাঁড়িয়েছে, যা ট্রাম্পকে যুদ্ধে সমাপ্তি ঘটাতে বাধা দিচ্ছে। হুমকি পাল্টা হুমকি সংকট আরও তীব্র করেছে এবং বৈশ্বিক জ্বালানি বাজারকে অনিশ্চয়তার মধ্যে ফেলেছে। যুক্তরাষ্ট্রের শেয়ারবাজারের ফিউচার-যা সকালেই নিচে নামছিল-ট্রাম্পের পোস্টের পর হঠাৎ বৃদ্ধি পায় এবং তেলের দাম কমে যায়।

স্থানীয় সময় আজ সোমবার সকালে ট্রাম্প নিজ মালিকানাধীন সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে লিখেছে, 'দুই দিন ধরে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে খুবই ভালো এবং ফলপ্রসূ আলোচনা হয়েছে। এই গভীর, বিস্তারিত এবং গঠনমূলক আলোচনার ধারা ও স্বর অনুযায়ী, যা সপ্তাহজুড়ে চলবে, আমি যুদ্ধ বিভাগের প্রতি নির্দেশ দিয়েছি যে ইরানের বিদ্যুৎকেন্দ্র ও জ্বালানি অবকাঠামোর ওপর কোনো সামরিক হামলা পাঁচ দিনের জন্য স্থগিত রাখবে, চলমান বৈঠক ও আলোচনার সাফল্যের শর্তে।' ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে কোনো আলোচনা হয়নি, যদিও অঞ্চলের কিছু দেশ উত্তেজনা কমানোর চেষ্টা করছে। তেহরান দাবি করেছে, ট্রাম্প উচ্চতর জ্বালানি মূল্য বৃদ্ধির সম্ভাবনা এড়াতে এবং তাঁর সামরিক পরিকল্পনার জন্য সময় কিনতে পিছু হটেছেন।

নাম প্রকাশে অনিচ্ছুক এক মার্কিন সূত্র জানিয়েছে, তুরস্ক, মিসর ও পাকিস্তান দুই দিন ধরে *বাকি অংশ ৪২ পৃষ্ঠায়*

## হেগসেথের সংবাদ সম্মেলনে নিষিদ্ধ হলো পেন্টাগনেরই সংবাদমাধ্যম




পরিচয় ডেস্ক: যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা দপ্তর পেন্টাগন তার নিজের সংবাদপত্র 'স্টারস অ্যান্ড স্ট্রাইপস'-কে প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথের সর্বশেষ প্রেস কনফারেন্সে উপস্থিত থাকার অনুমতি দেয়নি। ধারণা করা হচ্ছে, ইরান যুদ্ধ সংক্রান্ত সংবাদ প্রচারের ওপর কড়াকড়ি আরোপের অংশ হিসেবে এই পদক্ষেপ নেওয়া হয়েছে।

পত্রিকাটির প্রতিবেদক ম্যাথিউ অ্যাডামস সামাজিক যোগাযোগমাধ্যমের এক পোস্টে বলেন, 'পেন্টাগন থেকে এই সংবাদ সম্মেলনে অংশ নেওয়ার অনুমোদন পায়নি স্টারস অ্যান্ড স্ট্রাইপস। আমাকে স্ক্রিনে এটি দেখতে হচ্ছে।' তিনি পেন্টাগনের একটি সাম্প্রতিক নির্দেশনার কথা উল্লেখ করেন, যেখানে পত্রিকাটির বিষয়বস্তু বা কনটেন্ট ঢেলে সাজানোর নির্দেশ দেওয়া হয়েছিল।

আরেক প্রতিবেদক কেভিন ব্যারন এই ঘটনায় বিস্ময় প্রকাশ করে বলেন, 'পেন্টাগন কি তবে তার নিজের সংবাদপত্রকেই কালো তালিকাভুক্ত করল? মনে রাখা প্রয়োজন, স্টারস অ্যান্ড স্ট্রাইপস-এর কর্মীরা মূলত মার্কিন সেনাবাহিনীর বেসামরিক সদস্য এবং তাদের সম্পাদকীয় স্বাধীনতা কংগ্রেস দ্বারা সুরক্ষিত, যাতে রাজনৈতিক নেতারা সেনাদের ওপর প্রোপাগান্ডা চালাতে না পারে।'

বাক্‌স্বাধীনতা বিষয়ক সংস্থা 'পেন আমেরিকা'-র টিমোথি রিচার্ডসন বলেন, 'নতুন নির্দেশিকাগুলো স্পষ্ট ইঙ্গিত দিচ্ছে যে, পেন্টাগন এই প্রকাশনাটিকে নিজেদের প্রচারযন্ত্র হিসেবে ব্যবহার করতে চাইছে। এটি সংবিধানের প্রথম সংশোধনীর পরিপন্থী।'



## 'ইরানের বিনাশ নিশ্চিত', এরপর দেশের ভেতরেই প্রধান শত্রু খুঁজে পেয়েছেন ট্রাম্প

পরিচয় ডেস্ক: যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরানের 'নিশ্চিত বিনাশ' হয়েছে। একই সঙ্গে তিনি বলেছেন, ইরানের মৃত্যুর সঙ্গে সঙ্গে যুক্তরাষ্ট্রের 'সবচেয়ে বড় শত্রু' হিসেবে আবির্ভূত হয়েছে বিরোধী দল ডেমোক্র্যাট পার্টি। স্থানীয় সময় আজ রোববার ডেমোক্র্যাট পার্টিকে যুক্তরাষ্ট্রের 'সবচেয়ে বড় শত্রু' বলে অভিহিত করেন তিনি। তুরস্কের রাষ্ট্র পরিচালিত সংবাদ সংস্থা আনাদোলু এজেন্সির খবরে বলা হয়েছে, নিজ *বাকি অংশ ৪০ পৃষ্ঠায়*

## এফবিআইয়ের সাবেক পরিচালক রবার্ট মুলার মারা গেছেন



পরিচয় ডেস্ক: এফবিআইয়ের সাবেক পরিচালক রবার্ট মুলার মারা গেছেন। তাঁর পরিবারের পক্ষ থেকে বিবৃতি দিয়ে এই তথ্য জানানো হয়েছে বলে এক প্রতিবেদনে জানিয়েছে যুক্তরাষ্ট্রভিত্তিক আন্তর্জাতিক গণমাধ্যম সিএনএন। এতে বলা হয়েছে, শনিবার এক বিবৃতিতে রবার্ট মুলারের পরিবার জানিয়েছে, 'গভীর দুঃখের সঙ্গে জানাচ্ছি, গত রাতে বব মারা গেছেন।' এই কঠিন সময়ে পরিবারের ও ব্যক্তিগত গোপনীয়তা রক্ষার অনুরোধ জানিয়েছেন তাঁরা। তাঁর বয়স হয়েছিল ৮১ বছর। গত বছরের আগস্টে পরিবার জানিয়েছিল, ২০২১ সালে তাঁর পারকিনসনস রোগ ধরা পড়ে। দীর্ঘ কর্মজীবনে মুলার দুই দলের কাছেই আস্থাভাজন ছিলেন। ২০০১ সালের ১১ সেপ্টেম্বর হামলার ঠিক আগে তাঁকে এফবিআই পরিচালক হিসেবে মনোনীত করেন তৎকালীন প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বুশ এবং তিনি সর্বসম্মতিক্রমে অনুমোদন পান। পরে তাঁর ১০ বছরের মেয়াদ শেষ হওয়ার পরও প্রেসিডেন্ট বারাক ওবামা তাঁকে আরও দুই বছর দায়িত্বে বহাল রাখেন। মোট ১২ বছর দায়িত্ব পালন করে তিনি জে. এডগার হুভারের পর এফবিআইয়ের দীর্ঘতম সময় দায়িত্ব পালনকারী পরিচালক হন।

মুলারের সততা ও নিরপেক্ষতার খ্যাতির কারণে তাঁকে ২০১৬ সালের নির্বাচনে রাশিয়ার হস্তক্ষেপ ও তৎকালীন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নির্বাচনী প্রচারণার সঙ্গে সম্ভাব্য যোগসাজশের তদন্তে বিশেষ কাউন্সেল হিসেবে নিয়োগ দেওয়া হয়। এই তদন্ত মার্কিন রাজনীতির অন্যতম আলোচিত অধ্যায় হয়ে ওঠে। জীবনের শেষ পর্যন্ত মুলার যুক্তরাষ্ট্রের আইন ও গণতান্ত্রিক প্রতিষ্ঠানের প্রতি তাঁর অঙ্গীকারের জন্য স্মরণীয় হয়ে থাকবেন।

## গোপনে মার্কিন নাগরিকদের লোকেশন ডেটা কিনছে এফবিআই




পরিচয় ডেস্ক: মার্কিন কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা এফবিআই গোপনে বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলোর কাছ থেকে সাধারণ নাগরিকদের অবস্থানের তথ্য (লোকেশন ডেটা) কিনে নিচ্ছে বলে জানা গেছে। গত বুধবার (১৮ মার্চ) সিনেট ইন্টেলিজেন্স কমিটির 'ওয়ার্ল্ডওয়াইড থেটস' শুনানিতে এ কথা স্বীকার করেছেন এফবিআই পরিচালক কাশ প্যাটেল।

ব্রিটিশ দৈনিক দ্য গার্ডিয়ানের প্রতিবেদনে বলা হয়েছে, ওরেগনের ডেমোক্র্যাট সিনেটর রন ওয়াইডেনের এক প্রশ্নের জবাবে এই চাঞ্চল্যকর স্বীকারোক্তি দেন প্যাটেল। *বাকি অংশ ৪০ পৃষ্ঠায়*

# দলমত-নির্বিশেষে সবাই মিলে দেশ গড়ার প্রত্যয় প্রধানমন্ত্রী তারেক রহমানের

পরিচয় ডেস্ক: পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। পাশাপাশি দলমতনির্বিশেষে সবাইকে নিয়ে ঐক্যবদ্ধভাবে দেশ গড়ার প্রত্যয় ব্যক্ত করেছেন তিনি। শনিবার দুপুর সাড়ে ১২টায় রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় সৌজন্য সাক্ষাৎ শেষে প্রধানমন্ত্রী তারেক রহমান এ কথা বলেন। বহু বছর পর দেশের মাটিতে ঈদ উদ্‌যাপন করতে পেরে প্রধানমন্ত্রী আল্লাহর কাছে শুকরিয়া আদায় করেন। দেশের মানুষ ভবিষ্যতে আরও শান্তিপূর্ণ ও নির্বিঘ্ন পরিবেশে ঈদ উদ্‌যাপন করতে পারবে বলে আশা প্রকাশ করেন তিনি।প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, জনগণ যে বাংলাদেশ দেখতে চায়, সেই প্রত্যাশিত দেশ গড়ে তুলতে সরকার কাজ করে যাবে। এ লক্ষ্য পূরণে দেশের সব শ্রেণি-পেশার



মানুষের সহযোগিতা কামনা করেন তিনি।

প্রধানমন্ত্রী বলেন, জনগণের সমর্থন ও সহযোগিতা থাকলে নির্বাচিত সরকার দেশগঠনের কাজে সর্বোচ্চ শক্তি দিয়ে এগিয়ে যাবে।

সবাইকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, দলমতনির্বিশেষে সবাইকে সঙ্গে নিয়েই এগিয়ে যেতে হবে।

এ সময় প্রধানমন্ত্রী তারেক রহমান ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে শহীদদের গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন। পাশাপাশি ২০২৪ সালের ছাত্র-জনতার গণতান্ত্রিক আন্দোলনে যাঁরা প্রাণ দিয়েছেন, তাঁদের প্রতিও শ্রদ্ধা জানান তিনি। শেষে দেশবাসীর সুখ, শান্তি ও সমৃদ্ধি কামনা করে সবাইকে ঈদের শুভেচ্ছা ও মোবারকবাদ জানান প্রধানমন্ত্রী।



বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু

## দেশে তেলের কোনো সংকট নেই, সরবরাহ অব্যাহত

পরিচয় ডেস্ক: দেশে তেলের সংকট নেই বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু। তিনি বলেন, ‘দেশে তেলের কোনো সংকট নেই। সরবরাহ অব্যাহত আছে। তবে ঈদের কারণে গত দুই দিন *বাকি অংশ ৩৬ পৃষ্ঠায়*

## আধিপত্যের লড়াইয়ে রক্ত ঝরছে, রাজনৈতিক কোন্দলে বাড়ছে সহিংসতা


পরিচয় ডেস্ক: দেশজুড়ে হঠাৎ করে বেড়েছে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে সংঘর্ষ ও সহিংসতার ঘটনা। এসব ঘটনায় প্রাণহানির পাশাপাশি আহত হচ্ছেন অনেকেই। ফেব্রুয়ারির জাতীয় নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) সরকার গঠন করে। এরপর থেকে এ ধরনের সংঘর্ষের প্রবণতা আরও বেড়েছে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।



দেশের বিভিন্ন এলাকায় একের পর এক সংঘর্ষে রাজনৈতিক দলের নেতাকর্মীদের সম্পৃক্ততার অভিযোগ উঠছে। প্রশ্ন উঠেছে, এসব সহিংসতার পেছনে কারা কলকাঠি নাড়ছে, কেনই-বা তাদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা নেওয়া যাচ্ছে না। শাস্তির অভাবে জনমনে যেমন আতঙ্ক বাড়ছে, তেমনই তৈরি হচ্ছে নানা সংশয়।

বিশ্লেষকরা বলছেন, স্থানীয়ভাবে প্রভাব বিস্তার, চাঁদাবাজির নিয়ন্ত্রণ এবং একক কর্তৃত্ব প্রতিষ্ঠার প্রতিযোগিতাই এসব সংঘাতের মূল কারণ। পাশাপাশি দলীয় নতুন ও পুরোনো গ্রুপের দ্বন্দ্বও সহিংসতাকে উসকে দিচ্ছে।

তারা বলছেন, আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে চলমান এই সহিংসতা আইনশৃঙ্খলা পরিস্থিতির ওপর নতুন *বাকি অংশ ৪৫ পৃষ্ঠায়*



## যুক্তরাষ্ট্রের সঙ্গে চুক্তি বাস্তবায়নে কাজ করবে সরকার

পররাষ্ট্র প্রতিমন্ত্রী

মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে হওয়া অন্তর্বর্তী সরকারের চুক্তি বাস্তবায়নে সরকার কাজ করবে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ। তিনি বলেন, ‘দেশের স্বার্থ বজায় রেখে যুক্তরাষ্ট্রের সঙ্গে অন্তর্বর্তী সরকারের চুক্তি বাস্তবায়নে যাবে *বাকি অংশ ৩৮ পৃষ্ঠায়*

## মব সৃষ্টি করতে দেব না আমরা, যেকোনো মব শক্ত হাতে দমন করা হবে: মির্জা ফখরুল

পরিচয় ডেস্ক: সভায় মির্জা ফখরুল বলেন, ‘আমরা কাজ করতে এসেছি। কাজ করে, আরও পরিশ্রম করে বেহেশতে যাব।’

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী এবং বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, মব সৃষ্টি করতে দেব না আমরা। যেকোনো মব শক্ত হাতে দমন করা হবে।




সোমবার (২৩ মার্চ) সকালে ঠাকুরগাঁও সদর উপজেলার নেহা নদী পুনঃখনন কাজের উদ্বোধন শেষে আয়োজিত এক সভায় তিনি এ হুঁশিয়ারি দেন।

নিজ দলের নেতা-কর্মীসহ সবাইকে সতর্ক করে তিনি বলেন,ওইরান-আমেরিকা যুদ্ধে আমাদেরও অনেক ক্ষতি হয়েছে। জ্বালানি তেল নিয়ে সমস্যা তৈরি হয়েছে। কদিন আগে দেখলাম তেল না পেয়ে কিছু লোক পেট্রোল পাম্প ভেঙে দিয়েছে। এভাবে মব সৃষ্টি করতে দেব না আমরা। যেকোনো মব শক্ত হাতে দমন করা হবে৺

ওখাল কাটা হলে সারা, দূর হবে বন্যা খরা৺ প্রতিপাদ্যকে সামনে রেখেওদেশব্যাপী নদী নালা খাল, জলাধার খনন ও পুনঃখনন৺ কর্মসূচির আওতায় এ কার্যক্রম উদ্বোধন করা হয়।

সভায় মির্জা ফখরুল বলেন, ওআমরা কাজ করতে এসেছি। কাজ করে, আরও পরিশ্রম করে বেহেশতে যাব৺

সততার সঙ্গে খাল খনন কর্মসূচি বাস্তবায়নের আহ্বান জানিয়ে তিনি বলেন, সারা বাংলাদেশে ২০ হাজার খাল খনন করা হবে। ১৯৭৬ সালে আমাদের প্রধানমন্ত্রী তারেক রহমানের বাবা প্রেসিডেন্ট জিয়াউর রহমান প্রথম খাল কাটা *বাকি অংশ ৪৫ পৃষ্ঠায়*

## প্রেসিডেন্টের প্রতিষ্ঠান নিয়ে নয়, ব্যক্তি নিয়ে আপত্তি রয়েছে: জামায়াতের আমির



পরিচয় ডেস্ক: দেশের বর্তমান রাষ্ট্রপতির ভূমিকা নিয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান বলেছেন, ব্যক্তি ও প্রতিষ্ঠানকে আলাদাভাবে দেখতে হবে। প্রেসিডেন্টের প্রতিষ্ঠান নিয়ে তাঁদের নেতিবাচক অবস্থান নেই, তবে ব্যক্তি নিয়ে তাঁদের আপত্তি রয়েছে। তিনি আশা প্রকাশ করেন, সরকারি দল জাতির আকাঙ্ক্ষা বিবেচনায় এ বিষয়ে সিদ্ধান্ত নেবে।

রোববার সকালে সিলেট সার্কিট হাউসে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় শফিকুর রহমান এ কথা বলেন।

শফিকুর রহমান বলেন, ফ্যাসিবাদ বিদায় নেয়নি, ফ্যাসিবাদের একটি বড় স্টেকহোল্ডার বিদায় নিয়েছে। *বাকি অংশ ৪৫ পৃষ্ঠায়*

# ব্রিটিশ সরকারের সতর্কতা: ঝুঁকিতে হাজারো বাংলাদেশির এপ্রিলের ছুটি

পরিচয় ডেস্ক:মধ্যপ্রাচ্যে ক্রমবর্ধমান যুদ্ধ পরিস্থিতি এবং ভূ-রাজনৈতিক অস্থিরতার প্রেক্ষাপটে ২০২৬ সালের এপ্রিলের ছুটিতে বাংলাদেশসহ দক্ষিণ এশিয়া ভ্রমণে ইচ্ছুক ব্রিটিশ নাগরিকদের জন্য জরুরি ও নতুন দিকনির্দেশনা জারি করেছে যুক্তরাজ্যের ফরেন, কমনওয়েলথ অ্যান্ড ডেভেলপমেন্ট অফিস। প্রতি বছর এই মৌসুমে বাংলাদেশ, ভারত ও পাকিস্তান ভ্রমণের ধুম পড়লেও এবার নির্দেশনায় বলা হয়েছে, আন্তর্জাতিক আকাশপথ এখন সরাসরি ঝুঁকির মুখে। মহামারির পরবর্তী সময়ে বিদেশের মাটিতে আটকা পড়ার এমন গুরুতর ঝুঁকি এর আগে আর দেখা যায়নি। তাই যাত্রার আগে বিমা এবং পেশাগত দায়বদ্ধতা পুনরায় যাচাইয়ের জন্য নাগরিকদের অনুরোধ জানানো হয়েছে।

পরিবার নিয়ে ভ্রমণকারীদের জন্য প্রধান চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে মধ্যপ্রাচ্যের ট্রানজিট পয়েন্টগুলো। যুক্তরাজ্য থেকে দক্ষিণ এশিয়ায় আসার জন্য এই রুটগুলোই প্রধান মাধ্যম। মার্চের শেষ নাগাদ হাজার হাজার ফ্লাইট বাতিল বা রুট পরিবর্তন করা হয়েছে। এর ফলে ভ্রমণের সময় ও খরচ




উভয়ই উল্লেখযোগ্যভাবে বেড়েছে। আকস্মিক আকাশপথ বন্ধ হয়ে যাওয়ার ফলে কেউ যদি আটকা পড়েন, তবে ব্রিটিশ সরকারের পরামর্শ হলো- যতক্ষণ না বাণিজ্যিক ফ্লাইট পুনরায় চালু হচ্ছে, ততক্ষণ নিরাপদ স্থানে অবস্থান করা। স্কুলপড়ুয়া সন্তানদের নিয়ে যারা ভ্রমণে আসছেন, তাদের জন্য ঝুঁকি আরও বেশি। যুক্তরাজ্য সরকারের শিক্ষা বিভাগ সাধারণত বিদেশের যুদ্ধ বা অস্থিরতাকে 'বিশেষ পরিস্থিতি' হিসেবে গণ্য করে না। ফলে সময়মতো ক্লাসে ফিরতে না পারলে অভিভাবকদের বড় অংকের জরিমানা গুণতে হতে পারে।

ইউনিভার্সাল ক্রেডিট ও কর্মসংস্থান ঝুঁকি

যারা যুক্তরাজ্যে ইউনিভার্সাল ক্রেডিট সুবিধা পান, তাদের জন্য দীর্ঘস্থায়ী ভ্রমণ সংকট ডেকে আনতে পারে আর্থিক বিপর্যয়। নিয়ম অনুযায়ী, একজন প্রাপক সর্বোচ্চ এক মাস দেশের বাইরে থাকতে পারেন, যদি তিনি কাজের জন্য প্রস্তুত থাকেন। যুদ্ধের কারণে ফ্লাইট বন্ধ হয়ে যদি এই সময়সীমা পার হয়ে যায়, তবে সংশ্লিষ্ট ব্যক্তির বেনিফিট বা সরকারি ভাতা স্থগিত বাকি অংশ ৪৫ পৃষ্ঠায়

# নারীর ক্ষমতায়ন ও ন্যায়বিচার নিশ্চিতে বাংলাদেশ অঙ্গীকারবদ্ধ: পররাষ্ট্রমন্ত্রী



পরিচয় ডেস্ক: নারীর ক্ষমতায়ন ও ন্যায়বিচার নিশ্চিতে বাংলাদেশ অঙ্গীকারবদ্ধ বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। মঙ্গলবার (১৭ মার্চ) সকালে নিউ ইয়র্কে জাতিসংঘ সদর দফতরে অনুষ্ঠিত নারীর অবস্থা বিষয়ক কমিশনের ৭০তম অধিবেশন বক্তব্য প্রদানকালে এ কথা বলেন।

বেইজিং ঘোষণা ও কর্মপরিকল্পনা এবং ২০৩০ সালের টেকসই উন্নয়ন সূচকের লক্ষ্য এগিয়ে নেওয়ার বিষয়ে বাংলাদেশের পূর্ণ অঙ্গীকার পুনর্ব্যক্ত করে পররাষ্ট্রমন্ত্রী জোর দিয়ে বলেন, "নারী ও কন্যাশিশুর জন্য ন্যায়বিচার নিশ্চিত করা বাংলাদেশের অন্যতম প্রধান অগ্রাধিকার। পরিচয় বা আর্থ-সামাজিক অবস্থান নির্বিশেষে সকল নারী ও কন্যাশিশুর জন্য ন্যায়বিচার উন্মুক্ত হতে হবে, যাতে তারা নির্ভয়ে ও কোনও প্রতিবন্ধকতা ছাড়াই আইনি সুরক্ষা পেতে পারে।" পররাষ্ট্রমন্ত্রী আরও বলেন, "জাতিসংঘের শান্তিরক্ষা অভিযানগুলোতে বাংলাদেশি নারীদের গুরুত্বপূর্ণ অবদান বিশেষভাবে লক্ষণীয়। জলবায়ু পরিবর্তন, অর্থনৈতিক অস্থিরতা, সংঘাত এবং ডিজিটাল বিভাজন নতুন প্রতিবন্ধকতা সৃষ্টি করছে, যা বিশেষভাবে গ্রামীণ ও ঝুঁকিপূর্ণ সম্প্রদায়ের নারীদের ওপর প্রভাব ফেলে। এসব চ্যালেঞ্জ মোকাবিলায় বাংলাদেশ নারী নেতৃত্বের মাধ্যমে বিচার ব্যবস্থাকে শক্তিশালী করণ এবং মানবপাচার প্রতিরোধে আঞ্চলিক ও আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধির প্রস্তাব করছে।"



# 'কৃষক কার্ড' কার্যক্রম এগিয়ে নিতে প্রধানমন্ত্রীর নির্দেশ

পরিচয় ডেস্ক: কৃষকদের জন্য আধুনিক ও সমন্বিত সেবা নিশ্চিত করতে 'কৃষক কার্ড' প্রণয়ন কার্যক্রম এগিয়ে নিতে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় দিকনির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। মঙ্গলবার (১৭ মার্চ) দুপুরে সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের নিজ কার্যালয়ে কৃষক কার্ড প্রণয়ন সংক্রান্ত সেলের সঙ্গে এক বৈঠকে তিনি এসব নির্দেশনা দেন।

বৈঠকে কৃষকদের একটি সমন্বিত ডাটাবেজ তৈরি, ভর্তুকি ও প্রণোদনা সরাসরি পৌঁছে দেওয়া এবং ডিজিটাল ব্যবস্থার মাধ্যমে কৃষি সেবা সহজীকরণের ওপর গুরুত্বারোপ করা হয়।

কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ এবং খাদ্য মন্ত্রণালয়ের মন্ত্রী বাকি অংশ ৪৫ পৃষ্ঠায়



# ঈদে এনসিপির ব্যতিক্রমী উদ্যোগ 'শহীদী মোলাকাত'

পরিচয় ডেস্ক: পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে 'শহীদী মোলাকাত' নামে ব্যতিক্রমী কর্মসূচি পালন করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। এতে জুলাই গণঅভ্যুত্থানের শহীদ পরিবারের সদস্যদের বাসায় ঈদের শুভেচ্ছা বিনিময় ও শহীদদের কবরস্থানে দোয়া মোনাজাত করেন দলটির নেতারা।

এনসিপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আদীবের নেতৃত্বে প্রতিনিধি দলটি বৃহত্তর উত্তরার শহীদ আরাফাত হোসেন শাহাদাৎ, শহীদ মীর মাহফুজুর রহমান মুগ্ধ, শহীদ রিদোয়ান শরীফ রিয়াদ (জয়) ও শহীদ জাবির ইব্রাহিমের কবর জিয়ারত এবং পরিবারের সদস্যদের সঙ্গে ঈদের শুভেচ্ছা বিনিময় করেন।

প্রতিনিধি দলে আরও বাকি অংশ ৩৮ পৃষ্ঠায়

স্বাধীনতা দিবসের কর্মসূচি ঘোষণা

# এখন নির্ভয়ে কথা বলা যায়: রিজভী

পরিচয় ডেস্ক: বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা রুহুল কবির রিজভী বলেছেন, সরকারের সমালোচনা করার পরও কেউ রাষ্ট্রীয় নির্যাতনের শিকার হননি।



এখন কমপক্ষে নির্ভয়ে কথা বলা যায়। রবিবার (২২ মার্চ) দুপুরে রাজধানীর নয়াপল্টনে মহান স্বাধীনতা দিবসের কর্মসূচি ঘোষণা উপলক্ষে সংবাদ সম্মেলনে তিনি বাকি অংশ ৪৫ পৃষ্ঠায়




# কূটনীতিকদের সঙ্গে জামায়াতের ঈদের শুভেচ্ছা বিনিময়

পরিচয় ডেস্ক: বাংলাদেশে নিযুক্ত বিভিন্ন দেশের কূটনীতিকদের সঙ্গে ঈদের শুভেচ্ছা বিনিময় করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। শনিবার (২১ মার্চ) দুপুরে রাজধানীর মিন্টো রোডে বিরোধীদলীয় নেতার সরকারি বাসভবনে এ শুভেচ্ছা বিনিময় হয়।

পবিত্র ঈদুল ফিতরের শুভেচ্ছা বিনিময়ের জন্য আয়োজিত এ অনুষ্ঠানে আসেন অস্ট্রেলিয়া, যুক্তরাজ্য, জাপান, ভারত, ব্রুনেই, ফিলিপাইন, বাকি অংশ ৪৫ পৃষ্ঠায়

# মধ্যপ্রাচ্যে পর্যটন খাতে ২০ দিনে ক্ষতি ১২ বিলিয়ন ডলার ছাড়াল

পরিচয় ডেস্ক: এ সংঘাতের ফলে অঞ্চলটির পর্যটন ও এভিয়েশন খাতে নজিরবিহীন ধস নেমেছে। যুদ্ধের মাত্র ২০ দিনের মাথায় পর্যটনসংশ্লিষ্ট আর্থিক ক্ষতির পরিমাণ ১২ বিলিয়ন ডলার ছাড়িয়ে গেছে। খবর আনাদোলু। চলমান সংকটে সৌদি আরব, কাতার, সংযুক্ত আরব আমিরাত ও বাহরাইনের মতো উপসাগরীয় দেশগুলো সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। মধ্যপ্রাচ্যের আকাশপথ ও পর্যটন কেন্দ্রগুলো স্থবির হয়ে পড়ায় এ দেশগুলোর অর্থনীতি বড় ধরনের ধাক্কা খেয়েছে। ওয়ার্ল্ড ট্রাভেল অ্যান্ড ট্যুরিজম কাউন্সিলের (ডব্লিউটিটিসি) তথ্যমতে, অঞ্চলটিতে আন্তর্জাতিক পর্যটকদের প্রতিদিনের ব্যয় অন্তত ৬০ কোটি ডলার কমেছে। হিসাবটি যুদ্ধের প্রথম ২০ দিনের ওপর ভিত্তি করে করা হয়েছে। এতে শুধু পর্যটকদের সরাসরি ব্যয়ের কথা বলা হয়েছে। এয়ারলাইনসগুলোর পরিচালনা ক্ষতি, জ্বালানির বর্ধিত দাম ও ফ্লাইট বাতিলের মতো বিষয়গুলো এ হিসাবের বাইরে রয়েছে।



ফলে বিশেষজ্ঞরা মনে করছেন, প্রকৃত আর্থিক ক্ষতির পরিমাণ আরো অনেক বেশি। যুদ্ধের প্রথম ২৪ ঘণ্টায় এ অঞ্চলে ৩ হাজার ৪০০টিরও বেশি ফ্লাইট বাতিল হয়। আকাশপথ অনিরাপদ হওয়ায় লুফথানসা ও এয়ার ফ্রান্স-কেএলএমের মতো ইউরোপীয় বিমান সংস্থাগুলো এপ্রিল পর্যন্ত এ অঞ্চলে নিজেদের কার্যক্রম স্থগিত করেছে। তুরস্কের টার্কিশ এয়ারলাইনস ও পেগাসাসও ঝুঁকিপূর্ণ এলাকায় ফ্লাইট চলাচল বন্ধ রেখেছে। এমিরেটস ও ইতিহাদ অল্প পরিসরে বিমান চালালেও প্রয়োজনের তুলনায় তা কম।

দুবাই ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট ২০২৫ সালে ৯ কোটি ৫২ লাখ যাত্রী সামলে বিশ্ব রেকর্ড গড়েছিল। বর্তমানে এ ব্যস্ত বিমানবন্দরের কার্যক্রম থমকে গেছে। কাতারের হামাদ আন্তর্জাতিক বিমানবন্দরের ট্রানজিট ফ্লাইটগুলোও এখন প্রায় বন্ধ। যুদ্ধের আশঙ্কায় পর্যটকরা বুকিং বাতিল করছেন। শুধু যুদ্ধের প্রথম সপ্তাহেই দুবাইয়ের *বাকি অংশ ২৮ পৃষ্ঠায়*

# করছাড় কমলেও বাংলাদেশের কর-জিডিপি অনুপাত এখনও বিশ্বে অন্যতম সর্বনিম্ন

পরিচয় ডেস্ক: সরকার রাজস্ব আহরণ বাড়াতে করছাড় নীতিতে পরিবর্তন আনায় ২০২০-২১ থেকে ২০২২-২৩ অর্থবছরের মধ্যে করছাড় উল্লেখযোগ্যভাবে কমেছে। তবে এরপরও বাংলাদেশের কর-জিডিপি অনুপাত এখনও বিশ্বের সর্বনিম্নগুলোর একটি রয়ে গেছে।

জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সর্বশেষ ট্যাক্স এক্সপেন্ডিচার (করব্যয়) রিপোর্ট অনুযায়ী, ২০২০-২১ অর্থবছরে করছাড় ছিল ১ লাখ ২৫ হাজার ৮১৪ কোটি টাকা, যা ২০২২-২৩ অর্থবছরে কমে দাঁড়িয়েছে ১ লাখ ৭ হাজার ১৩২ কোটি টাকায়। অর্থাৎ, এই সময়ে করছাড় কমেছে ১৮ হাজার ৬৮২ কোটি টাকা।

২০২২-২৩ অর্থবছরে দেশের কর-জিডিপি অনুপাত ছিল ৭.৩০ শতাংশের সামান্য বেশি। পরবর্তী অর্থবছরে তা আরও কমে ৬.৭৩ শতাংশে নেমে আসে। *বাকি অংশ ৩২ পৃষ্ঠায়*







# অনিশ্চিত ৩ লাখ টন ক্রুডের চালান, তেলবাহী জাহাজের নিরাপদ যাত্রায় তেহরানের সহায়তা চায় ঢাকা

পরিচয় ডেস্ক: মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধের কারণে সৃষ্ট বিঘ্নের মধ্যে বাংলাদেশগামী অপরিশোধিত তেলবাহী জাহাজগুলো যাতে নিরাপদে হরমুজ প্রণালি পেরিয়ে আসতে পারে, সে জন্য ইরানের কাছে কূটনৈতিক সহায়তা চেয়েছে ঢাকা।

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ গতকাল ঢাকায় অবস্থিত ইরানি দূতাবাসে একটি চিঠি পাঠিয়েছে।

এতে বাংলাদেশগামী অপরিশোধিত তেলবাহী জাহাজ চলাচল সহজ করতে সহযোগিতা চাওয়া হয়েছে বলে কর্মকর্তারা দ্য বিজনেস স্ট্যান্ডার্ডকে (টিবিএস) জানিয়েছেন।

এই অনুরোধের পেছনে কারণ হলো- মোট ৩ লাখ টন অপরিশোধিত তেল বহনকারী তিনটি চালানের আগমন এখন অনিশ্চিত হয়ে পড়েছে। বৈশ্বিক তেল বাণিজ্যের গুরুত্বপূর্ণ রুট হরমুজে নিরাপত্তা উদ্বেগের কারণে জাহাজ চলাচল ব্যাহত হওয়ায় এই পরিস্থিতি তৈরি হয়েছে।

জ্বালানি বিভাগ তাদের অনুরোধটি পররাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠিয়ে ইরান সরকারের সঙ্গে কূটনৈতিক যোগাযোগের উদ্যোগ নেওয়ার আহ্বান জানিয়েছে।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের পশ্চিম এশিয়া ডেস্কের মহাপরিচালকের কাছে পাঠানো ওই চিঠিতে ইরান সরকারের সঙ্গে বিষয়টি নিয়ে যোগাযোগের অনুরোধ করা হয়েছে।

এদিকে পেট্রোলপাম্পে জ্বালানি সংকটের অভিযোগ ও যানবাহনের দীর্ঘ সারির মধ্যে সরকার গতকাল পেট্রোল, অকটেন ও ডিজেলের ওপর আরোপিত রেশনিং ব্যবস্থা পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত প্রত্যাহার করেছে, যাতে ঈদের সময় সাধারণ মানুষের ভোগান্তি কমে।

মধ্যপ্রাচ্যের যুদ্ধের কারণে বৈশ্বিক জ্বালানি সরবরাহপথ ব্যাহত হওয়ায় নির্দিষ্ট কিছু যানবাহনের জন্য জ্বালানি কেনায় আগে সীমাবদ্ধতা আরোপ করেছিল সরকার। *বাকি অংশ ৩৬ পৃষ্ঠায়*



# বৈশ্বিক শেয়ারবাজারে মিশ্র প্রবণতা

পরিচয় ডেস্ক: ফলে ইউরোপ ও এশিয়ার শেয়ারবাজারগুলোয় দেখা গেছে মিশ্র প্রবণতা। যুদ্ধের শুরু থেকে তেলের দাম বেড়ে যাওয়া এবং সাপ্লাই চেইন ব্যাহত হওয়ায় বিনিয়োগকারীদের মধ্যে দুশ্চিন্তা বাড়িয়ে দিয়েছে। খবর এপি।

শেয়ারবাজারের তথ্যে দেখা গেছে, জাপানের নিক্কেই ২২৫ ইনডেক্স দশমিক ১ শতাংশ কমেছে, অন্যদিকে দক্ষিণ কোরিয়ার কসপি সূচক ১ দশমিক ৬ শতাংশ বেড়েছে। হংকংয়ের হ্যাং সেং সূচক সামান্য বাড়লেও সাংহাই *বাকি অংশ ৩২ পৃষ্ঠায়*



# ১৯৮৩ সালের পর স্বর্ণের দামে সবচেয়ে বড় সাপ্তাহিক পতন

পরিচয় ডেস্ক: মধ্যপ্রাচ্যে ইরান-ইসরায়েল যুদ্ধের প্রভাবে বিশ্ব অর্থনীতি যখন টালমাটাল, তখন বিনিয়োগের ক্ষেত্রে নিরাপদ আশ্রয় হিসেবে পরিচিত স্বর্ণের বাজারদরে বড় পতন হয়েছে।

গত সপ্তাহে আন্তর্জাতিক বাজারে স্বর্ণের দাম ১১ শতাংশ কমেছে। ১৯৮৩ সালের পর এটিই মূল্যবান ধাতুটির দামে সবচেয়ে বড় সাপ্তাহিক পতন।

সিএনএন ও *বাকি অংশ ৪৫ পৃষ্ঠায়*


GOLDEN AGE HOME CARE
GOLDEN AGE
HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্থ কেয়ার এজেন্সী
আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE
সেবা প্রদানকারী প্রতিষ্ঠান
PCA HOME CARE সেবা নিতে চান?
আমাদের সাথে যোগাযোগ করুন
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে
আপনাকে HOME CARE সার্ভিস -এ এনরোল
করে নেব এবং সব সধরনের সেবা প্রদান করবো
Please Contact
Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.
Tel: 718-775-7852
Cell: 646-591-8396 Text: 646-591-8396
Email: shah@goldenagehomecare.com
JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115
BRONX OFFICE
3789 East Tremont Avenue
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834
HILLSIDE AVE. OFFICE
170-18A Hillside Ave Jamaica, NY 11432
Ph: 718-530-1820, Fax: 917-396-4115
BROOKLYN OFFICE
516 McDonald Ave Brooklyn, NY 11218
Ph: 718-540-8870, Fax: 917-396-4115
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com

# জ্বালানিসংকট মোকাবিলায় যেসব পদক্ষেপ নিচ্ছে বিভিন্ন দেশ

পরিচয় ডেস্ক: মধ্যপ্রাচ্যে ক্রমবর্ধমান সংঘাতের জেরে বিশ্ব জ্বালানিবাজারে নজিরবিহীন সংকট সৃষ্টি হয়েছে। এ পরিস্থিতি মোকাবিলায় জ্বালানি সাশ্রয় ও অর্থনীতি সচল রাখতে কঠোর পদক্ষেপ নিতে বাধ্য হচ্ছে বিশ্বের বিভিন্ন দেশ। বিশ্বের মোট অপরিশোধিত তেল ও গ্যাসের এক-পঞ্চমাংশ হরমুজ প্রণালি দিয়ে পরিবহন করা হয়। গত ২৮ ফেব্রুয়ারি ইরানের ওপর যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার পর গুরুত্বপূর্ণ এই সমুদ্রপথ কার্যত বন্ধ রয়েছে। যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলা শুরুর পর থেকে ইরানের ইসলামি বিপ্লবী গার্ড বাহিনী (আইআরজিসি) এই ১৬৭ কিলোমিটার দীর্ঘ এই সমুদ্রপথ দিয়ে পার হতে চাওয়া বেশ কিছু জাহাজে হামলা চালিয়েছে। এর ফলে হরমুজ প্রণালির উভয় পাশে ভয়াবহ অচলাবস্থা তৈরি হয়েছে।

বিদ্যমান পরিস্থিতিতে এশিয়া থেকে আফ্রিকা এবং ইউরোপের সরকারগুলো সরকারি ছুটি ঘোষণা, বাধ্যতামূলকভাবে বাসা থেকে কাজ (ওয়ার্ক ফ্রম হোম), জ্বালানি রেশনিং এবং শিল্পকারখানা বন্ধ রাখার



মতো জরুরি ব্যবস্থা গ্রহণ করেছে।

স্কুল বন্ধ ও কিউআর কোডে জ্বালানি

শ্রীলঙ্কায় স্কুল, বিশ্ববিদ্যালয় এবং অতীব জরুরি নয় এমন সরকারি চাকরিজীবীদের জন্য বাধ্যতামূলক ছুটি ঘোষণা করা হয়েছে। কিউআর কোডভিত্তিক ‘ন্যাশনাল ফুয়েল পাস’ সিস্টেমের মাধ্যমে ব্যক্তিগত যানবাহনের জন্য সপ্তাহে সর্বোচ্চ ১৫ লিটার পেট্রল বিক্রি করা হচ্ছে।

ভুটানে মজুতদারি রোধে জেরি ক্যানে তেল বিক্রি নিষিদ্ধ করা হয়েছে এবং জরুরি সেবাকে অগ্রাধিকার দিয়ে রেশনিং ব্যবস্থা চালু হয়েছে।

পাকিস্তানে সরকারি চাকরিজীবীদের জন্য সপ্তাহে চার দিন কর্মদিবস নির্ধারণ এবং সরকারি দপ্তরে জ্বালানি বরাদ্দ ৫০ শতাংশ কমানো হয়েছে।

ফিলিপাইনে সরকারি চাকরিজীবীদের জন্য চার দিনের কর্মসপ্তাহ চালু এবং অপ্রয়োজনীয় সরকারি ভ্রমণ সীমিত করা হয়েছে।

ভিয়েতনামে যতটুকু সম্ভব প্রতিষ্ঠানে উপস্থিত না থেকে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার পরামর্শ দেওয়া হয়েছে *বাকি অংশ ৪৩ পৃষ্ঠায়*



## পাকিস্তানকে জবাব দিল আফগানিস্তান, চালাল ড্রোন হামলা

পরিচয় ডেস্ক: পাকিস্তানের বিভিন্ন স্থাপনা লক্ষ্য করে আফগানিস্তান ড্রোন হামলা চালিয়েছে বলে দাবি করেছে ইসলামাবাদ। আফগানিস্তানের তিনটি অঞ্চলে পাকিস্তানের বিমান হামলার পর এ হামলা চালানো হলো। গত শুক্রবার রাতে এ হামলা হয় বলে জানিয়েছে পাকিস্তানের সামরিক বাহিনী।

পাকিস্তানের সামরিক বাহিনীর দেওয়া তথ্য অনুযায়ী, *বাকি অংশ ৪৩ পৃষ্ঠায়*

## ইসরায়েলকে ‘ফিলিস্তিনিদের নিপীড়নের লাইসেন্স দেওয়া হয়েছে’: আলবানিজ

পরিচয় ডেস্ক: ইসরায়েলকে ‘কার্যত ফিলিস্তিনিদের ওপর নিপীড়ন চালানোর লাইসেন্স দেওয়া হয়েছে’ বলে অভিযোগ করেছেন ফ্রানচেসকা আলবানিজ। দখলকৃত ফিলিস্তিনি ভূখণ্ডে নিয়োজিত জাতিসংঘের বিশেষ এই প্রতিনিধি সোমবার জেনেভায় মানবাধিকার পরিষদে একটি নতুন প্রতিবেদন পেশ করার সময় এই অভিযোগ করেন।

আলবানিজ বলেন, এই প্রতিবেদনে ‘ফিলিস্তিনি জনগণের বিরুদ্ধে চলমান জাতিগত নিধন’ নথিভুক্ত করা হয়েছে।

জাতিসংঘের বিশেষ এই প্রতিনিধি জানান, প্রতিবেদনে তিনি ইসরায়েলের ‘ব্যাপক ও পরিকল্পিতভাবে নিপীড়ন এবং ফিলিস্তিনিদের জন্য কীভাবে যন্ত্রণাদায়ক পরিবেশ তৈরি করা’ হয়েছে, সেটার বিস্তারিত বর্ণনা দিয়েছেন।

ফিলিস্তিনিদের নিপীড়নে বিভিন্ন দেশের সরকার ইসরায়েলকে প্ররোচনা দিচ্ছে



বলে অভিযোগ করেন আলবানিজ। তিনি বলেন, ইসরায়েলকে ‘কার্যত ফিলিস্তিনিদের ওপর নিপীড়ন চালানোর লাইসেন্স দেওয়া হয়েছে। কারণ, অধিকাংশ দেশের সরকার ও তাদের মন্ত্রীরা এর অনুমতি দিয়েছেন।’

আলবানিজের নতুন প্রতিবেদন অনুযায়ী, ২০২৩ সালের অক্টোবর থেকে ২০২৬ সালের জানুয়ারি মাসের মধ্যে ইসরায়েলি বাহিনী শিশুসহ সাড়ে ১৮ হাজারের বেশি ফিলিস্তিনিকে গ্রেপ্তার করেছে।

## ৫০ বছরে কখনো হাসপাতালে যাননি শতবর্ষী নারী



পরিচয় ডেস্ক: চীনের একটি ছোট্ট গ্রামে বাস করেন ১০২ বছর বয়সী এক নারী। তাঁর জীবনযাপনের গল্প সম্প্রতি ইন্টারনেটে আলোড়ন তুলেছে, বহু মানুষের মন জয় করেছে। ওই নারীর নাম জিন বাওলিং। তিনি চীনের ঝেজিয়াং প্রদেশের তাইঝৌয়ের একটি গ্রামে বসবাস করেন। তাঁর ছেলে, ছেলের বউ এবং নাতিনাতনিরা নিয়মিত তাঁকে দেখতে যান। হাসিখুশি স্বভাবের জিন গ্রামে বেশ জনপ্রিয়। গ্রামের বাসিন্দারা সবাই শতবর্ষী এই নারীকে ভালোবাসেন, আদর করে ‘ওল্ড বেবি’ ডাকেন।

তাইঝৌ ইভিনিং নিউজের খবর অনুযায়ী, শত বছর বয়স হলেও জিন এখনো খুবই বুদ্ধিদীপ্ত এবং *বাকি অংশ ৪৩ পৃষ্ঠায়*

## যুদ্ধের কারণে দুবাইয়ে সম্পত্তির দাম কমছে

পরিচয় ডেস্ক: দুবাইয়ের আবাসন খাতে লেনদেনের পরিমাণ দ্রুত কমছে। কিছু আবাসন এজেন্ট দাম কমানোর ইঙ্গিত দিচ্ছেন।

ইরানে যৌথভাবে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার পর মধ্যপ্রাচ্য জুড়ে সংঘাত ছড়িয়ে পড়েছে। এই যুদ্ধ তিন সপ্তাহ পেরিয়ে চার সপ্তাহে পড়েছে। এরই মধ্যে দুবাইয়ের প্রোপার্ট মার্কেট বা সম্পত্তির বাজারে শ্লথগতি দেখা যাচ্ছে। আবাসন খাতে লেনদেনের পরিমাণ দ্রুত কমছে। কিছু আবাসন এজেন্ট দাম কমানোর ইঙ্গিত দিচ্ছেন।



মূলত যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার পাল্টা জবাব হিসেবে সংযুক্ত আরব আমিরাতসহ (ইউএই) উপসাগরীয় দেশে থাকা মার্কিন ঘাঁটিতে হামলা চালিয়ে ইরান। পরবর্তী সময়ে দেশগুলোর অন্যান্য স্থাপনাতেও হামলা হয়। এ কারণে ইউএইর বাণিজ্যিক কেন্দ্র দুবাইয়ের ‘নিরাপদ আশ্রয়স্থল’ হিসেবে গড়ে ওঠা ভাবমূর্তি ক্ষতিগ্রস্ত হয়েছে, যা এত দিন বিশ্বজুড়ে ধনীদের আকর্ষণ করত। খবর ডনের।

চলতি সপ্তাহে প্রকাশিত যুক্তরাষ্ট্রের বহুজাতিক বিনিয়োগ ব্যাংক ও আর্থিক সেবাদাতা প্রতিষ্ঠান গোল্ডম্যান স্যাকসের বিশ্লেষকদের এক নোট অনুযায়ী, চলতি মার্চের প্রথম ১২ দিনে ইউএইর আবাসন খাতে লেনদেনের পরিমাণ গত বছরের একই সময়ের তুলনায় ৩৭ শতাংশ কমেছে। একইভাবে গত মাসের (ফেব্রুয়ারি) একই সময়ের তুলনায় লেনদেন পরিমাণ ৪৯ শতাংশ কম।

ইতিমধ্যে ইউএইর কিছু সম্পত্তি বড় ছাড়ে বিক্রির প্রস্তাব দেওয়া হচ্ছে। রিয়েল এস্টেট এজেন্টদের তথ্য ও রয়টার্সের পর্যালোচনা করা সামাজিক যোগাযোগমাধ্যমের বার্তা অনুযায়ী, সম্পত্তির দাম কোথাও কোথাও ১২-১৫ শতাংশ পর্যন্ত কমানো হয়েছে।

উদাহরণস্বরূপ, বিশ্বের সবচেয়ে উঁচু ভবন বুর্জ *বাকি অংশ ৪৩ পৃষ্ঠায়*


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR
ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
elderplan
Anthem
Hamaspik
RiverSpring Living
MetroPlus Health
S W H
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416



# রাশিয়ার স্বার্থের খেলায় ইরান কি কেবলই একটি ঘুঁটি



কারাম নামা

ইরানের নেতৃত্ব ও জনগণের কাছে ভ্লাদিমির পুতিন যে নওরোজ বা নববর্ষের শুভেচ্ছা পাঠিয়েছেন, যুদ্ধের এই আবহে তার রাজনৈতিক গুরুত্ব একটি মৌসুমি পোস্টকার্ডের চেয়ে বেশি কিছু নয়। ক্রেমলিন থেকে ঘোষণা করা হয়েছে যে পুতিন ইরানের নববর্ষ উপলক্ষে মোজতবা খামেনি এবং প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ানকে অভিনন্দন জানিয়েছেন।
কিন্তু মস্কোর কৌশলগত মানসিকতা সম্পর্কে যাঁদের ন্যূনতম ধারণা আছে, তাঁরা জানেন যে পুতিন কারোর জন্যই রাজনৈতিক অশ্রু বিসর্জন দেন না। তিনি খামেনি, বাশার আল আসাদ কিংবা নিকোলা মাদুরোর মতো নেতাদের মিত্র হিসেবে দেখেন না, বরং দেখেন এমন এক সম্পদ হিসেবে, যাকে প্রয়োজনে ব্যবহার করে ছুড়ে ফেলা যায়।
তেহরান ও মস্কোর মধ্যে বহুল প্রচারিত 'কৌশলগত অংশীদারত্বের' মধ্যে কোনো পারস্পরিক প্রতিরক্ষা চুক্তি বা বাধ্যবাধকতা নেই। এমনকি বিপদের সময় রক্ষার কোনো গ্যারান্টিও এখানে নেই। আধুনিক রাজনৈতিক ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায় যে রাশিয়া কখনোই কারও বিশ্বস্ত বন্ধু ছিল না। রাষ্ট্র হিসেবে তারা অন্যদের অংশীদার মনে না করে কেবল সাময়িক সুযোগ হিসেবে বিবেচনা করে।
এমনকি ইরানের ভেতরেও কর্মকর্তারা নিভৃতে স্বীকার করেন যে ১৯৭৯ সালে শাহর পতনের পর ইরান এখন যে ভয়াবহ সংকটে রয়েছে, সেখানে মস্কোর কাছ থেকে কার্যত কোনো অর্থবহ সহায়তা তারা পায়নি। এতে অবাক হওয়ার কিছু নেই। আমেরিকান ঐতিহাসিক স্টিফেন কোটকিন লিখেছেন যে পুতিন জোট গঠন করেন না। তিনি কেবল প্রভাব বিস্তারের একটি নেটওয়ার্ক তৈরি করেন, যার মেয়াদ তখনই শেষ হয়ে যায়, যখন তা রক্ষার ব্যয় রাশিয়ার স্বার্থের চেয়ে বেড়ে যায়।
পুতিন যখন আজ ইরানকে আবেগঘন বার্তা পাঠান, সেটি আসলে কোনো রাজনৈতিক সমর্থন কিংবা সামরিক প্রতিশ্রুতির অংশ নয়। এটি কেবল একটি প্রতীকী বাক্য, যা ইরানকে কোনো হামলা থেকে সুরক্ষা দেবে না। রাশিয়ার কাছে ইরান এমন এক ঘুঁটি, যাকে যেকোনো মুহূর্তে বিসর্জন দেওয়া যায়।
এই একটি বাক্যই রাশিয়ার সব কর্মকাণ্ড ব্যাখ্যা করে। রাশিয়া কখনো অন্য কোনো মিত্রের জন্য যুদ্ধে জড়ায় না। রাশিয়া কেবল নিজের জন্যই যুদ্ধে অংশ নেয়। যেহেতু মস্কো ইরানের এই পরিস্থিতিকে কোনো মিত্রতার বদলে বরং দর-কষাকষির ঘুঁটি হিসেবে দেখছে, তাই সম্প্রতি তারা ওয়াশিংটনের কাছে এক চাঞ্চল্যকর প্রস্তাব পাঠিয়েছে।
মস্কো জানিয়েছে যে যুক্তরাষ্ট্র যদি ইউক্রেনকে গোয়েন্দা তথ্য দেওয়া বন্ধ করে, তবে রাশিয়াও ইরানকে গোয়েন্দা সহযোগিতা দেওয়া বন্ধ করবে। ওয়াশিংটন সেই প্রস্তাব প্রত্যাখ্যান করলে মস্কো আবার তার পুরোনো ভূমিকায় ফিরে আসে। সেটি হলো দর্শকের ভূমিকা-যে কেবল দর-কষাকষি করতে জানে, কিন্তু রক্ষা করতে জানে না।
ইতিহাস এর প্রমাণে ভরপুর। সাদ্দাম হোসেন যখন আক্রান্ত হন তখন মস্কো সেই আক্রমণের বিরুদ্ধে সামান্যতম আপত্তিও তোলেনি। অথচ দশকের পর দশক তাদের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক ছিল। এটি কোনো অনুগত মিত্রের আচরণ নয়; বরং এমন এক রাষ্ট্রের আচরণ, যারা অন্যদের কেবল আয়ের উৎস হিসেবে দেখে। একই ঘটনার পুনরাবৃত্তি আমরা সিরিয়ার বাশার আল আসাদের ক্ষেত্রেও দেখেছি।
এক বছরের বেশি সময় ধরে তিনি কার্যত সিরিয়ার প্রেসিডেন্ট নন; বরং মস্কোর একজন রাজনৈতিক শরণার্থী হিসেবে বাস করছেন। তাঁর নিজ দেশে আজ রাশিয়ার প্রভাব থাকলেও আসাদের নিজের কর্তৃত্ব বলতে কিছু নেই। যে মিত্রকে শেষ পর্যন্ত মস্কোয় আশ্রিত হয়ে জীবন কাটাতে হচ্ছে, তার করুণ পরিণতি দেখলেই বোঝা যায় ইরানের ভবিষ্যৎ আসলে কী হতে চলেছে।
রুশ রাজনৈতিক ইতিহাস এ ধরনের অনেক উদাহরণে সমৃদ্ধ। আলজেরিয়ার প্রয়াত প্রেসিডেন্ট হোয়ারি বুমেদিন একবার সোভিয়েত নেতাদের সরাসরি বলেছিলেন যে তাঁরা আলজেরীয়দের উটপালক হিসেবে মনে করেন, নিচু দৃষ্টিতে দেখেন এবং নিজেদের স্বার্থেই তাঁদের সাহায্য করেন। বুমেদিনের এই বক্তব্য অতিরঞ্জিত ছিল না, বরং মস্কোর সম্পর্কের বাকি অংশ ২৮ পৃষ্ঠায়




# 'নেতারা যদি বুঝত, যুদ্ধ করত না!'



হাসান ইমাম

'ছাতার অবস্থাখানা জরিমানা-দেওয়া/মাইনের মতো,/ বহু ছিদ্র তার'-রবি ঠাকুরের 'বাঁশি' কবিতার হরিপদ কেরানির মতোই তাঁর ছাতাখানার দশা। তাই খুব বেশি চড়া রোদ না হলে মেলে ধরেন না। মধ্যদুপুরে যখন কথা হচ্ছিল, রোদের আঁচ টের পাওয়া যাচ্ছিল বেশ।
তবে প্রমিল ঋষি দাশের তেমন ভ্রুক্ষেপ নেই। কেননা ফুটপাতের একই স্থানে খোলা আকাশের নিচে তো কাটিয়ে দিলেন চার চারটি দশক। রোদ তো রোদ, ঝড়-বৃষ্টি, শীত-গ্রীষ্ম সব সয়ে চলেছেন এখানেই, এমনকি দেশ-দুনিয়ার 'হালচাল'ও দেখছেন এখানে বসেই।
রামপুরা বিটিভি ভবনের সামনের সড়কের উল্টো পাশে যখন চাটাই পেতে বসে ছিলেন, সেই চার দশক আগে, তখন টেলিভিশন দেখার ফুরসত মিলত না, দূরদর্শনযন্ত্রটিও বেশ দুর্লভ ছিল। এখন যখন হাতে হাতে স্মার্টফোন-দৃশ্যমাধ্যমের হরেক সুবিধা যাতে ঠাসা-তখনো তাঁর 'বিনোদন' শূন্যই। স্মার্টফোন কেনার সামর্থ্য নেই, দেখার সময়-সুযোগও নেই।
সকাল না হতেই পেটে দুটো দানাপানি দিয়ে বেরিয়ে পড়েন 'দোকানে'র উদ্দেশে, এসে কাঠের একটা পাটাতন বিছিয়ে দোকান-জিনিসপত্র সাজান। জিনিসপত্র বলতে কাঠের একটা বাক্স, যাতে জুতার শুকতলি, চামড়াসহ নানা উপকরণ থাকে আর কাঠের পাটাতনের ওপর রাখেন জুতা পলিশ করার রং, ক্রিম, ব্রাশ ইত্যাদি। সুয্যিমামা পাটে নামার পরও রাত সাড়ে ৮টা-৯টা পর্যন্ত ক্রেতার আশায় থাকেন। এরপর গোলাপবাগের ভাড়া বাসায় ফেরা। পরদিন সকালে আবার কাজে বের হওয়া। মেরেকেটে দিনে পকেটে নিয়ে যেতে পারেন চার শ থেকে পাঁচ শ টাকা।
প্রমিল ঋষি দাশের ভাষ্য অনুযায়ী তাঁর বয়স ষাট, তবে অযত্নের ছাপে তা আরও বেশি বলেই মনে হয়। হার্টের অসুখ আছে। চিকিৎসকের পরামর্শ, রিং পরাতে হবে। কিন্তু তাঁর জীবনে সবচেয়ে বড় 'নাই'-এর নাম 'টাকা'। সুতরাং 'ওপরওয়ালার' ভরসায় দিন কাটাচ্ছেন।
অন্যদের পাদুকা সারাই-সেলাই করে তাঁদের গতিকে নির্বিঘ্ন করলেন সারা জীবন, অথচ নিজে এক 'কদম'ও সামনে যেতে পারলেন না! গরিবি পিছু ছাড়ল না, দুটো ডাল-ভাতের জন্য এখনো লড়াই চালাতে হচ্ছে, এই বয়সেও। 'আমাদের শুকনো ভাতে লবণের ব্যবস্থা হোক'-জয় গোস্বামীর কবিতার এই পঙ্‌ক্তিই যেন প্রমিল ঋষি দাশের জীবনের সার ও সারাৎসার।
এ কথাও ঠিক, দুই ছেলের একজনকে (প্রসেনজিৎ ঋষি দাশ, বড়) বিএ পাস করিয়েছেন। কিন্তু শুধু ডিগ্রিতে কি আর চাকরি মেলে? 'মামা-কাকা'র জোর, নয়তো পয়সার 'গরম'-একটা কিছু তো চাই! সুতরাং বিএ পাস ছেলে এখন ভাঙারির দোকান চালান। মাসে তাঁর নাকি ১০-১১ হাজার টাকা আয় হয়। ছোট ছেলে প্রণজিৎ ঋষি দাশ স্কুলের প্রাঙ্গণে পা রাখেননি। এখন মোটর মেকানিকের কাজ শিখছেন। সুতরাং উল্টো তাঁকে এখনো রাহা খরচ দিতে হয়। একমাত্র মেয়ে, আইএ পর্যন্ত পড়েছে। সে এখন শ্বশুরবাড়ি।
দুই ছেলে সোমত্ত, তাই একটু বড় বাসাই লাগে, সঙ্গে মা থাকেন। বাসা ভাড়াই লাগে ১২ হাজার টাকা। আছে খাওয়াদাওয়া, পোশাক, ওষুধপথ্য। মাস শেষে 'ঝাড়া' পকেট।
কিশোরগঞ্জের অষ্টগ্রামের ঋষিপাড়া থেকে বাবার সঙ্গে ঢাকায় এসেছিলেন প্রমিল ঋষি দাশ। আট ক্লাস পর্যন্ত স্কুলে পড়েছেন। দোকান যখন শুরু করেন, তখন পাশে পত্রপত্রিকা বিক্রি করতেন আরেকজন। সেই সুবাদে কাজের ফাঁকে কাগজ পড়ার একটা অভ্যাস তৈরি হয়েছিল। করোনা অতিমারির সময় খবরের কাগজের দোকানটা উঠে গেছে। আর নতুন করে কেউ শুরু করেনি।
তবে এরপরও দেশ-বিদেশের খবর এখনো রাখার চেষ্টা করেন প্রমিল ঋষি দাশ-এত দিনের অভ্যাস বলে কথা। নতুন সরকার গঠন হওয়ায় খুশি, তবে ইরান যুদ্ধ নিয়ে তার চেয়ে বেশি নাখোশ। খামোখা একটা দেশে কেন হামলা চালাতে হবে, এর উত্তর হাতড়ে পান না। আক্ষেপ নিয়ে বললেন, যুদ্ধের কারণে ইরানের ক্ষয়ক্ষতি তো হচ্ছেই, তেলের সংকটের কারণে সারা বিশ্বের, আমাদেরও ভুগতে হচ্ছে। জিনিসপত্রের দাম বাড়বে। সব সংকটে সবচেয়ে বেশি কষ্টে পড়ে সাধারণ মানুষ, যাদের ওই সংকটের সঙ্গে দূর-দূরতক সম্পর্ক থাকে না। মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্প কিংবা ইসরায়েলের প্রধানমন্ত্রী নেতানিয়াহুর নাম না নিয়ে বললেন, বাকি অংশ ২৮ পৃষ্ঠায়


FOBANA
40TH FOBANA
CONVENTION 2026
ORLANDO, FLORIDA, USA
September 4th-5th-6th
KICKOFF METTING
Hosted by:
40th FOBANA Convention Host Team
Florida
Date : Friday, April 3rd, Time : 07:00pm
HOLIDAY INN RESORT
Kissimmee by the Parks (IHG)
3011 Maingate Ln, Kissimmee, FL 34747
ZAHID HOSSAIN
Chairman
Executive Committee Fobana
Ph: (213) 804-0523
NIEHAL RAHIM
Executive Secretary
Executive Committee Fobana
Ph: 917-533-2958
MOHAMMED SHAMIM
President
40TH FOBANA CONVENTION 2026
Ph:+1 (813) 842-0011
ANWAR HOSSAIN SENTU
Convenor
40TH FOBANA CONVENTION 2026
Ph: (321) 946-1639
MOHAMMED RUSSELL MIAH
Member Secretary
40TH FOBANA CONVENTION 2026
Ph: +1 (407) 666-7851
MOHAMMED NAZIM ULLAH (LITON)
Chif Cordinator
40TH FOBANA CONVENTION 2026
Ph: +1 (321) 295-3803
Coordination Organizations:
Bangladesh Society of Central Florida
Association of World Fair and Fest USA Inc
Central Florida Sports Club Inc




# রাষ্ট্র সংস্কার প্রশ্নে মতভিন্নতা মিটুক আলোচনায়



হাসান মামুন

প্রথম অধিবেশনের দ্বিতীয় দিনে ‘সংবিধান সংস্কার পরিষদ’ বিষয়ে বিরোধীদলীয় নেতা যে বিধিতেই বক্তব্য রাখুন না কেন, সেটা প্রত্যাশিত ছিল। দিনটি ছিল ওই পরিষদের অধিবেশন আহ্বানের শেষ দিন। এ বিষয়ে সংস্কার আলোচনায় বিএনপির পক্ষে নেতৃত্ব প্রদানকারী বর্তমান স্বরাষ্ট্রমন্ত্রী যা বললেন, সেটাও অপ্রত্যাশিত নয়। সংবিধানের সঙ্গে সম্পর্কিত পরিবর্তন তথা রাষ্ট্র সংস্কার ঘিরে কিছু মতপার্থক্য নিয়েই গণভোটে গিয়েছিল অন্তর্বর্তী সরকার। তখনই বলাবলি হচ্ছিল, নির্বাচনের মাধ্যমে বিশেষত বিএনপি ক্ষমতায় এলে সংস্কারের প্রশ্নটি জটিলতায় পড়বে। কেননা, দলটির তরফ থেকে অন্তর্বর্তী সরকার অনুসৃত সংস্কার প্রক্রিয়া নিয়ে প্রশ্ন তোলা হচ্ছিল। সময়মতো নির্বাচন নিশ্চিত করতে সেটা হয়তো তারা তীব্র করেননি। জয়ের ব্যাপারেও দলটি ছিল আশাবাদী।


৫০ শতাংশ ভোট ও দুই-তৃতীয়াংশ আসন পেয়ে সরকার গঠনের পর রাষ্ট্র সংস্কারে বিএনপির অবস্থান বিপরীতমুখী হয়ে পড়েছে এমনটা বলার অবশ্য সুযোগ নেই। জামায়াত, এনসিপি যেভাবে সংস্কার চেয়েছে; মাঠে থাকা প্রধান রাজনৈতিক দল বিএনপি কখনোই সেভাবে চায়নি; সেটাও ঠিক। রাষ্ট্র সংস্কারের যেসব বিষয়ে তাদের আপত্তি রয়েছে, সেগুলো স্পষ্ট করেই বলা হচ্ছিল। তাদের সব অবস্থান এই লেখকেরও পছন্দ নয়। কিছু প্রশ্নে বিএনপির অনড় অবস্থানকে যৌক্তিকভাবে নাকচ করে দেওয়াও সম্ভব। কিন্তু বিপুলভাবে নির্বাচিত একটি দলকে তার ইচ্ছার বিরুদ্ধে সংস্কারে রাজি করানো কীভাবে সম্ভব এর কোনো সদুত্তর নেই। অবশ্য জুলাই সনদে সই করিয়ে নেওয়া হয়েছে এবং এর ভিত্তিতে একটি গণভোটও হয়েছে। সেই বাস্তবতা আবার বিএনপির পক্ষে উড়িয়ে দেওয়া সহজ নয়। এ কারণেই দলটির অবস্থান বোধহয় রাষ্ট্র সংস্কারে নতুন করে সংলাপে যাওয়া। এটা সংসদে তো হতেই পারে। এমনকি ঈদের ছুটিতে সেটা শুরু হতে পারে সংসদের বাইরে।

সংবিধান সংশোধনের সঙ্গে সম্পর্কিত যে ৪৮টি প্রস্তাব গণভোটে তোলা হয়েছিল, তার মধ্যে ১৮টির বাস্তবায়ন নিয়ে কোনো সংকট নেই। এসব ক্ষেত্রে বিজয়ী দল ইশতেহার অনুযায়ী এগোবে। এর বাইরে যে ৩০টি প্রস্তাব নির্বাচনে বিজয়ী দলগুলো বাস্তবায়ন করার কথা, সেটা নিয়েই তৈরি হয়েছে বিতর্ক। কেননা, বেশ কিছু প্রস্তাবে বিএনপিসহ বিভিন্ন দলের ভিন্নমত রয়েছে। এটাকে গুরুত্ব না দিয়ে অবশ্য বলা হচ্ছিল, ৩০টি প্রস্তাবে সংলাপে অংশগ্রহণকারীরা একমত। মোটাদাগে একমত হয়েও কোনো ইস্যুতে যে ভিন্নমত জানানো যায়; সেটা তো সংবিধান সংস্কারের মতো বিষয়ে উপেক্ষণীয় নয়। তারপরও বলতে হয়, এ সীমাবদ্ধতা নিয়েই সবাই গণভোটে গিয়েছিল। এক ধরনের রাজনৈতিক বাধ্যবাধকতায় পড়ে বোধ হয় তারেক রহমানও একটি নির্বাচনী সমাবেশে বিএনপি সমর্থকদের ‘হ্যাঁ’ ভোট দেওয়ার আহ্বান জানিয়েছিলেন। এখান থেকে দলটির পক্ষে পুরোপুরি বেরিয়ে যাওয়াও সহজ নয়।

জুলাই গণঅভ্যুত্থানের আগে, যখন এ সম্পর্কে কোনো অনুমানও করা যাচ্ছিল না, তখনই বিএনপি নিজে থেকে ৩১ দফা সংস্কার প্রস্তাব উপস্থাপন করেছিল। এর একাংশ ছিল রাষ্ট্র সংস্কার সম্পর্কিত। অতঃপর গণঅভ্যুত্থানে দলটির কর্মী-সমর্থকদের বিপুল অংশগ্রহণ ও হতাহতের ঘটনাও অনস্বীকার্য। অন্তর্বর্তী সরকার আয়োজিত সংস্কার আলোচনায়ও তারা সোৎসাহে অংশ নিয়েছেন, যখন নির্বাচনের সময়সীমা নিয়ে আবার ছিল তীব্র অস্বস্তি। বিএনপি এটাও বলছিল, তাদের ৩১ দফার সঙ্গে সংস্কার আলোচনায় উত্থাপিত অনেক প্রস্তাবেরই মিল রয়েছে। খুঁজে দেখা যেতে পারে, সেসব প্রশ্নেও দলটি অবস্থান বদলে ফেলেছে কিনা। রাষ্ট্রক্ষমতা হাতে পেয়ে অনেক সময়ই অবস্থান বদলে ফেলে সরকারি দল। তার জন্য দুই-তৃতীয়াংশ আসন পেতে হয় না। অন্য দলের সমর্থনে এসেও প্রতিশ্রুতি ভঙ্গের দৃষ্টান্ত রয়েছে। বর্তমানে ক্ষমতাসীনরা তেমন কিছু করে থাকলে সেটা অবশ্যই সমালোচনার যোগ্য। কিন্তু আগে থেকে জানানো আপত্তিতে অটল থাকলে তো কাউকে দায়ী করা যায় না। দেখতে হবে, ক্ষমতাসীন দলটি নতুন কোনো আপত্তি জানাচ্ছে কিনা।

‘জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ, ২০২৫’ অনুযায়ী নির্বাচনের ফল ঘোষণার ৩০ দিনের মধ্যে *বাকি অংশ ২৮ পৃষ্ঠায়*

---



# বিরোধী দলের ভূমিকা বনাম জুলাইয়ের প্রকৃত প্রেরণা



মাহবুব আজীজ

গণঅভ্যুত্থান-উত্তর বহুল আকাঙ্ক্ষিত ত্রয়োদশ জাতীয় সংসদের অধিবেশন শুরু থেকেই বিতর্কমুখর হয়ে উঠেছে। ১২ মার্চ উদ্বোধনী দিনে রাষ্ট্রপতির বক্তব্যের সময় ফেস্টুন, পোস্টারসহ বিরোধীদলীয় সদস্যদের প্রতিবাদ ও ওয়াকআউটের ঘটনা ঘটে। এই ওয়াকআউট অনুমিত হলেও ফেস্টুন, পোস্টার, স্লোগান ছিল নজিরবিহীন। অথচ এই রাষ্ট্রপতির কাছেই যখন উপদেষ্টা পরিষদ শপথ নেয়, সেখানে তৎকালীন ছাত্রনেতা ও পরবর্তীকালের এনসিপি নেতারা উপস্থিত ছিলেন। তখন ‘ফ্যাসিবাদের দোসর’ ধারণাটি বাধা হয়ে দাঁড়ায়নি। এমনকি গণঅভ্যুত্থানের পর থেকে সকল রাষ্ট্রীয় কর্মকাণ্ডই সংবিধান ও বিধি মোতাবেক রাষ্ট্রপতির মাধ্যমেই সম্পন্ন হয়েছে। তারপরও অন্তর্বর্তী সরকারের আমলে রাষ্ট্রপতির ডাকনাম ধরে যত্রতত্র স্লোগানসহ নানামুখী তৎপরতার আড়ালে রয়েছে প্রচ্ছন্ন মব সন্ত্রাস। দেশের রাষ্ট্রপতির পদ সাংবিধানিক এবং তাঁর কার্যক্রম বিধিবদ্ধভাবে সুনির্দিষ্ট। তারপরও রাষ্ট্রপতির বিরুদ্ধে ক্রমাগত বিষোদ্গারের কার্যকারণ অবশ্যই গভীর বিশ্লেষণের দাবি রাখে।

অধিবেশনের দ্বিতীয় দিন জুলাই সনদের প্রস্তাব বাস্তবায়নে সংবিধান সংস্কার পরিষদ গঠন নিয়ে জাতীয় সংসদে বিতর্ক হয়। জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ অনুযায়ী নির্ধারিত সময় অর্থাৎ নির্বাচনের ৩০ দিনের মধ্যে সংবিধান সংস্কার পরিষদের অধিবেশন আহ্বান না করায় বিরোধীদলীয় নেতা ও জামায়াতের আমির শফিকুর রহমান প্রশ্ন উত্থাপন করেন। সরকারি দলের পক্ষে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ জানান, সংবিধানে সংবিধান সংস্কার পরিষদের অস্তিত্ব না থাকায় রাষ্ট্রপতি এই পরিষদের অধিবেশন আহ্বান করেননি। তিনি বলেন, ‘জুলাই জাতীয় সনদ বাস্তবায়ন আদেশ, এটি না অধ্যাদেশ, না আইন। কোনো অবৈধ আদেশ দিয়ে সংবিধান সংশোধন করা যায় কিনা, সেটি একটি বিশাল আইনি ও সাংবিধানিক প্রশ্ন।’ এদিকে সংবিধান সংস্কার পরিষদের সভা আহ্বান না করলে রাজপথে যাওয়ার হুঁশিয়ারি দিয়েছে বিরোধীদলীয় জোট।

২.

কথা হচ্ছে, জুলাই গণঅভ্যুত্থানের চেতনা একমাত্র জামায়াত-এনসিপি জোটই ধারণ করে না। বরং আওয়ামী লীগের কর্তৃত্ববাদী শাসনের দীর্ঘ দেড় দশকে জেল-জুলুম, মামলা-হামলায় বিএনপির নেতাকর্মী অনেক বেশি নির্যাতিত ও নিপীড়িত ছিলেন। চব্বিশের জুলাইতে কোটা সংস্কার আন্দোলন দমনে তৎকালীন সরকারের নিপীড়ন, সহিংসতা, দম্ভ, দমনমূলক মনোভাবই জনবিস্ফোরণের জন্ম দেয়। রাষ্ট্রীয় দমন-পীড়ন ও হত্যাকাণ্ডের বিরুদ্ধে সব দল-মত-পথের মানুষের ঐক্যই সরকারের পতন ঘটায়। রাজপথে মানুষের এই যূথবদ্ধ ঐক্য গণতন্ত্র ও বাকস্বাধীনতার পক্ষে সর্বোচ্চ রায়ের প্রকাশ। একই সঙ্গে দুঃশাসন, গোষ্ঠীপ্রীতি, কর্তৃত্ববাদ ও দুর্বৃত্তায়নের বিরুদ্ধেও মানুষের অবস্থান জুলাই গণঅভ্যুত্থানের চেতনা।

অন্তর্বর্তী সরকারের শাসনামলে রাষ্ট্রের বিভিন্ন খাতে সংস্কার উদ্যোগের অংশ হিসেবে রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনা করে জুলাই জাতীয় সনদ তৈরি হয়। তার মধ্যে ৮৪টি সংস্কার প্রস্তাবের ৪৮টিই সংবিধান সম্পর্কিত। এর সপক্ষে যতই বাক্য বিস্তার করা হোক, অন্যতম লক্ষ্য যে দুই বড় দল বিএনপি ও আওয়ামী লীগকে সংকুচিত রাখা এই যুক্তির প্রত্যুত্তর কী? বিএনপির নানা ত্রুটি-বিচ্যুতি সত্ত্বেও মনে রাখতে হবে, জুলাই গণঅভ্যুত্থানের অনেক আগে দলটি ৩১ দফা সংস্কার কর্মসূচি হাজির করেছিল। বাম দলগুলো নির্বাচনসহ রাষ্ট্র সংস্কারের কথা বহু বছর ধরে বলে আসছে। অথচ সংসদে বর্তমান বিরোধী জোটের অবস্থান দেখে মনে হচ্ছে, অন্য কোনো দলই দেশের রাজনীতিতে সংস্কার চায় না!

একটি সরল অঙ্ক করা যাক। দেশের ১৩ কোটি ভোটারের মধ্যে সাত কোটি ভোটার গণভোটে অংশ নিয়েছেন। অর্থাৎ ছয় কোটি ভোটার অংশই নেননি। আবার তিন কোটি ভোটার ‘না’ ভোট দিয়েছেন। যদি যুক্তি দেওয়া যায়, ১৩ কোটি ভোটারের ৯ কোটিই ‘হ্যাঁ’ ভোট দেননি ‘হ্যাঁ’ পক্ষের লোকজন এই অঙ্ক উড়িয়ে দেবেন কীভাবে?

শুধু তাই নয়; চার প্রশ্নে গণভোটের প্রক্রিয়াটিই জটিল ও বোধগম্যতার বাইরে ছিল। এর মধ্যে আবার ‘হ্যাঁ’ ভোটের পক্ষে সরকারের উদ্বাহু অবস্থান ছিল অবিশ্বাস্য। কথায় কথায় ‘জাতীয় ঐকমত্য *বাকি অংশ ২৮ পৃষ্ঠায়*


SUMMER SALE
2026
USA ⇆ DHAKA
Starting From
$1175+
Round Trip
Limited Seats Available
BOOK NOW
718-721-2012
www.digitaltraveltour.com
আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়
25-78 31st Street, New York, NY-11102
সাবওয়েতে N ও W ট্রেনে 30th Avenue Station

# KARNAFULLY HOME CARE LLC

KARNAFULLY HOME CARE

A TRUSTED INSTITUTION FOR HOME CARE SERVICES

## WE ARE LICENSED HOME CARE SERVICES AGENCY



We Care
Your Family
Like Ours

LHCSAs

## Our Services in New York Counties

**We Provide The Following Home Care Services**

HHA (Home Health Aide)
PCA (Personal Care Assistant)
CDPAP (Consumer Directed Personal Assistance Program)

### Service Areas (Boroughs & Counties)

- Queens
- Nassau
- Suffolk
- Bronx
- Westchester
- Dutchess
- Orange
- Rockland
- Sullivan
- Ulster

**NYS Department of Health LHCSAs**

**Main Office**
37-20 74th Street, 2nd Fl,
Jackson Heights, NY, 11372

**Jamaica Office**
167-18 Hillside Ave, 2nd Fl,
Jamaica, NY, 11432



**Mohammed Hasem, EA, MBA**
President and CEO

MBA in Accounting
IRS Enrolled Agent
Admitted to Practice before the IRS
IRS Certifying Acceptance Agent

Fax: 347-338-6799
347-621-6640

# LAW OFFICES

**Toll Free: 1-866-MOIN-LAW**

**Cell: 917-282-9256**

**(To schedule appointment only)**




এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস

**বিনামূল্যে পরামর্শ**


প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন

- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
- বিল্ডিং এ দূর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- **IMMIGRATION** (Consultation fee applies)






ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি


Attorney
Michigan Only.


Attorney
Michigan Only.


Attorney
New Jersey Only


Attorney, Buffalo
New York Only


Attorney
Connecticut Only


Attorney
Pennsylvania Only

**WWW.MOINLAW.COM**

Prior Result Does Not Guarantee future outcome of any cases
Moin Choudhury is admitted in the United States Supreme Court and Michigan State Supreme Court only.
Michael Taub is admitted in New York State Only.

# জিরা: ডায়াবেটিস নিয়ন্ত্রণে রাখবে যে মসলা

পরিচয় ডেস্ক: ডায়াবেটিক রোগে আক্রান্তদের একটা বড় অংশেরই সুগার নিয়ন্ত্রণে থাকেনা। যার কারণে তাদের পিছু নেয় কিডনি ডিজিজ, ডায়াবেটিক আই, নিউরোপ্যাথির মতো জটিল অসুখ। তাই যেভাবেই হোক সুগারকে কন্ট্রোলের কাজে লেগে পড়তে হবে।

আর এই কাজে সাফল্য পেতে চাইলে সবার প্রথমে মিষ্টি, তেল, মসলা খাওয়া ছাড়তে হবে। তার বদলে নিজের ওষুধ নিয়ম মেনে খান। আর অবশ্যই প্রতিদিন সেবন করুন জিরার মতো একটি উপকারী মসলা। তাতেই উপকার মিলবে হাতেনাতে।




ডায়াবেটিসে সেরার সেরা ওষুধ

সুগার রোগীদের শরীরে এজিইএস বা অ্যাডভান্স গ্লাইকেশন অ্যান্ড প্রডাক্ট নামক উপাদান তৈরি হয়। আর এই উপাদান শরীরের বড়সড় ক্ষতি করে। বিশেষত চোখ, কিডনি ও নার্ভের ক্ষতির নেপথ্যে মূল ভূমিকা পালন করে এই উপাদান। তবে ভালো খবর হলো, নিয়মিত জিরা খেলে শরীরে এই উপাদান কম পরিমাণে তৈরি হয়। যার ফলে ডায়াবেটিসজনিত ক্ষয়ক্ষতি হওয়ার আশঙ্কা কমে। শুধু তা-ই নয়, এই ভেষজে উপস্থিত কিছু উপাদানের গুণে সুগারকে নিয়ন্ত্রণে রাখতে সুবিধা হয়। তাই ডায়াবেটিক রোগীরা নিয়মিত জিরে সেবন করতে ভুলবেন না যেন।

কীভাবে খাবেন

উপকার পেতে চাইলে এক চা চামচ জিরা এক গ্লাস পানি দিয়ে গিলে নিতে পারেন। কিংবা এক গ্লাস পানিতে এক চামচ জিরে সারা রাত ভিজিয়ে রেখে দিন।

পরের দিন সকালে উঠে এই পানীয় ছেঁকে খেয়ে নিন। তাহলেই উপকার মিলবে হাতেনাতে।

তবে শুধু ডায়াবেটিস নিয়ন্ত্রণই নয়, এর পাশাপাশি শরীরের নানা উপকার করে জিরা। আসুন, সেই দিকেও একবার তাকানো যাক।

পেটের সমস্যা দূর করবে

গ্যাস, অ্যাসিডিটির সমস্যায় নিত্যদিন ভুক্তভোগীরা খেতেই পারেন জিরা। তাতেই গ্যাসের সমস্যা বিদায় নেবে বলে মনে করেন বিশেষজ্ঞরা। আসলে জিরাতে এমন কিছু উপাদান রয়েছে, যা শরীরে প্রবেশ করার পর হজমে সাহায্যকারী বিভিন্ন উৎসেচকের উৎপাদন বাড়ায়। শুধু তা-ই নয়, লিভার থেকে বাইল ক্ষরণেও সাহায্য করে জিরা। যার ফলে খাবার হজম হতে সময় লাগে না। তাই এই সমস্যায় ভুক্তভোগীরা নিয়মিত জিরা সেবন করতে ভুলবেন না।

আয়রনের ঘাটতি দূর করবে

আমাদের দেশের একটা বড় অংশের মানুষ আয়রন ডেফিসিয়েন্সি অ্যানিমিয়ায় ভোগেন। তাই চিকিৎসকরা সবাইকে আয়রন সমৃদ্ধ খাবার খাওয়ার পরামর্শ দেন। আমাদের রান্নাঘরে থাকা জিরাতে বেশ কিছুটা আয়রন রয়েছে। এ ক্ষেত্রে এক চা চামচ জিরা থেকে প্রায় ১.৪ মিলিগ্রাম আয়রন পাওয়া যায়। যা কিনা আপনার দৈনিক চাহিদার ১৭.৫ শতাংশ। তাই অ্যানিমিয়ার ফাঁদ এড়াতে চাইলে নিয়মিত এই ভেষজ সেবন করতে ভুলবেন না।

কোলেস্টেরল নিয়ন্ত্রণ করবে

রক্তে কোলেস্টেরলের মাত্রা বাড়লেই বিপদ। সে ক্ষেত্রে হার্টের অসুখে আক্রান্ত হওয়ার আশঙ্কা বাড়ে। তাই যেভাবেই হোক এলডিএল কোলেস্টেরলকে বশে রাখার কাজে লেগে পড়তে হবে। আর সে ক্ষেত্রে কাজে দিতে পারে জিরা। তাই আর সময় নষ্ট না করে এই ভেষজের শরণাপন্ন হন।



# দৃষ্টিশক্তি ভালো রাখবে যেসব খাবার

পরিচয় ডেস্ক: চোখ মানুষের সবচেয়ে গুরুত্বপূর্ণ অঙ্গ, যার মাধ্যমে সুন্দর এই পৃথিবীকে দেখা যায়। তাই চোখের সঠিক যত্ন নেওয়া অপরিহার্য। কিন্তু গত কয়েক বছরে নিম্নমানের জীবনযাত্রার কারণে দ্রুত বৃদ্ধি পাচ্ছে রোগব্যাধি। ৫০-৬০ বছর বয়সের পর যেসব রোগ দেখা দিত, সেটা এখন ৩০-৩৫ পেরোলেই বাসা বাঁধে শরীরে।

এ ছাড়া বর্তমানে কম্পিউটার ও মোবাইল ফোনের অতিরিক্ত ব্যবহারে খারাপভাবে প্রভাবিত হচ্ছে চোখ। ছোট-বড় সবার দৃষ্টিশক্তি বয়সের আগেই দুর্বল হতে শুরু করে। গ্যাজেট নিয়ে ঘণ্টার পর ঘণ্টা সময় কাটালে চোখ মোটেও বিশ্রাম পায় না। এতে চোখের ওপর চাপ বাড়ার পাশাপাশি সূর্যের ক্ষতিকর ইউভি রশ্মিও চোখের জন্য ক্ষতিকর প্রমাণিত হচ্ছে।

এমন পরিস্থিতিতে খাদ্যতালিকায় অন্তর্ভুক্ত করা যেতে পারে কিছু খাবার। যা চোখের দৃষ্টিশক্তি বজায় রাখতে ও সুস্থ রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে সহায়তা করতে পারে। চলুন, জেনে নিই দৃষ্টিশক্তি বাড়ায় এমন কিছু খাবারের নাম:

আমলকী: ভিটামিন সি ও অ্যান্টিঅক্সিডেন্ট সমৃদ্ধ আমলকী চোখের জন্য খুবই উপকারী। আমলকী খেলে দৃষ্টিশক্তি বাড়ে।

শীতকালে প্রচুর পরিমাণে পাওয়া যায় আমলকী। প্রতিদিন ১টি আমলকী খেতে হবে। এটি রেটিনা ও লেন্সকে ফ্রি র্যাডিকেল থেকে রক্ষা করে এবং চোখকে স্ট্রেস থেকে রক্ষা করতেও সাহায্য করে।

ব্রকলি: যেকোনো উপায়ে খাবারের তালিকায় ব্রকলি অন্তর্ভুক্ত করতে হবে। ব্রকলি শুধু চোখ নয়, পুরো শরীরের জন্যই সুপারফুড হিসেবে কাজ করে।

# শীতে মিষ্টি আলু খেলে যে উপকার পাবেন



পরিচয় ডেস্ক: শীতকালে অনেক ফল ও সবজি পাওয়া যায়। এসব ফল ও সবজির অনেক স্বাস্থ্য উপকারিতা রয়েছে। তেমনই একটি সবজি হলো মিষ্টি আলু। মিষ্টি আলুতে স্বাস্থ্যকর চর্বি, পটাসিয়াম, ভিটামিন সি, আয়রন, ক্যালসিয়াম, ভিটামিন ডি এবং ভিটামিন বি৬-এর মতো অনেক পুষ্টি উপাদান পাওয়া যায়।

যা শীতে শরীর গরম রাখতে এবং সুগার, বিপি ও শুষ্ক ত্বকের মতো অনেক সমস্যা থেকে রক্ষা করতে সাহায্য করে।

আজকের প্রতিবেদনে জানব মিষ্টি আলুর উপকারিতা নিয়ে। চলুন, জেনে নিই শীতে মিষ্টি আলু খাওয়ার কী কী স্বাস্থ্য উপকারিতা রয়েছে।

হজমের উন্নতি : মিষ্টি আলুতে উপস্থিত উচ্চ ফাইবার হজমের সমস্যা দূর করতে সাহায্য করে। শীতকালে মিষ্টি আলু খাওয়া হজমশক্তি ভালো রাখতে সাহায্য করে। স্বাস্থ্য বিশেষজ্ঞদের মতে, শীতকালে প্রতিদিন ১ থেকে ২ টুকরা মিষ্টি আলু খেলে কোষ্ঠকাঠিন্য, অ্যাসিডিটি ও পেট ব্যথার মতো সমস্যা হয় না।

শুষ্ক ত্বক : ঠাণ্ডা আবহাওয়ায় ত্বক প্রায়ই শুষ্ক ও প্রাণহীন দেখাতে শুরু করে। এমন পরিস্থিতিতে মিষ্টি আলুতে উপস্থিত ভিটামিন এ, ই এবং সি ত্বকের ভেতর থেকে পুষ্টি জোগায় শুষ্কতার সমস্যা দূর করতে সাহায্য করে।

মিষ্টি আলুতে উপস্থিত অ্যান্টিঅক্সিডেন্ট উপাদান ত্বকের বলিরেখা রোধ করে।

উচ্চ রক্তচাপ: মিষ্টি আলু খেলে হৃদরোগের ঝুঁকিও দূর হয়। এতে উপস্থিত ফাইবার শরীরের খারাপ কোলেস্টেরল কমাতে সাহায্য করে। যেখানে পটাশিয়াম উচ্চ রক্তচাপের সমস্যা থেকে মুক্তি দেয়।

আয়রনের ঘাটতি কাটিয়ে ওঠা : শরীরে আয়রনের ঘাটতির কারণে শক্তি ক্ষয় হয়।

এর ফলে রোগ প্রতিরোধ ক্ষমতার ওপরও নেতিবাচক প্রভাব পড়ে। মিষ্টি আলুতে প্রচুর পরিমাণে আয়রন রয়েছে।



# রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ে যেসব খাদ্যে

পরিচয় ডেস্ক: সব বয়সের মানুষেরই শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ানোর দিকে নজর দেওয়া উচিত। এ জন্য খাদ্যাভ্যাসের প্রতি বিশেষ নজর দিতে হবে। সেই সব জিনিস বেশি করে খাওয়া উচিত, যেগুলি থেকে শরীরের জন্য প্রয়োজনীয় ভিটামিন ও প্রোটিন-সহ অন্যান্য পুষ্টি উপাদান পাওয়া যায়।

আসুন জেনে নেওয়া যাক, রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে বিশেষজ্ঞরা কোন ধরনের খাবার বেশি করে খেতে বলছেন।

১. সবুজ শাক-সবজি

পালং শাক, ব্রোকলির মতো সবজি স্বাস্থ্যের জন্য খুবই উপকারী বলে মনে করা হয়। সবুজ সবজিতে অ্যান্টিঅক্সিডেন্ট, ভিটামিন (ভিটামিন এ, সি, ই), খনিজ এবং ফাইবার থাকে। এই পুষ্টি উপাদানগুলি সংক্রমণের বিরুদ্ধে লড়াই করার জন্য আমাদের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায়। সবুজ শাকসবজি খাওয়ার মাধ্যমে শরীরের প্রয়োজনীয় বেশিরভাগ পুষ্টি সহজেই পাওয়া যায়। গবেষণায় দেখা গিয়েছে যে, যারা বেশি সবুজ শাকসবজি খান তাদের অসুস্থ হওয়ার ঝুঁকি কম থাকে।

২. ভিটামিন-সি যুক্ত খাবার

ভিটামিন-সি রোগ প্রতিরোধ ক্ষমতার জন্য সবচেয়ে প্রয়োজনীয় এবং উপকারী বলে মনে করা হয়। এগুলো শ্বেত রক্ত কণিকার উৎপাদন বাড়াতে সহায়ক, যা আপনাকে সংক্রমণের বিরুদ্ধে লড়াই করতে সাহায্য করে। প্রায় সব সাইট্রাস ফলই ভিটামিন সি সমৃদ্ধ।

কমলা, লেবু, আনারসের মতো ফল রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে এবং গুরুতর রোগের ঝুঁকি থেকে রক্ষা করতে সহায়ক হতে পারে।

৩. কিছু মশলা রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায়

হলুদ, লবঙ্গ, কালো মরিচ, দারুচিনি ইত্যাদি রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায়। এগুলো আপনার শরীরকে শুদ্ধ করে এবং আপনার শরীরের প্রতিরক্ষা ব্যবস্থাকে উন্নত করে। হলুদে পাওয়া কার্কিউমিন প্রদাহ বিরোধী এবং এতে অ্যান্টিঅক্সিডেন্ট গুণ রয়েছে। কার্কিউমিনকে রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিকারী হিসাবে বিবেচনা করা হয় এবং এটি একটি অ্যান্টিভাইরাল হিসাবেও কাজ করে। একইভাবে অন্যান্য মশলাগুলিতেও অনেক বৈশিষ্ট্য রয়েছে যা শরীরকে সুস্থ রাখতে এবং রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে সাহায্য করতে পারে।

৪. দুগ্ধজাত দ্রব্য

দই, দুধ, পনিরের মতো দুগ্ধজাত দ্রব্য ভিটামিন এবং প্রোটিনে সমৃদ্ধ বলে মনে করা হয়, এগুলি আপনার রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায়।



# কিডনির স্বাস্থ্য ভালো রাখবে যে খাবার

পরিচয় ডেস্ক: শীতকালে কিডনির স্বাস্থ্য বজায় রাখা সর্বোচ্চ অগ্রাধিকার হয়ে ওঠে। কারণ এ সময় বিপাকীয় প্রক্রিয়াগুলো স্থানান্তরিত হয় এবং শরীরের কিছু অতিরিক্ত সহায়তার প্রয়োজন হয়। এই অঙ্গগুলো ক্রমাগত বিষাক্ত পদার্থ বের করে দেওয়ার জন্য এবং শরীরের ভারসাম্য বজায় রাখতে কঠোর পরিশ্রম করে। সঠিক সুপারফুড ঠাণ্ডা ঋতুতে সেই বোঝা ভালোভাবে কমিয়ে দিতে পারে। কিডনির কার্যকারিতা বজায় রাখতে, প্রদাহ কমাতে এবং ক্ষতি রোধ করতে প্রতিদিনের খাবারের তালিকায় কিছু খাবার যোগ করা গুরুত্বপূর্ণ। কি সেই খাবার, চলুন জেনে নেওয়া যাক।

পালং শাক

পালং শাকে প্রচুর পরিমাণে আয়রন, ম্যাগনেসিয়াম ও অ্যান্টিঅক্সিডেন্ট রয়েছে, যা কিডনির স্বাস্থ্যের জন্য অপরিহার্য। তবে অক্সালেট সামগ্রীর কারণে এটি পরিমিতভাবে খাওয়া উচিত, যা কিডনিতে পাথর হওয়ার ঝুঁকি বাড়াতে পারে।

পালং শাক উচ্চ আয়রন, ম্যাগনেসিয়াম ও অন্যান্য অনেক পুষ্টি সমৃদ্ধ। কিডনি ভালো রাখতে এই শাক নিয়মিত পরিমিত খাওয়ার অভ্যাস করুন।

মিষ্টি আলু

মিষ্টি আলু কিডনি স্বাস্থ্যের জন্য আরেকটি সুপারফুড, যা ভিটামিন এ এবং সি, ফাইবার এবং পটাসিয়ামে পূর্ণ। এটি রক্তে শর্করার মাত্রা স্থিতিশীল করে এবং স্বাস্থ্যকর রক্তচাপকে সহায়তা করে।

এই সুবিধাগুলো কিডনির কার্যকারিতা রক্ষার জন্য অপরিহার্য। ভিটামিন এ এবং সি, পটাসিয়াম এবং ফাইবারে পরিপূর্ণ এই আলু রক্তের গ্লুকোজ এবং রক্তচাপকে স্থিতিশীল রাখে, যা উভয়ই কিডনি রোগের গুরুত্বপূর্ণ ঝুঁকির কারণ।

বিটরুট

অ্যান্টিঅক্সিডেন্ট এবং নাইট্রেট সমৃদ্ধ বিট রক্তচাপ কমাতে এবং রক্ত প্রবাহ উন্নত করতে পারে। উচ্চ ফাইবার সামগ্রী খাবার হজম করতে, শরীরকে পরিষ্কার করতে এবং কিডনিকে ডিটক্সিফাই করতে সাহায্য করে। শীতকালীন সালাদ বা স্যুপে বিট যোগ করতে পারেন।

বিটরুট শক্তিশালী অ্যান্টিঅক্সিডেন্ট এবং নাইট্রেট সমৃদ্ধ, যা রক্তের প্রবাহ বাড়ায় এবং ডিটক্সিফিকেশনে সহায়তা করে।

রসুন


রসুন স্বাদ বাড়ায় এবং কিডনিকে সুস্থ রাখতে সাহায্য করে। অ্যালিসিন হলো রসুনে পাওয়া একটি প্রদাহরোধী, যা রক্তচাপ ও কোলেস্টেরলের মাত্রা নিয়ন্ত্রণে সাহায্য করে। খাবারে রসুন যোগ করলে প্রচুর স্বাস্থ্য উপকারিতা পাওয়ার পাশাপাশি স্বাদও উন্নত হবে। রসুন এর প্রদাহ-বিরোধী বৈশিষ্ট্য অ্যালিসিনের মাধ্যমে রক্তচাপ এবং কোলেস্টেরল কমিয়ে কিডনিকে রক্ষা করে।

ক্র্যানবেরি

ক্র্যানবেরি মূত্রনালীর সংক্রমণ প্রতিরোধে সাহায্য করে এবং মূত্রনালীর সঙ্গে ক্ষতিকারক ব্যাকটেরিয়া লেগে থাকা বন্ধ করে কিডনিকে রক্ষা করে। ফলটি অ্যান্টিঅক্সিডেন্টে সমৃদ্ধ, যা অক্সিডেটিভ স্ট্রেসের বিরুদ্ধে লড়াই করে। কিডনি-বান্ধব খাদ্যের সুস্বাদু সংযোজন হিসাবে ক্র্যানবেরি জুস বা তাজা ক্র্যানবেরি বেছে নিতে পারেন।

ক্র্যানবেরি হলো আরেকটি প্রিয় শীতকালীন ফল যা ক্ষতিকারক ব্যাকটেরিয়া দূর করার ক্ষমতার কারণে মূত্রনালীর সংক্রমণ প্রতিরোধের জন্য পরিচিত। এর অ্যান্টিঅক্সিডেন্ট কিডনির অক্সিডেটিভ স্ট্রেস কমাতে সাহায্য করে, যা কিডনির ক্ষতি রোধ করে।

# শীতে দুই কোয়া রসুনেই মিলবে যেসব উপকার



পরিচয় ডেস্ক: শীতের সময় খাদ্য তালিকায় রাখুন রসুন। শরীর গরম রাখার পাশাপাশি রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে সাহায্য করে এই রসুন। চিকিৎসকদের মতে, রসুন এমনই একটি খাবার, যা সব সময়ই আমরা মসলা হিসেবে খেয়ে থাকি। তবে এই রসুনের কী কী উপকারিতা আছে অনেকেই জানে না। চলুন, জেনে নেওয়া যাক।

রসুনে রয়েছে রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিকারী বৈশিষ্ট্য। এটি নিয়মিত খাওয়া ঠাণ্ডা ও ফ্লুর মৌসুমে অত্যন্ত গুরুত্বপূর্ণ। অ্যালিসিনে ভরপুর রসুনে অ্যান্টিমাইক্রোবিয়াল ও অ্যান্টিব্যাকটেরিয়াল বৈশিষ্ট্য রয়েছে, যা রোগ প্রতিরোধ ব্যবস্থাকে শক্তিশালী করতে সাহায্য করে এবং শীতের অসুস্থতার বিরুদ্ধে প্রাকৃতিক প্রতিরক্ষা প্রদান করে।

শীতে হার্ট অ্যাটাকের ঝুঁকি বেশি থাকে। শীতকালে খাদ্য তালিকায় রসুন থাকলে তা হৃৎপিণ্ডের সামগ্রিক সুস্থতায় অবদান রাখে। অ্যালিসিন রক্তচাপ ও কোলেস্টেরলের মাত্রা নিয়ন্ত্রণে রাখতে সহায়তা করে রসুন। ফলে কার্ডিওভাসকুলার রোগের ঝুঁকি কমে।

প্রতিদিন খালি পেটে চার থেকে পাঁচ কোয়া রসুন খেতে ভুলবেন না। অ্যান্টিমাইক্রোবিয়াল গুণে ভরপুর এই রসুন। এটি শ্বাসযন্ত্রের সংক্রমণের বিরুদ্ধে লড়াই করে এবং কাশির মতো উপসর্গগুলো নিরাময় করতে সহায়তা করে।

শ্বাসকষ্টের সমস্যাকে প্রাকৃতিক প্রতিকার প্রদান করে রসুন। রসুনকে বলা হয় পুষ্টির পাওয়ার হাউস।

এতে ভিটামিন সি, বি ৬, ম্যাঙ্গানিজ ও সেলেনিয়াম রয়েছে।

# রান্নাবান্না

## গরুর মাংসের বিরিয়ানি



পরিচয় ডেস্ক : সুস্বাদু গরুর মাংসের বিরিয়ানি রান্না করলে সবাই খেতে পছন্দ করবে নিশ্চয়ই। তবে সঠিক রেসিপি জানা না থাকার কারণে অনেকের বিরিয়ানি ঠিক সুস্বাদু হয় না। তবে মন খারাপের কারণ নেই। সহজেই রেসিপি শিখে নিয়ে আপনিও রাঁধতে পারেন সুস্বাদু বিরিয়ানি।

মাংসের জন্য যা লাগবে: গরুর মাংস ১ কেজি, আদা বাটা- ১ টেবিল চামচ, রসুন বাটা ১/২ টি চামচ, ধনে গুঁড়া ১ চা চামচ, জিরা গুঁড়া ২ চা চামচ, মরিচ গুঁড়া ১/২ টে চামচ, হলুদ গুঁড়া ১/২ চা চামচ, গরম মসলা গুঁড়া ১ চা চামচ, জায়ফল-জয়ত্রী গুঁড়া ১/৪ চা চামচ. বেরেস্তা ১/২ কাপ, টক দই ১/৪ কাপ, তেল /ঘি ১/২ কাপ, আস্ত গরম মসলা ৪/৫ টি করে, তেজপাতা ২টি, কাঁচামরিচ ১০/১২টি, লবণ স্বাদমতো ।

পোলাওয়ের জন্য যা লাগবে: পোলাওর চাল ৩ কাপ, দুধ ১ কাপ, পানি ৫ কাপ, আলু- ৪/৫টি, এলাচ, দারুচিনি, লবঙ্গ, তেজপাতা ২টি করে, কাঁচা মরিচ ১০-১২টি, চিনি ১ চা চামচ, লবণ স্বাদমতো

যেভাবে তৈরি করবেন: বাটা ও গুঁড়া মসলা সামান্য পানি এবং লবণ দিয়ে মিশিয়ে রাখুন। চাল ধুয়ে পানি ঝরিয়ে নিতে হবে। রান্নার পাত্রে তেল গরম করে নিন। এরপর তাতে তেজপাতা ও আস্ত গরম মসলা ফোঁড়ন দিন। এবার মিশিয়ে রাখা মসলা দিয়ে কষাতে হবে। মসলা কষানো হয়ে গেলে তাতে মাংস দিয়ে কষিয়ে নিন ভালো করে। এবার আধা ঘণ্টার মতো ঢেকে রান্না করুন। আলাদা পানি যোগ করার প্রয়োজন নেই। চুলার আঁচ অল্প রাখবেন। মাঝে মাঝে ঢাকনা তুলে নেড়ে আবার ঢেকে দিন। মাংস সেদ্ধ হলে বেরেস্তা ও কাঁচামরিচ দিয়ে মিনিট দশেকের জন্য ঢেকে রেখে দিন। এবার নামিয়ে নিন।

আলুর খোসা ছাড়িয়ে লবণ মেখে সোনালি করে ভেজে নিন। এরপর রান্নার হাঁড়িতে তেজপাতা ও আস্ত গরম মসলা দিয়ে চালগুলো দিন। কিছুক্ষণ ভেজে তাতে লবণ, আলু, দুধ ও পানি দিতে হবে। এবারে চুলার আঁচ বাড়িয়ে দিন। পানি ফুটে উঠলে রান্না করুন যতক্ষণ না পানি আর চাল সমান সমান হয়ে আসে।

## আচারি খিচুড়ি



পরিচয় ডেস্ক : বৃষ্টির দিন মানেই খিচুড়ির আয়োজন। সুস্বাদু খিচুড়ির সঙ্গে যদি যোগ হয় মাংস আর আচারের স্বাদ, তবে তো জিভের জল সামলে রাখাই দায়! রেসিপি জানা থাকলে কোনো রান্নাই কঠিন নয়। তবে ঝামেলা বাঁধে যদি আপনার রেসিপি জানা না থাকে।

তৈরি করতে যা লাগবে: চাল- ১ কেজি, মাংস- দেড় কেজি, মসুর ডাল- আধা কাপ, মুগ ডাল আধা কাপ, হলুদ গুঁড়া ১ চা চামচ, সরিষার তেল ১ কাপ, পেঁয়াজ কুচি ১ কাপ, ধনিয়া গুঁড়া আধা চা চামচ, জিরা গুঁড়া- আধা চা চামচ, লবণ স্বাদমতো, গরম মসলা ১ চা চামচ, শুকনা মরিচ ১ চা চামচ, আচার ১ কাপ, কাঁচা মরিচ স্বাদমতো, পানি পরিমাণমতো।

যেভাবে তৈরি করবেন: প্রথমে মাংসগুলো ছোট করে কেটে নিন। এরপর তাতে সব মসলা মিশিয়ে ভালো করে কষিয়ে নিন। অন্য একটি প্যানে মুগ ডাল ভেজে নিন। এবার ভালো করে ধুয়ে রাখুন। এরপর চাল, ডাল ও বাকি সব মসলা দিয়ে ভেজে পরিমাণমতো পানি দিয়ে রান্না করে নিন। পানি শুকিয়ে এলে তাতে রান্না করে রাখা মাংস আলতো হাতে মিশিয়ে দিন। বেশি ঘুটবেন না তাতে খিচুড়ি নরম ও আঠালো হয়ে যেতে পারে। এরপর নামানোর আগে আচার ভালো করে মিশিয়ে দিন। আচার যেন টক স্বাদের হয়, সেদিকে খেয়াল রাখবেন। কারণ মিষ্টি আচার দিলে তা খেতে খুব বেশি ভালোলাগবে না। এবার গরম গরম পরিবেশন করুন সুস্বাদু আচারি খিচুড়ি।


জ্যাকসন হাইটসে বাঙালি খাবারের সেরা রেঁস্তোরা



সীমিত আসন, টেকআউট, ক্যাটারিং এবং ডেলিভারীর জন্য খোলা



ইত্যাদি
Ittadi
ITTADI GARDEN & GRILL
73-07 37th Road Street, Jackson Heights
NY 11372, Tel: 718-429-5555

# মাটন রেজালা



পরিচয় ডেস্ক : আজকাল যেকোন উৎসবের আয়োজনে থাকে মাংসের বাহারি পদ। জিভে জল আনা সেসব খাবার তৈরির জন্য সঠিক রেসিপিও তো জানা থাকা চাই। এই যেমন আপনি মাটন রেজালা রাঁধতে চাইলে ঝটপট শিখে নিতে হবে রেসিপি।

তৈরি করতে যা লাগবে: খাসির মাংস ১ কেজি, পেঁয়াজ বাটা আধা কাপ, আদা বাটা ১ টেবিল চামচ, রসুন, বাটা ১ চা চামচ, তেল আধা কাপ, এলাচ ৩/৪ টি, দারুচিনি ৩/৪ টুকরা, কাঁচা মরিচ ৪/৫টি, দই আধা কাপ, লবণ স্বাদমতো।

যেভাবে তৈরি করবেন: প্রথমে রান্নার পাত্রে তেল দিন। তেল গরম হলে তাতে পেঁয়াজটুকু দিয়ে দিন। এবার পেঁয়াজ কুচি হালকা সোনালি করে ভেজে নিন। ভাজা হয়ে এলে তাতে অন্যান্য মসলা ও মাংস ভালো করে মাখিয়ে দিয়ে দিন। কষিয়ে নিয়ে অল্প পানি যোগ করুন। খুব বেশি পানি দেবেন না। এবার মৃদু আঁচা রান্না করুন আধা ঘণ্টার মতো। মাঝে মাঝে ঢাকনা খুলে নেড়েচেড়ে দেবেন। মাংস সেদ্ধ হয়ে উপরে তেল ভেসে উঠলে আর সুন্দর গন্ধ বের হলে নামিয়ে নিন। মাটন রেজালা পোলাও, বিরিয়ানি, পরোটা, রুটি ইত্যাদির সঙ্গে পরিবেশন করতে পারবেন।

# মুরগির রোস্ট



পরিচয় ডেস্ক : বাড়িতে অতিথি এলে কিংবা যেকোনো উৎসব-আয়োজনে পোলাওয়ের সঙ্গে মুরগির রোস্ট না হলে চলে না যেন। বিশেষ করে বিয়েবাড়ির খাবারের আয়োজনে মুরগির রোস্ট থাকেই। সুস্বাদু এই পদ রান্না করার জন্য সঠিক রেসিপি জানা থাকা চাই। একবার খেলে মুখে তার স্বাদ লেগে থাকবে অনেকদিন।

তৈরি করতে যা লাগবে: মুরগি ১টি, আদা-রসুন বাটা ৫ টেবিল চামচ, কাজু বাদাম ৫ টেবিল চামচ, টক দই ৪ টেবিল চামচ, পেঁয়াজ ১৫০ গ্রাম, তেল ১৫০ গ্রাম, কাঁচা মরিচ ১০ পিস, দুধ ২৫০ গ্রাম, মাওয়া ৫০ গ্রাম, জিরা গুঁড়া ১০ গ্রাম, ধনিয়া গুঁড়া ১০ গ্রাম, টমেটো কেচাপ ২০ গ্রাম, সাদা গোলমরিচ ১০ গ্রাম, এলাচ ৫টি, দারুচিনি ৫টি, কিশমিশ ১০ গ্রাম, লবণ পরিমাণ মতো, তেজপাতা ৫টি, জয়ত্রী ৫ গ্রাম, জায়ফল ১টির অর্ধেক।

যেভাবে তৈরি করবেন: মুরগি ৪ পিস করে কাটতে হবে। লবণ, হলুদ ও আদা-রসুন মাখিয়ে ভাজতে হবে। তারপর তেলের মধ্যে পেঁয়াজ, আদা ও রসুন বাটা দিয়ে ভুনতে হবে। এরপর তাতে কাঁচা মরিচ, টক দই, কাজু বাদাম, কিশমিশ, সাদা গোলমরিচ দিয়ে ভুনতে হবে। ভুনা হলে এর মধ্যে ভাজা চিকেন দিয়ে সঙ্গে গুঁড়াদুধ, ঘি, গরম মসলা গুঁড়া, মাওয়া, গোলাপজল ও অল্প পরিমাণ পানি দিয়ে মুরগিটাকে আরও কিছুক্ষণ রান্না করে নামাতে হবে। সঙ্গে জাফরান পোলাও ও ভাজা কাজু বাদাম দিয়ে গরম গরম মুরগির রোস্ট পরিবেশন করুন।





KHAN'S
TUTORIAL
MARCH SAT PREP
Enroll Now & Get Up To
$400 OFF
ALL SIGNATURE SAT PACKAGES!
Sale ends Sunday January 25th, 2026
Grade 10 & 11 Students
NYU
MACAULAY
HONORS COLLEGE
FORDHAM
VILLANOVA
UNIVERSITY
Northeastern
University
Northwestern
University
RIT
Penn
THE CITY
UNIVERSITY
OF
NEW YORK
BINGHAMTON
UNIVERSITY
Call Now at (718) 938-9451 or Visit KhansTutorial.com


ঈদ মোবারক
রূপসী চাঁদপুর ফাউন্ডেশন ইনক
এর পক্ষ থেকে চাঁদপুরবাসীকে
পবিত্র ঈদুল ফিতরের শুভেচ্ছা
রাজু সাহা বিপ্লব
সভাপতি
রূপসী চাঁদপুর ফাউন্ডেশন ইনক.
RUPOSHI CHANDPUR FOUNDATION INC.

# এসাইলাম সেন্টার / স্টপ ডিপোর্টেশন

## আমেরিকায় গ্রীনকার্ড/ বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন










## বাংলাদেশ/ইন্ডিয়া/পাকিস্তান/নেপাল/সাউদ আমেরিকা/আফ্রিকা এবং অন্যান্য

একটি রাজনৈতিক/ধর্মীয়/সামাজিক ও নাগরিক অধিকার বিষয়ক এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।

প্রশ্ন হলো, আপনার এই কেইসটি কে তেরী করেছে এবং কে আপনাকে ইমিগ্রেশনে / কোর্টে রিপ্রেজেন্ট করছে?

## কেন আমাদের কাছে আসবেন

- আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্তর যোগাযোগ করুন।
- বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)কে TIER (III) জঙ্গী সংগঠন হিসেবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপি'র সর্বাধিক কেইসে আমরাই জয়লাভ করেছি।)
- ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
- আমরা অত্যন্ত সফলতার সাথে অনেকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
- ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ ডিভোর্স /ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
- দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকার JEWISH ATTORNEY দের সাহায্য নিন এবং আমেরিকায় আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
- ফ্রি কন্সালটেন্সি




## লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি

(আমরা নিন্দিত এবং সমালোচিত। কিন্তু আপনার সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়)

৭৩-৪৮, ৭২ স্টিট, ২য় তলা জ্যাকসন হাইটস নিউ ইয়র্ক ১১৩৭২ ফোন: ৯১৭-৭২২-১৪০৮, ৯১৭-৭২২-১৪০৯

ই-মেইল:LEGALNETWORK.US@GMAIL.COM


Eid Mubarak
Wishing you and your family a joyful Eid al Fitr 1447 H. May this blessed occasion bring peace, happiness, and prosperity.
Ln. Shah Nawaz
Chairman, Trustee Board
Bangladesh Society Inc.
President & CEO
Shah Nawaz Group
Ln. Rano Nawaz
Vice President
Shah Nawaz Group

## রাশিয়ার স্বার্থের খেলায় ইরান কি কেবলই একটি ঘুঁটি

১৪ পৃষ্ঠার পর

আসল চরিত্রটিই সেখানে ফুটে উঠেছিল। রাশিয়ার এই সম্পর্ক কেবল একতরফা, লেনদেনভিত্তিক এবং এতে আস্থার কোনো ছিটেফোঁটা নেই। পুতিন যখন আজ ইরানকে আবেগঘন বার্তা পাঠান, সেটি আসলে কোনো রাজনৈতিক সমর্থন কিংবা সামরিক প্রতিশ্রুতির অংশ নয়। এটি কেবল একটি প্রতীকী বাক্য, যা ইরানকে কোনো হামলা থেকে সুরক্ষা দেবে না। রাশিয়ার কাছে ইরান এমন এক ঘুঁটি, যাকে যেকোনো মুহূর্তে বিসর্জন দেওয়া যায়। মস্কোর কাছে তেহরান কেবল পশ্চিমা বিশ্বের সঙ্গে দরাদরির এক মাধ্যম। স্বার্থে আঘাত লাগলে এই ঘুঁটি যেকোনো সময় তারা বাতিল করে দিতে পারে। পুতিনের এই নওরোজ শুভেচ্ছা তাই কোনো গভীর রাজনৈতিক বার্তার চেয়ে বেশি মৌসুমি শিষ্টাচার। এটি ইরানকে নিরাপত্তা দেয় না এবং রাশিয়ার শত্রুদেরও আতঙ্কিত করে না। যুদ্ধের সময় যে শব্দের কোনো প্রতিফলন কাজ বা অ্যাকশনে নেই, তার কোনো মূল্য নেই। ইরান আজ চারপাশ থেকে আক্রান্ত হওয়ার সময় খুব ভালোভাবেই জানে যে মস্কো কখনোই তাদের মাথার ওপর ছায়া হয়ে দাঁড়াবে না। ইতিহাসের শিক্ষাই হলো, রাশিয়ার কোনো বন্ধু নেই, আছে শুধু স্বার্থ। আর স্বার্থ কখনোই দুর্বলের পক্ষে থাকে না।

কারাম নামা ব্রিটিশ-ইরাকি লেখক ও রাজনৈতিক বিশ্লেষক
মিডল ইস্ট মনিটর থেকে নেওয়া, ইংরেজি থেকে অনূদিত

## ‘নেতারা যদি বুঝত, যুদ্ধ করত না!’

১৪ পৃষ্ঠার পর

অন্যদের পাদুকা সারাই-সেলাই করে তাঁদের গতিকে নির্বিঘ্ন করলেন সারা জীবন, অথচ নিজে এক ‘কদম’ও সামনে যেতে পারলেন না! গরিবি পিছু ছাড়ল না, দুটো ডাল-ভাতের জন্য এখনো লড়াই চালাতে হচ্ছে, এই বয়সেও। ‘আমাদের শুকনো ভাতে লবণের ব্যবস্থা হোক’-জয় গোস্বামীর কবিতার এই পঙ্‌ক্তিই যেন প্রমিল ঋষি দাশের জীবনের সার ও সারাৎসার।

হাসান ইমাম প্রথম আলোর জ্যেষ্ঠ সহ-সম্পাদক

## রাষ্ট্র সংস্কার প্রশ্নে মতভিন্নতা মিটুক আলোচনায়

১৬ পৃষ্ঠার পর

সংবিধান সংস্কার পরিষদের অধিবেশন আহ্বানের কথা থাকলেও তা হয়নি বলে অনেকের মধ্যে হতাশা সৃষ্টি হতে পারে। এ ক্ষেত্রে বিকল্পের কথা নাকি আদেশে বলা হয়নি। এমন ‘আদেশ’ জারির বৈধতা নিয়েও প্রশ্ন তোলা হয়েছে। আদালতে রিটও হয়েছে। এ অবস্থায় দীর্ঘ সংস্কার আলোচনার প্রতি সম্মান রেখে অনিষ্পন্ন প্রস্তাবগুলোর ওপর নতুন করে সংলাপ হতে পারবে না, তা নয়। সরকারি দল থেকে বলা হয়েছে, সংবিধান সংস্কার পরিষদ নিয়েও আলোচনা হতে পারে। তবে এমন পরিষদ গঠিত হলেই সংসদ বসার ১৮০ কার্যদিবসের মধ্যে উল্লিখিত ৩০টি মৌলিক সংস্কারের বাস্তবায়ন হয়ে যাবে সে নিশ্চয়তাও নেই। ক্ষমতাসীন দল তার ভিন্নমত পাশে সরিয়ে জামায়াত-এনসিপির সঙ্গে দ্রুতই একমত হবে, এমনটা মনে করার কারণ নেই। সেটি ঘটার কিছুটা সম্ভাবনা হয়তো ছিল নির্বাচনের আগে। এখন পরিস্থিতি গুণগতভাবেই ভিন্ন।

যেসব প্রশ্নে সব দল সম্পূর্ণ একমত, সেগুলোর বাস্তবায়নে অবশ্য দ্রুত এগোনো যেতে পারে। আর যেসব প্রশ্নে সামান্য মতপার্থক্য রয়ে গেছে, সেগুলো দূর করতে প্রয়োজন নতুন করে সংলাপের। উদাহরণস্বরূপ, সংসদের দ্বিতীয় কক্ষ গঠনে বিএনপিকে আপত্তি প্রত্যাহারের কথা বলা যেতে পারে। গভীর মতপার্থক্য নিয়েও আলোচনা সম্ভব; এমনকি হতে পারে বিতর্ক। যুক্তি দিয়ে বিএনপিকে চেপে ধরা যেতে পারে সংসদে। তবে মনে হয় না, এ নিয়ে রাজপথে যাওয়ার হুমকিতে ক্ষমতাসীন দল ভীত হবে। জনগণও এ প্রশ্নে এখনই আন্দোলন পছন্দ করবে না। ক্ষমতায় আসার পর ১৮০ দিনকে সরকারের ‘হানিমুন পিরিয়ড’ বলেও বিবেচনা করা হয়। এ সময়ে তারা কিছু ‘বেদনাদায়ক সংস্কার’ কাজে হাত দিলেও লোকে মেনে নেয়। জামায়াত-এনসিপিকে বুঝতে হবে, তাদের প্রভাব বলয়ে থাকা অন্তর্বর্তী সরকার বিদায় নিয়েছে। নতুন সরকারের কাছ থেকে বাড়তি কিছু আদায় করতে হলে প্রয়োজনে সংসদে ‘বাহাস’ করে আগে নিজ দাবির যৌক্তিকতা প্রতিষ্ঠা করতে হবে। তাতেও সরকার রাজি না হলে তার বিরুদ্ধে প্রচারণা চালানো যেতে পারে। এতে তার অজনপ্রিয় হওয়ার ঝুঁকি থাকলে সেটা সরকার বুঝবে।

আওয়ামী লীগকে বাইরে রাখা হলেও দেশে-বিদেশে মোটাদাগে গ্রহণযোগ্য একটি নির্বাচনের মাধ্যমে গণতন্ত্রে উত্তরণ করা গেছে এটা কম নয়। নতুন সংসদ বসেছে। এতে উপস্থিত শক্তিশালী বিরোধী দল সরকারকে চাপে রাখবে; সেটা সংসদের শক্তির দিকও বটে। তবে তাদের হঠকারিতা কাম্য নয়। রাষ্ট্রের খোলনলচে দ্রুত পাল্টে ফেলা যায় না নজিরবিহীন গণঅভ্যুত্থানের পরও কিন্তু তারা এ সত্যের মুখোমুখি হয়েছেন। সিংহভাগ মানুষের মত উপেক্ষা করে চললে সুফল মেলে না এরও প্রমাণ মিলেছে। তার অর্থ আবার এই নয়, সংস্কারের আবশ্যকতা নেই। মৌলিক সংস্কারও হতে হবে। অন্তর্বর্তী শাসনামলে যেসব সংস্কার গুরুত্ব পায়নি, সেগুলোও পর্যায়ক্রমে সামনে আনা প্রয়োজন। আর কোনো সংস্কারে সংবিধান সংশোধন প্রয়োজনীয় হলে সংসদেই সেটা করা যাবে। সংবিধান সংস্কার পরিষদ গঠিত না হলে উল্লিখিত ৩০টি সংস্কারে এগোনো যাবে না সেটা তো ঠিক নয়। ১৮০ কার্যদিবসের পরও এসব করার সুযোগ থাকবে।

হাসান মামুন: সাংবাদিক, কলাম লেখক


# Law Office of Mahfuzur Rahman



Mahfuzur Rahman, Esq.
এটর্নী মাহ্‌ফুজুর রহমান
Attorney-At-Law (NY)
Barrister-At-Law (UK)

Admitted in US Federal Court
(Southern & Eastern District, Court of Appeals 2nd Circuit and Ninth Circuit.)

সহযোগিতার জন্য যোগাযোগ করুন।
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, ন্যাচারালাইজেশন এবং সিটিজেনশীপ, এসাইলাম, ডিপোর্টেশন, Cancellation of Removal, VAWA পিটিশন, লিগ্যালাইজেশন, বিজনেস ইমিগ্রেশন (H-1B, L1B, J1, EB1, EB2, EB3, EB5)
ফ্যামিলি ল’ আনকনটেস্টেড এবং কনটেস্টেড ডিভোর্স, চাইল্ড সাপোর্ট এবং কাস্টডি, এলিমনি।

- ব্যাংক্রাপ্সী
- ল্যান্ডলর্ড ট্যানেন্ট ডিসপিউট
- রিয়েল এস্টেট ক্লোজিং
- উইল্‌স
- ইনকোর্পোরেশন
- ক্রেডিট কনসলিডেশন
- পার্সনাল ইঞ্জুরি (এক্সিডেন্ট, কনস্ট্রাকশন)
- মর্গেজ
- ক্রিমিন্যাল এবং সিভিল লিটিগেশন
- ট্যাক্স ম্যাটার

Appointment : 347-856-1736
JACKSON HEIGHTS
75-21 Broadway, 3rd Fl, Elmhurst, NY 11373
Tel: 347-856-1736, Fax: 347-436-9184
E-mail: attymahfuz@gmail.com


## বিরোধী দলের ভূমিকা বনাম জুলাইয়ের প্রকৃত প্রেরণা

১৬ পৃষ্ঠার পর

কমিশন’ দেখানোও বিস্ময়কর বৈ কি! যেখানে নিবন্ধিত রাজনৈতিক দলের সংখ্যা ৫৪; সেখানে ৩৩টি রাজনৈতিক দল কীভাবে সমগ্র জাতির প্রতিনিধিত্ব করে? আবার জাতীয় পার্টিকে নির্বাচনে অংশ নেবার সুযোগ দেওয়া হলেও সংস্কার বৈঠকে ডাকা হয়নি! এক যাত্রায় পৃথক ফল এই ‘হাঁসজারু’ কার্যক্রমের পথ ধরেই এসেছিল গণভোট। দেশের অর্ধেকের বেশি সংখ্যক মানুষকে বিবেচনার বাইরে রেখে পরিস্থিতির সুযোগ নিয়ে অদ্ভুত গণভোটের রায় জাতির কাঁধে চাপিয়ে দেওয়া যায়?

৩. গণভোট কিংবা সংবিধান সংস্কার কমিশন সবই নির্বাচিত জাতীয় সংসদের সার্বভৌমত্বের ওপর অনির্বাচিত অন্তর্বর্তী সরকারের ভূত চাপিয়ে দেওয়ার অপচেষ্টা। যেখানে সংসদে দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতা থাকলেই সংবিধান সংশোধন সম্ভব, সে ক্ষেত্রে সংবিধান সংস্কার পরিষদের প্রয়োজন কেন? উত্তর অনেক থাকতে পারে; কিন্তু এটি সুবিবেচনাপ্রসূত নয়। গণভোট আগে, পরে সংসদে বাস্তবায়নযোগ্য এটিও একই মানসিকতার। কর্মসংস্থান, ফসলের ন্যায্য দাম, শ্রমিকের মজুরি, নিম্নবিত্ত ও মধ্যবিত্তের নিত্যকার বাঁচার লড়াই, নারীর মর্যাদা ইত্যাদি প্রশ্নে আমরা সংসদে বিরোধী দলকে সরব ও প্রশ্নমুখর দেখতে চাই। দেখতে চাই সরকারি দলকে বিবেচনাসম্মত সিদ্ধান্ত গ্রহণ করতে প্রস্তুত থাকতে। আমরা দেখতে চাই গণতন্ত্র ও বাকস্বাধীনতার ক্ষেত্রে বিরোধী দলকে প্রশ্ন ও উপাত্ত সংসদে হাজির করতে। যাবতীয় গোষ্ঠীপ্রীতি ও কর্তৃত্ববাদের বিরুদ্ধে উজ্জীবিত সংসদই প্রকৃত জুলাইকে ধারণ করতে পারে। মব সন্ত্রাস অন্তর্বর্তী সরকারের আমলে সবচেয়ে বড় অস্ত্র হয়ে উঠেছিল। আইন নিজের হাতে তুলে নেওয়ার এই অমোঘ সুযোগ এখনও অনেকে হারাতে চান না। সংসদের ভেতরে যুক্তিতর্কেই যেখানে মীমাংসা হবার কথা, সেখানে জুলাই সনদ আদেশ বাস্তবায়নে রাজপথের আন্দোলনের কথাও আমরা শুনতে পাচ্ছি। কার জন্য এই আন্দোলনের হুমকি? তবে কি বর্তমান বিরোধী দল সেই অতীত দিনের বিরোধী দলের মতো মারমুখী হয়ে উঠতে চাইছে? নাকি গত ১৮ মাসের মব সন্ত্রাসের মজা কেউ কেউ ভুলতে পারছে না! গণঅভ্যুত্থান-উত্তর এ দেশের মানুষ আর কাউকে আইন নিজের হাতে তুলে নিতে দেখতে চায় না। রক্তস্নাত যে আন্দোলন, মানুষের আত্মাহুতি, প্রাণত্যাগ সবই আইনের শাসন প্রতিষ্ঠার জন্য। অন্তর্ভুক্তিমূলক সমাজের যে আকাঙ্ক্ষা জুলাইয়ের অন্যতম প্রত্যয়, তা কাগুজে কথা হয়ে থাকতে পারে না। এ ব্যাপারেও সরকারি ও বিরোধী দলকে কথা বলতে হবে। রাষ্ট্র তার প্রত্যেক মানুষকে সমান মর্যাদা, সম্মান ও নিরাপত্তার সঙ্গে জীবনযাপন নিশ্চিত করবার অধিকার সংরক্ষণ করে জুলাই গণঅভ্যুত্থানে এই সত্য বারবার সামনে এসেছে। আমরা জাতীয় সংসদের চলমান অধিবেশনে এর সপক্ষে সব দলের সুস্পষ্ট অবস্থান দেখতে চাই। অন্তর্বর্তী সরকারের আমলে যে নির্বিচার মামলার শিকার হয়ে সাধারণ মানুষ ধুঁকছে কারাগারে, তার আশু অবসান জরুরি। আগামী দিনে কথা বলা বা মত প্রকাশের জন্য কাউকে যাতে রাষ্ট্রীয় নিপীড়নের শিকার না হতে হয়, সে ব্যাপারে সুস্পষ্ট অঙ্গীকার অবাধ মতপ্রকাশের অনেক বাধাই দূর করবে। সব মিলিয়ে রাষ্ট্র ব্যক্তির পাশে থাকবে। হুকুমের মালিক হয়ে নয়, নিশ্চিত সহায় হয়ে। এটিই চব্বিশের গণঅভ্যুত্থানের সবচেয়ে বড় প্রেরণা।


মাহবুব আজীজ: উপসম্পাদক, সমকাল; সাহিত্যিক

## মধ্যপ্রাচ্যে পর্যটন খাতে ২০ দিনে ক্ষতি ১২ বিলিয়ন ডলার

১০ পৃষ্ঠার পর

বিভিন্ন হোটেলে ৮০ হাজারেরও বেশি রুম বুকিং বাতিল হয়েছে। কুয়েত ও বাহরাইনের পর্যটন কেন্দ্রগুলো এখন জনশূন্য। বিদেশী পর্যটকদের সরিয়ে নেয়ার কাজ চলছে এবং অনেক হোটেল এখন সামরিক বাহিনীর আবাসন হিসেবে ব্যবহৃত হচ্ছে। ২০২৬ সালের মধ্যে মধ্যপ্রাচ্য পর্যটন খাত থেকে ২০৭ বিলিয়ন ডলার আয়ের লক্ষ্য নির্ধারণ করেছিল। কিন্তু বর্তমান পরিস্থিতি এ লক্ষ্যমাত্রাকে অনিশ্চিত করে তুলেছে। এমনকি সৌদি আরবের উচ্চাভিলাষী ‘ভিশন ২০৩০’-এর মেগা প্রকল্পগুলোর নির্মাণ ও প্রচারের গতিও ধীর হয়ে গেছে। এ পরিস্থিতির কারণে পবিত্র মক্কা ও মদিনাতেও দর্শনার্থীর সংখ্যা উল্লেখযোগ্য হারে কমেছে বলে কর্মকর্তারা জানিয়েছেন।


সর্বনিম্ন মূল্যে বাংলাদেশ ভ্রমণ করুন
আমরা যেকোন ট্রাভেল এজেন্সী
অনলাইন/ইন্টারনেট প্রাইস থেকে কমমূল্যে টিকেট দিয়ে থাকি
জেএফকে-ঢাকা-জেএফকে
JFK-Dhaka-JFK
আমেরিকার যেকোন স্টেট থেকে বাংলাদেশসহ
বিশ্বের যেকোন দেশে সুলভে ভ্রমণ করুন
LOWEST GUARANTEED PRICES



MIRZA M ZAMAN
(SHAMIM) - CEO


Emirates ETIHAD QATAR KUWAIT AIRWAYS TURKISH AIRLINES SAUDIA DELTA
Cheapest Domestic & International Air Tickets
GLOBAL NY 1 TRAVELS, INC
168-47, Hillside ave, 2nd Floor
Jamaica NY-11432
OFFICE: 718-205-2360, CELL: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com
অনলাইনে সবচেয়ে কমমূল্যে
এয়ার টিকেট এবং হোটেল বুকিং দিন



বিসমিল্লাহির রাহমানির রাহিম
বাংলাদেশ জিন্দাবাদ
ও মন রমজানের
ঐ রোজার শেষে
এলো খুশির ঈদ
ঈদ মোবারক
দেশ ও প্রবাসের সবাইকে জানাই
পবিত্র-ঈদুল-ফিতর
২০২৬-এর
শুভেচ্ছা
গিয়াস আহমেদ
সদস্যঃ কেন্দ্রীয় নির্বাহী কমিটি, বিএনপি।


SMG FUNDING
মর্টগেজ
এর মাধ্যমে বাড়ি কিনুন
স্বল্প আয়?
কোনো সমস্যা নেই
ডিরেক্ট লেন্ডার
কোনো আয় দেখানোর প্রয়োজন নেই,
ব্যাংক স্টেটমেন্টও লাগবে না
এক বছর ট্যাক্স ফাইল (১০৯৯) এবং মাত্র ৫%
ডাউন পেমেন্ট দিয়ে বাড়ি কিনতে পারবেন
ট্যাক্সি ক্যাব ও ব্যবসার মালিকদের
জন্য রয়েছে বিশেষ প্রোগ্রাম
হোমকেয়ারে যারা কাজ করেন
তাদের জন্যও থাকছে বিশেষ সুবিধা
যাদের ওয়ার্ক পারমিট আছে,
তারাও বাড়ি কিনতে পারবেন
MEADOWBROOK
139-27 QUEENS BLVD, SUITE2,
JAMAICA, NY 11435
AKIB HUSSAIN
BRANCH MANAGER
(646) 920-4799


Empire Care Agency
LHCSA Licensed Home Health Care
PCA / HHA SERVICE
WHY CHOOSE US?
We Pay The
Highest Rate
Our Experienced Nurse Will
Advocate for your more Hours
হোম কেয়ার সেবা দিয়ে
অর্থ উপার্জন করুন
আমরা
সর্বোচ্চ পেমেন্ট
দিয়ে থাকি
OUR SERVICES
Skilled Nursing
Home Health Aides
Medicaiton Remindrs
Meal Preparation
Personal Care
Light Housekeeping
$23
Per Hour Giver to
PCA & HHA
Care Giver
WE SPEAK BANGLA, HINDI, URDU, PUNJABI, SPANISH
NURUL AZIM
CEO
516-451-3748
119-40 Metropolitan Ave
Suite 101C, Kew Gardens
NY 11415
516-900-7860
Fax: 212-381-0649
Empirehcam@gmail.com



Eid Mubarak
Wishing you and your family all the blessings of Allah this day of Eid
Gree Mechanical Yonkers
1900 Central Park
Ave Yonkers Ny
10710
914-222-9477 /
917-459-9483
GREE MECHANICAL YONKERS
Midea
Tofael Chowdhury

# করছাড় কমলেও বাংলাদেশের কর

১০ পৃষ্ঠার পর

যদিও তিন অর্থবছরে করছাড় কমেছে, তবুও এর পরিমাণ এখনও বড় আকারেই রয়েছে।

২০২২-২৩ অর্থবছরে মোট আয়কর আদায় ছিল প্রায় ১ লাখ ৮ হাজার কোটি টাকা, ১ লাখ ৭ হাজার ১৩২ কোটি টাকার করছাড়ের যা প্রায় সমান। এটি জিডিপির ২.৩৯ শতাংশের সমান। অবশ্য ২০২০-২১ অর্থবছরে, যখন করব্যয় প্রতিবেদনটি প্রথম প্রকাশ করা হয়, তখন করছাড় ছিল আরও বেশি বা জিডিপির ৩.৫৬ শতাংশ। প্রতিবেদন অনুযায়ী, করছাড় বলতে করব্যবস্থার স্বাভাবিক কাঠামো থেকে বিচ্যুতি বোঝায়, যেখানে ছাড়, রিবেট বা বিশেষ হারে কর আরোপের মাধ্যমে সামাজিক ও অর্থনৈতিক লক্ষ্য অর্জনের চেষ্টা করা হয়। এসব করছাড় কার্যত পরোক্ষ ভর্তুকি হিসেবে কাজ করে। সহজভাবে বলতে গেলে, সরকার স্বাভাবিক করহারের তুলনায় যে কম হারে কিংবা পুরোপুরি কর ছাড় দেয়, তা করছাড় হিসেবে গণ্য হয়। সরকারের এ করছাড়কে করব্যয় হিসেবে বিবেচনা করা হয়।

এনবিআরের আয়কর নীতি বিভাগের সদস্য মুতাসিম বিল্লাহ ফারুকি টিবিএসকে বলেন, “সরকার রাজস্ব আদায় বাড়ানোর স্বার্থে এক্সেম্পশনের (ছাড়ের) পরিমাণ কমানোর জন্য কাজ করছে গত কয়েক বছর ধরে। বিশেষত সানসেট ক্লজ এর আওতায়, কিছু খাতের এক্সেম্পশনের মেয়াদ শেষ হওয়ার পর তা আর বর্ধিত করা হয়নি। আবার কিছু ক্ষেত্রে সুবিধা সংকুচিত করা হয়েছে। ফলে সার্বিকভাবে করছাড়ের পরিমাণ কমছে।চ

তিনি আরো বলেন, “এছাড়া ব্যক্তি খাতে ঢালাও যেসব ছাড় দেওয়া হতো, তাতেও রাশ টানা হয়েছে। অন্যদিকে যেসব খাত থেকে ট্যাক্স আদায় করা যেত না, সেখানে মিনিমাম ট্যাক্স আকারে কিছু ট্যাক্স আরোপ করা হয়েছে।চ “ফলে একদিকে কর আদায় বাড়ছে, অন্যদিকে ছাড়ের পরিমাণ কমছে। আমাদের দীর্ঘমেয়াদি টার্গেট হলো, ভবিষ্যতে করছাড়ের পরিমাণ বর্তমানের তুলনায় অর্ধেকে নামিয়ে আনা,চ তিনি যোগ করেন।

সতর্ক থাকার পরামর্শ

তবে সংশ্লিষ্ট কর্মকর্তারা সতর্ক করে বলেছেন, রাজস্ব বাড়ানোর পাশাপাশি সামগ্রিক অর্থনৈতিক প্রভাব বিবেচনায় নেওয়া জরুরি।

প্রতিবেদন প্রণয়নে যুক্ত এনবিআরের এক কর্মকর্তা বলেন, আগের বছরগুলোর তুলনায় ২০২২-২৩ অর্থবছরে করছাড় কমার হার তুলনামূলক কম হলেও পরবর্তী সময়ে বড় ধরনের কাটছাঁট করা হয়েছে। “ফলে পরবর্তী বছরগুলোর যে প্রতিবেদন পাওয়া যাবে, তাতে ছাড় কমার ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি দেখা যাবে,চ বলেন তিনি।

তিনি সতর্ক করে বলেন, করছাড় তাৎক্ষণিকভাবে রাজস্ব কমালেও বিনিয়োগ বাড়ানো, কর্মসংস্থান সৃষ্টি এবং সামাজিক সুরক্ষা কর্মসূচি চালাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

এনবিআরের আয়কর বিভাগের আরেক কর্মকর্তা জানান, নতুন করছাড় দেওয়ার ক্ষেত্রে আরও কঠোর যাচাই-বাছাই করা হবে।

তিনি বলেন, “প্রতিটি করছাড়ের অর্থনৈতিক অবদান মূল্যায়ন করা হবে। যেগুলো বিনিয়োগ বা কর্মসংস্থানে তেমন অবদান রাখে না, সেসব বাতিল করা হবে।চ

তিনি আরও বলেন, নির্দিষ্ট মেয়াদের করছাড় আর নবায়ন করা হবে না এবং আগামী বাজেট থেকেই এ নীতি কঠোরভাবে বাস্তবায়ন করা হতে পারে।

বিশ্বব্যাংকের তথ্য অনুযায়ী, বিশ্বের মধ্যে বাংলাদেশের কর-জিডিপি অনুপাত অন্যতম সর্বনিম্ন। এটি দক্ষিণ এশিয়ার গড় প্রায় ১২ শতাংশের তুলনায় অনেক কম এবং উন্নয়নশীল দেশগুলোর জন্য প্রয়োজনীয় ১৫ শতাংশের মানদণ্ডের নিচে রয়েছে, যা সরকারি ব্যয় ও টেকসই প্রবৃদ্ধি ধরে রাখতে অপরিহার্য বলে বিবেচনা করা হয়।

ক্ষুদ্রঋণ ও সামাজিক খাতে সর্বোচ্চ করছাড়

প্রতিবেদন অনুযায়ী, ২০২২-২৩ অর্থবছরে কোম্পানি ও ফার্মগুলোকে প্রায় ১৩টি খাতে করছাড় দেওয়া হয়েছে।

কোম্পানি ও প্রতিষ্ঠানের জন্য করছাড় ছিল ৭৩ হাজার ৯৮৯ কোটি টাকা, আর ব্যক্তি করদাতার জন্য ছিল ৩৩ হাজার ১৪৩ কোটি টাকা।

খাতভিত্তিক হিসাবে মাইক্রোক্রেডিট (ক্ষুদ্রঋণ) ও সামাজিক সুরক্ষা কর্মসূচি সবচেয়ে বেশি ১২ হাজার ৫৮৯ কোটি টাকার করছাড় পেয়েছে। এরপর বিদ্যুৎ ও জ্বালানি খাতে ৭ হাজার ৯৮৭ কোটি টাকা ছাড় দেওয়া হয়েছে। এছাড়া শেয়ারবাজারে মূলধনী মুনাফা, গার্মেন্টস ও টেক্সটাইল শিল্প, বেতন, অর্থনৈতিক অঞ্চল ও হাইটেক পার্ক, পোল্ট্রি ও মৎস্য, লভ্যাংশ, নন-গার্মেন্ট রপ্তানি, রপ্তানিতে নগদ প্রণোদনা, তথ্যপ্রযুক্তি ও সফটওয়্যার এবং শিক্ষা খাতও বড় অঙ্কের করছাড় পেয়েছে।

অন্যান্য খাত নামে ছোট খাতগুলোকে সম্মিলিতভাবে ৫৩ হাজার কোটি টাকার বেশি করছাড় দেওয়া হয়েছে আলোচ্য অর্থবছরে।

ব্যক্তিখাতে একক খাত হিসেবে সর্বোচ্চ ছাড় দেওয়া হয়েছে বেতনে, যার পরিমাণ ৫ হাজার ৩২৫ কোটি টাকা। এরপর পোল্ট্রি ও মৎস্য খাত, শেয়ার থেকে মূলধনী মুনাফা এবং অন্যান্য খাতে ছাড় দেওয়া হয়েছে।

রেমিট্যান্সে করছাড় আলাদা করে দেখানো হয়নি

রেমিট্যান্স খাতে সরকার বড় অংকের করছাড় দিয়ে থাকে, যার পরিমাণ ২০২১-২২ অর্থবছরে ছিল ১১ হাজার কোটি টাকার বেশি। তবে ২০২২-২৩ অর্থবছরে এই অংক আলাদাভাবে না দেখিয়ে অন্যান্য খাতের মধ্যে অন্তর্ভুক্ত হয়েছে বলে প্রতিবেদন তৈরির সঙ্গে সংশ্লিষ্ট একজন কর্মকর্তা টিবিএসকে জানিয়েছেন।

তবে এই অর্থ কেন এই খাতে দেখানো হলো তা জানতে প্রতিবেদন প্রস্তুত কমিটির সমন্বয়ক ও এনবিআরের কমিশনার লুৎফুন্নাহার বেগমের সঙ্গে এ বিষয়ে যোগাযোগের চেষ্টা করা হলেও তাকে পাওয়া যায়নি।

অপব্যবহারের অভিযোগ


কিছু করছাড়ের ক্ষেত্রে অপব্যবহারের অভিযোগও রয়েছে।

উদাহরণস্বরূপ সরকার পোল্ট্রি ও মৎসখাতে বিনিয়োগ বাড়াতে এবং ছোট বিনিয়োগকারীদের সহায়তা দেওয়ার জন্য কম হারে কর নিয়ে থাকে। কিন্তু বিশ্লেষকরা বলছেন, রাজনীতিবিদ, আমলা, ব্যবসায়ীদের একটি অংশ এই সুযোগ নিয়ে কালো টাকা সাদা করে আসছেন।

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সাবেক মেয়র শেখ ফজলে নূর তাপস প্রায় শত কোটি টাকা মৎস্য খাতের আয় দেখিয়েছেন, যা নিয়ে প্রশ্ন উঠেছে। এমন উদাহরণও অনেক। কিন্তু এনবিআর এ খাতের করহার বাড়ানোর উদ্যোগ নিলেও গত আওয়ামী লীগ সরকার এই সুবিধা বাতিল করেনি।

একইভাবে রেমিট্যান্স পাঠানোর ক্ষেত্রে সরকার পুরেপুরি করমুক্ত সুবিধা দিয়ে আসছে। তবে এই সুবিধা নেওয়ার জন্যও অনিয়মের অভিযোগ রয়েছে। এসএমএসি অ্যাডভাইজরি লিমিটেড- এর ব্যবস্থাপনা পরিচালক ও কর বিশেষজ্ঞ স্নেহাশীষ বড়ুয়া বলেন, ধাপে ধাপে করছাড় কমানো সরকারের আর্থিক কৌশলের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। তবে তিনি বলেন, “মূল প্রশ্ন হলো-আয়কর আদায় কি একই হারে বাড়ছে?চ

তিনি আরও বলেন, সব করছাড় জাতীয় অর্থনৈতিক অগ্রাধিকারের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কি না, তা নিশ্চিত করতে একটি পূর্ণাঙ্গ মূল্যায়ন প্রয়োজন। “স্পষ্ট ও পরিমাপযোগ্য মানদণ্ডের ভিত্তিতে এসব করছাড় নির্ধারণ করতে হবে এবং প্রতিটির জন্য নির্দিষ্ট মেয়াদ (সানসেট ক্লজ) থাকতে হবে। পুরো প্রতিবেদন প্রকাশিত হলে তবেই একটি পূর্ণাঙ্গ মূল্যায়ন সম্ভব হবে,চ তিনি বলেন।




# বৈশ্বিক শেয়ারবাজারে মিশ্র প্রবণতা


১০ পৃষ্ঠার পর

কম্পোজিট সূচক শূন্য দশমিক ৯ শতাংশ কমেছে। এদিকে অস্ট্রেলিয়ায় কেন্দ্রীয় ব্যাংক সুদহার বাড়িয়ে ৪ দশমিক ১ শতাংশ করার পর দেশটির শেয়ার সূচক দশমিক ৪ শতাংশ বেড়েছে। যুক্তরাষ্ট্রে সোমবার এসঅ্যান্ডপি ৫০০ এবং ডাউ জোন্স সূচক বড় ধরনের উত্থান দেখলেও একদিনের মাথায় ফিউচার মার্কেটে সামান্য পতন লক্ষ করা গেছে।

বাজার বিশ্লেষকদের মতে, ইরান যুদ্ধের পর আন্তর্জাতিক বাজারে তেলের দাম বেড়ে চালায় বিশ্ববাজারে অস্থিরতা সৃষ্টি হয়েছে। একই সঙ্গে ইরান হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচল প্রায় বন্ধ করে দিয়েছে। এ সমুদ্রপথ দিয়ে বিশ্বের প্রায় এক-পঞ্চমাংশ তেল পরিবাহিত হয়। তাই দীর্ঘ সময় পথটি বন্ধ থাকলে বৈশ্বিক মূল্যস্ফীতি অসহনীয় পর্যায়ে পৌঁছে যাওয়ার আশঙ্কা করছেন আর্থিক খাতের বিশেষজ্ঞরা।

এদিকে মধ্যপ্রাচ্যে সামরিক উত্তেজনা আরো বেড়েছে। যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ইরানের রাজধানীসহ বিভিন্ন সামরিক লক্ষ্যবস্তুতে হামলা অব্যাহত রেখেছে। পাশাপাশি লেবাননেও ইসরায়েলি সামরিক অভিযান জোরদার হয়েছে। ফলে দেশটির প্রায় ২০ শতাংশ মানুষ বা ১০ লাখের বেশি বাসিন্দা বাস্তুচ্যুত হয়েছে।

যুদ্ধের স্থায়িত্ব ও পরিধি নিয়ে অনিশ্চয়তা থাকলেও অনেক পেশাদার বিনিয়োগকারী আশা করছেন, তেলের দাম খুব বেশি সময় ধরে আকাশচুম্বী না থাকলে বাজার আবার দ্রুত আগের অবস্থায় ফিরে আসবে।


Eid
Mubarak
In celebration of the joyous occasion
of Eid ul-Fitr,
we extend our heartfelt thanks
to our valued customers and com-
munity for your continued trust and sup-
May Allah accept your fasting,
prayers, and good deeds
during the holy month of Ramadan.
May this blessed Eid bring
peace, happiness, and prosperity
to you and your family.
We look forward to continuing
to serve you with excellence and care.
Shopon Talukder
(347) 740-9063
SUNDARBAN HALAL MEAT & FISH
1402 UNIONPORT ROAD, BRONX, NY 10462
MANNAN BAKERY & GRILL (Partner)
1449 OLMSTEAD AVE, BRONX, NY 10462
Eid Mubarak
Designed by www.LinkPrinters.com

# NY HOME CARE

*Get paid to take care of your loved ones*

## আপনার বিশ্বস্ত হোম কেয়ার এজেন্সী

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

37-18, 73 Street, Suite # 402, Jackson Heights, NY 11372

**718-874-0047**

Email:info@yourdreamhomecare.com
www.yourdreamhomecare.com

Contact with us
718-874-0047
Email: info@yourdreamhomecare.com



**M AZIZ**
CEO & President
Your Dream Home Care
Ex-President & Chairman
Board of Trustee
Bangladesh Society Inc. USA





**We Hire & Train HHA/PCA Certificate Holders AIDES**

আমরা HHA/PCA সার্টিফিকেটসহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি

বাড়ীভাড়া বাবদ ৮০০ ডলার বা তার অধিক পেতে সহায়তা করি

পারিবারিক স্বাস্থ্যসেবা সম্পর্কে বিস্তারিত জানতে যোগাযোগ করুন

প্রতি সোম, বুধ ও শুক্রবার বাসা ভাড়া, মেডিকেইড ও ফুড স্ট্যাম্পের আবেদনে আমরা সহায়তা করি।

**Head Office**
37-18, 73 Street, Suite # 402
Jackson Heights, NY 11372
(718) 874-0047, 917-560-0129

- এ কাজের জন্য প্রশিক্ষণের প্রয়োজন নাই।
- আমরা কোনো ফি নেই না।
- আপনার প্রিয়জনের সমস্ত খরচ মেডিকেইড বহন করবে এবং এটি সম্পূর্ণ আইনসম্মত।
- কেইস ট্রান্সফারের মাধ্যমে বেশি অর্থ উপার্জন করুন।

| | | | |
|---|---|---|---|
| **Jamaica Office:** 168-25A Hillside Ave, 2nd Floor, Jamaica, NY 11432, (718) 725-1332, (718) 971-0054 | **Jamaica Office:** 168-47 Hillside Ave, 2nd Floor, Jamaica, NY 11432, (929) 400-4785, (718)874-0047 | **Sutphin Branch** Mohammad Khair(Director), 97-01 Sutphin, Blvd, Jamaica NY 11435, (929)-225-0746, (718) 755-0153, (718) 718-874-0047 | **Ozone Park Office** 7721-101 Ave. Ozone Park, New York 11416, (718) 874-0047, 347-771-0115 |
| **Ozone Park Office** 720 Liberty Ave, Brooklyn NY 11208, (646) 500-1657, (718)874-0047 | 1088 Liberty Avenue, Brooklyn NY 11208, (929) 283-8432 | **Fulton Office:** 584 Nostrand Ave. NY 11216, (646) 5001657 | **Bronx Office** 2140 Starling Ave. Bronx, NY 10462, 917-391-4841, 718-874-0047 (Office), Fax 718-874-0069 |
| Bangladesh Plaza, 3105 Bally Ave. Buffalo NY 14215, (347) 357-4252, (347) 520-9699 | **Buffalo Office:** 1155 Broadway Buffalo, NY 14212, (347) 335-3617, (718) 874-0047 | 1299 Harlam Road, Buffalo, NY 14094, (716) 400 1446 | **Albany Office** 114 Quail St. Albany, NY 12203, 518-379-5496, 518-243-9096, 718-864-2061 |

# SECI

Sonali Exchange Co. Inc.

Secure, Fast, Reliable.




## বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

জ্যামাইকা, জ্যাকসন হাইট্স ও ব্রঙ্কস শাখা সপ্তাহে ০৭ দিনই খোলা থাকে

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে আপনার মোবাইল থেকে

**Sonali Exchange Mobile App**

ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

## সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক

## SONALI EXCHANGE CO. INC.

সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DIFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL

NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

| | | | | |
|---|---|---|---|---|
| CORPORATE 212-808-0790 | ATLANTA 770-936-9906 | BROOKLYN 718-853-9558 | JACKSON HTS 718-507-6002 | |
| BRONX 718-822-1081 | JAMAICA 347-644-5150 | MICHIGAN 313-368-3845 | OZONE PARK 347-829-3875 | PATERSON 973-595-7590 |

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন


Advanced
SENIOR CARE
ADVANCED SENIOR DAY CARE
DAY CARE SERVICE
We have strong connections with MLTC.
Anthem
S W H
Senior Whole Health.
VILLAGECAREMAX
And More
SHAHAB UDDIN SAGOR
MANAGING DIRECTOR
NIMME NAHAR
DIRECTOR
উত্তম সেবাই আমাদের লক্ষ্য
718 799 1007
• We Provide Transportation for Pick-up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
CONTACT US
daycare@shahabsagor.com
220-05, Jamaica Ave, NY 11428

## অনিশ্চিত ৩ লাখ টন ক্রুডের চালান,

১০ পৃষ্ঠার পর

কর্মকর্তারা জানান, ঈদের ছুটির পর যাতে আবার রেশনিং চালু করতে না হয়, সে জন্য পর্যাপ্ত অপরিশোধিত তেল সরবরাহ নিশ্চিত করার বিভিন্ন বিকল্প এখন খতিয়ে দেখা হচ্ছে।

অনিশ্চিত তিনটি চালান

জ্বালানি বিভাগের তথ্য অনুযায়ী, প্রায় ১ লাখ টন অপরিশোধিত তেল বহনকারী ট্যাংকার এমটি নরডিক পোলাক্স গত ৩ মার্চ থেকে সৌদি আরবের রাস তানুরা বন্দরের বহিরাংশে অপেক্ষা করছে। সৌদি আরবের এই বন্দর থেকে তেল বোঝাই করার পর জাহাজটি হরমুজ প্রণালিতে নিরাপত্তা উদ্বেগের কারণে বাংলাদেশে রওয়ানা হতে পারছে না।

আরও প্রায় ১ লাখ টনের একটি চালান মার্চের শেষ দিকে সংযুক্ত আরব আমিরাতের ফুজাইরাহ থেকে লোড করার কথা রয়েছে। হরমুজ প্রণালি সংশ্লিষ্ট ঝুঁকি কমাতে এবার জেবেল ধান্নার পরিবর্তে ফুজাইরাহ বেছে নেওয়া হয়েছে।

তৃতীয় আরেকটি প্রায় ১ লাখ টনের চালান ১৪ থেকে ১৬ এপ্রিলের মধ্যে সৌদি আরবের ইয়ানবু থেকে লোড হওয়ার কথা রয়েছে।

চট্টগ্রামে অবস্থিত ইস্টার্ন রিফাইনারি লিমিটেড সাধারণত ১ লাখ টন এরাবিয়ান লাইট অপরিশোধিত তেল থেকে প্রায় ১৫২০ শতাংশ অকটেন ও পেট্রোল এবং ৩০৩৫ শতাংশ ডিজেল উৎপাদন করে। এর বেশিরভাগ কাঁচামালই বা অপরিশোধিত তেলই মধ্যপ্রাচ্য থেকে আমদানি করা হয়।

মার্চের জন্য নির্ধারিত তেলবাহী জাহাজগুলো যদি হরমুজ প্রণালি পার হতে না পারে, তবে বাংলাদেশকে আন্তর্জাতিক বাজার থেকে চড়ামূল্যে পেট্রোল ও অকটেন আমদানি করতে হতে পারে।

আর যদি বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) সময়মতো এসব পরিশোধিত জ্বালানি সংগ্রহ করতে না পারে, তবে দেশের বাজারে আবারও জ্বালানি সংকট দেখা দিতে পারে।

অপরিশোধিত তেলের গুরুত্ব তুলে ধরা হয়েছে চিঠিতে

চিঠিতে জ্বালানি মন্ত্রণালয় উল্লেখ করেছে, দ্রুত বিকাশমান অর্থনীতি হিসেবে বাংলাদেশের রিফাইনারি কার্যক্রম সচল রাখা এবং নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহ নিশ্চিত করতে সময়মতো অপরিশোধিত তেল (ক্রুড অয়েল) আমদানির ওপর ব্যাপকভাবে নির্ভরশীল।

চিঠিতে বলা হয়েছে, দ্রুত উন্নয়নশীল অর্থনীতি এবং ক্রমবর্ধমান জ্বালানি চাহিদার দেশ হিসেবে বাংলাদেশকে রিফাইনারি চালু রাখতে এবং পরিবহন, শিল্প, কৃষি ও জরুরি সেবায় নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহ নিশ্চিত করতে সময়মতো অপরিশোধিত তেল আমদানির ওপর নির্ভর করতে হয়।

জ্বালানি সরবরাহ ব্যবস্থার স্থিতিশীলতা বজায় রাখতে নির্ধারিত সময়ে তেল






## ‘এক-এগারোর’ আলোচিত জেনারেল

৫ পৃষ্ঠার পর

জেনারেল মাসুদই যৌথবাহিনীর কার্যক্রম নিয়ন্ত্রণ ও পরিচালনা করতেন বলে ব্যাপকভাবে ধারণা করা হত।

সেনা কর্মকর্তাদের নেতৃত্বাধীন ওই বাহিনী শীর্ষ রাজনীতিক ও ব্যবসায়ীদের আটক করে জিজ্ঞাসাবাদ করত এবং পরে তাদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগে মামলা দেওয়া হত।

২০০৬ সালের শেষ ভাগে বিএনপি-জামায়াত জোট সরকার ক্ষমতা ছাড়ার পর রাজনৈতিক মতানৈক্যের মধ্যে রাষ্ট্রপতি ইয়াজউদ্দিন আহম্মেদ নিজেই তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টার দায়িত্ব নিলে আওয়ামী লীগের নেতৃত্বে বিরোধী দলগুলোর আন্দোলন তুঙ্গে ওঠে। জাতীয় নির্বাচন বর্জনের ঘোষণা দেয় আন্দোলনরত দলগুলো।

ওই অবস্থায় সারাদেশে ছড়িয়ে পড়া সহিংসতা-হানাহানির আপাত অবসান ঘটে ২০০৭ সালের ১১ জানুয়ারি রাষ্ট্রপতি ইয়াজউদ্দিন আহম্মেদের জরুরি অবস্থা জারি করার মধ্যে দিয়ে। একইসঙ্গে তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টার পদ ছেড়ে দেন তিনি। বাতিল করা হয় ২২ জানুয়ারির জাতীয় নির্বাচন।

আলোচিত সেই ঘটনাপ্রবাহের শুরুর দিনটি পরিচিতি পায় ‘ওয়ান ইলেভেন’ নামে। বিএনপি নেতাদের বিশ্বাস, ‘এক-এগারো’ না ঘটলে আওয়ামী লীগবিহীন নির্বাচনে তারাই আবার ক্ষমতায় ফিরতেন। আর রাষ্ট্রপতি ইয়াজউদ্দিন সেই ‘বন্দোবস্তই’ করছিলেন বলে অভিযোগ করেন বিরোধীরা।

বলা হয়, ২০০৭ সালের ১১ জানুয়ারি জরুরি অবস্থা জারি এবং ফখরুদ্দীন আহমদের নেতৃত্বে সেনা নিয়ন্ত্রিত তত্ত্বাবধায়ক সরকার প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখা সেনা কর্মকর্তাদের একজন ছিলেন মাসুদ উদ্দিন চৌধুরী।

তৎকালীন সেনাপ্রধান লেফটেন্যান্ট জেনারেল (পরে চার তারকা জেনারেল হন) মইন উ আহমেদের ঘনিষ্ঠ সহযোগী হিসেবে তিনি কার্যত সেই প্রভাবশালী কমিটি (গুরুতর অপরাধ দমন-সংক্রান্ত জাতীয় সমন্বয় কমিটি) পরিচালনা করতেন, যাদের নির্দেশে বিএনপি ও আওয়ামী লীগের জ্যেষ্ঠ রাজনীতিকদের পাশাপাশি দেশের শীর্ষ কয়েকজন ব্যবসায়ীকেও সে সময় আটক করা হয়।

সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া ও শেখ হাসিনা এবং বর্তমান প্রধানমন্ত্রী তারেক রহমানকেও সে সময় গ্রেপ্তার করে দুর্নীতির মামলা দেওয়া হয়েছিল। বন্দি অবস্থায় তারেক রহমানকে নির্যাতন করা হয় বলেও অভিযোগ রয়েছে।

সেই তত্ত্বাবধায়ক সরকারের সময়ে কথিত ‘মাইনাস টু ফর্মুলা’র মাধ্যমে আওয়ামী লীগ ও বিএনপির শীর্ষ নেতৃত্ব পাল্টে ফেলে রাজনীতিকে নতুন চেহারা দেওয়ার চেষ্টার অভিযোগ ওঠে।

সব ধরনের রাজনৈতিক কার্যক্রমে নিষেধাজ্ঞা থাকলেও ওই সময়ই মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে ‘নাগরিক পার্টি’ নামে নতুন রাজনৈতিক দল গঠনের প্রক্রিয়া শুরু হয়। দীর্ঘ কয়েক মাসের তৎপরতায় নাগরিক সমাজের একটি অংশের সমর্থন পেলেও ইউনূস শেষ পর্যন্ত সেই রাজনৈতিক উদ্যোগ থেকে সরে দাঁড়ান।

সেই তত্ত্বাবধায়ক সরকারের দেড় বছরের মাথায় ২০০৮ সালের জুনে লেফটেনেন্ট জেনারেল মাসুদ উদ্দিন চৌধুরীকে বাংলাদেশের হাই কমিশনার করে পাঠানো হয় অস্ট্রেলিয়ায়। ২০০৯ সালে ক্ষমতায় আসা আওয়ামী লীগ সরকারও তাকে সেই দায়িত্বে রাখে। অবসরের সময় হয়ে গেলে তার চাকরির মেয়াদ ২০১২ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত বাড়ানো হয়। মাসুদ উদ্দিন চৌধুরী কর্মজীবন শুরু করেছিলেন সত্তরের দশকে রক্ষী বাহিনীতে। ১৯৭৫ সালে রক্ষী বাহিনী ভেঙে দেওয়া হলে আরো অনেকের সঙ্গে মাসুদ উদ্দিনকে সেনাবাহিনীতে আত্মীকরণ করা হয়।

মাসুদ উদ্দিনের ভায়রা সাঈদ এস্কান্দার সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার ছোট ভাই। প্রয়াত সাঈদ এস্কান্দার সেনাবাহিনীর মেজর ছিলেন। পরে তিনি ফেনী-১ আসনে বিএনপির সংসদ সদস্য হয়েছিলেন।

সেনাবাহিনী থেকে অবসরের পর ঢাকায় একটি পাঁচ তারকা মানের হোটেল খুলে ব্যবসা শুরু করেন মাসুদ উদ্দিন চৌধুরী। পাশাপাশি শুরু করেন জনশক্তি রপ্তানির ব্যবসা।

২০১৮ সালে তিনি এইচ এম এরশাদের নেতৃত্বাধীন জাতীয় পার্টিতে যোগ দেন। দলটির মনোনয়নে একাদশ সংসদ নির্বাচনে ফেনী-৩ আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হন। বিগত অন্তর্বর্তী সরকারের সময়ে ২০২৫ সালের মার্চে দুদকের এক মামলায় আওয়ামী লীগের সাবেক অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের স্ত্রী-কন্যার সঙ্গে মাসুদ উদ্দিন চৌধুরীকেও আসামি করা হয়। মালয়েশিয়ায় কর্মী পাঠাতে ‘সিন্ডিকেটের মাধ্যমে অতিরিক্ত অর্থ আদায়’ করে ১ হাজার ১২৮ কোটি ৬১ লাখ ৫০ হাজার টাকা ‘আত্মসাৎ ও পাচারের’ অভিযোগ আনা হয় তাদের বিরুদ্ধে।

এছাড়া ২০২৫ সালের অগাস্টে ‘অর্থ পাচারের’ অভিযোগে মাসুদ উদ্দিন চৌধুরী, তার স্ত্রী ও মেয়ের বিরুদ্ধে আরেকটি মামলা করে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)।

## দেশে তেলের কোনো সংকট নেই,

৮ পৃষ্ঠার পর

সরবরাহ বন্ধ থাকায় কিছুটা চাপ তৈরি হয়েছে। সোমবার নিজ দুপুরে নিজ বাসায় আয়োজিত সংবাদ সম্মেলনে মন্ত্রী এ কথা বলেন।

এ সময় মন্ত্রী গ্রাহকদের প্যানিক না হওয়ার আহ্বান জানান। তিনি বলেন, ‘গত বছরের তুলনায় ২৫ শতাংশ বেশি তেল আমদানি করা হচ্ছে। সবাই তেল পাবে। তাই জনগণকে প্যানিক বা আতঙ্কিত না হয়ে প্রয়োজন অনুযায়ী তেল নেওয়ার আহ্বান জানাচ্ছি।’ এদিকে প্রয়োজনে পাম্পকেন্দ্রিক নিরাপত্তা দেওয়া হবে বলে জানিয়েছেন সড়ক পরিবহন ও রেলপথ প্রতিমন্ত্রী হাবিবুর রশিদ হাবিব। তিনি বলেন, ‘তেলের সংকটকে কেন্দ্র করে দাম বাড়ানোর যে পাঁয়তারা ছিল সেটিও সরকার সুন্দরভাবে নিয়ন্ত্রণ করতে পেরেছে। ঈদের আগে যে শঙ্কা ছিল সেখান থেকে আমরা বের হয়ে আসতে পেরেছি।


হাতের
মুঠোয়
পরিচয়
পড়ুন
নিরাপদে
থাকুন
ই-ভার্সন পেতে আপনার ইমেইল এড্রেস পাঠিয়ে দিন
parichoyny@gmail.com


GLOBAL MULTI SERVICES, INC
INCOME TAX
IMMIGRATION
ACCOUNTING
TAX AUDIT
BUSINESS SETUP
TRAVELS
IRS e-file
অভিজ্ঞ ট্যাক্স প্রিপারেটরের মাধ্যমে
ট্যাক্স এনালাইসিস ও ফাইলিং করা হয়
তারেক হাসান খান, সিইও
37-18, 74th Street, Suite#202, Jackson Heights, NY 11372
Ph: (718) 205-2360, Fax: (718) 799-5864
Email: globalmsinc@yahoo.com


KARNAFULLY
TAX SERVICES INC
KARNAFULLY INCOME TAX SCHOOL
কর্ণফুলী ইনকাম ট্যাক্স স্কুল
Register today to ensure your place in the class!
Jackson Heights - এর বিশ্বস্ত ট্যাক্স প্রশিক্ষণ কেন্দ্র!
কেন এই কোর্স করবেন?
কোর্স শেষে সার্টিফিকেট
নতুন ট্যাক্স ল' অনুসারে কোর্স
উচ্চ আয়ের সুযোগ
কোনো পূর্ব অভিজ্ঞতা লাগবে না
Mohammed Hasem MBA
President and CEO
আমাদের ঠিকানা:
37-20 74th St. 2nd Fl,
Jackson Heights, NY 11372
আজই রেজিস্ট্রেশন করুন:
718-205-6040
www.karnafulllytax.com
Learn To Earn
Become a Tax Pro!
We'll Teach You Everything You Need to Know
Join Us To Grow & Succeed
Designed By BrandClamp

# যুক্তরাষ্ট্রের সঙ্গে চুক্তি বাস্তবায়নে কাজ

৮ পৃষ্ঠার পর

সরকার। তবে এক্ষেত্রে দেশের স্বার্থ রক্ষা করা হবে।' সোমবার (২৩ মার্চ) সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ তথ্য জানান।

রোহিঙ্গা ইস্যুতে শেখ হাসিনা সরকার পুরো বারোটা বাজিয়ে দিয়ে গেছে বলে মন্তব্য করেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। তিনি বলেন, 'এখানে কোনো কাজই হয়নি। সেই জায়গা থেকে বিএনপির অবশ্যই রোহিঙ্গা সমস্যা সমাধানের এক্সপেরিয়েন্স আছে। দুইবার আমরা সাকসেসফুলি করতে পেরেছিলাম।

কিন্তু এখনকার চেয়ে বিগত দিনের পার্থক্য হচ্ছে যে, এখন অনেক বেশি কমপ্লিকেটেড।'

শামা ওবায়েদ বলেন, 'আমাদের ওখানে বর্ডারে অত্যন্ত ভোলাটাইল, ভালনারেবল অবস্থায় আছে বর্ডার। ওইটাকে মাথায় রেখে আমাদের রোহিঙ্গার সমস্যার সমাধান বা ওদের রিপ্যাট্রিয়েশনে কাজ করতে হবে। সেটার জন্য আমাদের ধারণা- এটা মোর অফ অ্যা পলিটিক্যাল ইস্যু, তারপর ডিপ্লোম্যাটিক ইস্যু।

তিনি বলেন, 'আমাদের দুইভাবেই মায়ানমার সরকার আর আরাকান আর্মির সঙ্গে কাজ চালাতে হবে, যাতে এখানে একটা একটা স্থায়ী সমাধান আসে। কারণ আমরা রিপ্যাট্রিয়েশন করতে চাই কিন্তু রিপ্যাট্রিয়েট হয়ে তারা কোথায় যাবে, তাদের একটা সেফ জায়গা লাগবে। তাদের নিজেদের দেশে ফেরত যাওয়ার জন্য তো সেই জায়গাটা তৈরি না হওয়া পর্যন্ত আমরা কাজ করে যাচ্ছি, কথাবার্তা চালিয়ে যাচ্ছি।'

প্রতিমন্ত্রী বলেন, "তাদের সঙ্গে কাজ চলছে। মায়ানমারে মাত্র একটা নতুন সরকার এসেছে, তাদের সঙ্গে আমাদের আলোচনা শুরু হয়েছে।

আরাকান আর্মির সঙ্গে আমাদের আলোচনা চলছে বিভিন্ন লেভেলে। বাংলাদেশ সরকারের একার পক্ষে এটা সম্ভব না, যেটা আওয়ামী লীগ সরকার চেষ্টা করেছিল দ্বিপাক্ষিকভাবে তাদের সঙ্গে। কিন্তু এটা তারা ফেইল করেছে।

# ঈদে এনসিপির ব্যতিক্রমী উদ্যোগ

৯ পৃষ্ঠার পর

উপস্থিত ছিলেন মহানগর সহ-সাংগঠনিক শেখ জামাল আবির ও অ্যাক্টিভিস্ট মহিউদ্দিন রনি প্রমুখ। নেতারা ঈদের নামাজ আদায় করে প্রথমে শহীদ আরাফাতের বাসায় পৌঁছান। সেখানে আরাফাতের বাবা, মাসহ অন্যান্য সদস্যদের সঙ্গে ঈদের শুভেচ্ছা বিনিময় করেন। এ সময় আরাফাতের ভাই হাসান আলী তার ভাইয়ের হত্যার বিচারের দাবি করেন এবং শহীদ পরিবারের আর্থিক ও সামাজিক সুরক্ষা নিয়ে উদ্বিগ্ন প্রকাশ করেন।

প্রতিনিধি দল বেলা ১১টায় কামারপাড়া এলাকায় শহীদ মীর মুগ্ধ ও শহীদ জয়ের কবর জিয়ারত করে মোনাজাত করেন।
















## কনজেশন প্রাইসিং: ম্যানহাটন টোলে

৫২ পৃষ্ঠার পর

তবুও কনজেশন প্রাইসিং ব্যবস্থার প্রবর্তনই ছিল এই পরিবর্তনের ক্ষেত্রে সবচেয়ে তাৎপর্যপূর্ণ ও নির্ণায়ক বিষয়।

গত ২০২৫ সালের জানুয়ারিতে চালু হওয়া 'কনজেশন প্রাইসিং' হলো একটি স্টেট -পরিচালিত কর্মসূচি। এর আওতায় চালকদের ম্যানহাটনের ৬০তম স্ট্রিটের নিচের অংশে-যা এই বরোটির 'সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্ট' (ঈইউ) বা 'কনজেশন রিলিফ জোন' (CRZ) হিসেবে পরিচিত-প্রবেশের জন্য ৯ ডলারের একটি নির্ধারিত টোল বা মাশুল দিতে হয়।

"যদিও গত বছর যাত্রীসংখ্যা বৃদ্ধির পুরো কৃতিত্ব কেবল এই কর্মসূচি চালুর ওপর চাপানো সম্ভব নয়, তবুও স্পষ্ট কিছু প্রবণতা ফুটে উঠেছে যা যাত্রীসংখ্যা বৃদ্ধিতে এই কর্মসূচির প্রভাবকে নির্দেশ করে; প্রতিবেদনে সেই বিষয়গুলো বিস্তারিতভাবে তুলে ধরেছি," এক বিবৃতিতে তিনি এমনটাই জানিয়েছেন।

ফ্রিচ উল্লেখ করেন যে, কনজেশন প্রাইসিংয়ের প্রভাবে যাত্রীসংখ্যায় যে উর্ধগতি দেখা দিয়েছে, তার প্রমাণ মেলে কোভিড-১৯ মহামারীর পরবর্তী সময়ে যাত্রীসংখ্যায় উল্লেখযোগ্য বৃদ্ধিতে। ২০২৪ সাল নাগাদ সেই বৃদ্ধির হার মূলত স্থিতিশীল হয়ে এসেছিল; ফলে গত বছর যাত্রীসংখ্যা বৃদ্ধির পেছনে প্রভাব বিস্তারকারী অন্য কোনো বড় কারণ খুব একটা অবশিষ্ট ছিল না। চঈঅঈ-এর তথ্যমতে, ২০২১ থেকে ২০২২ সালের মধ্যে যাত্রীসংখ্যা ৩৩ শতাংশ বৃদ্ধি পেয়েছিল; ২০২২ থেকে ২০২৩ সালের মধ্যে বৃদ্ধির হার ছিল তার প্রায় অর্ধেক; কিন্তু ২০২৪ সালে এই বৃদ্ধির হার ছিল মাত্র ৩.৭ শতাংশ। কনজেশন প্রাইসিং কর্মসূচির সমর্থকরা-যাদের মধ্যে রয়েছেন গভর্নর ক্যাথি হোকুল, গঞ্চঅ এবং গণপরিবহন অধিকারকর্মীরা-গত ১৪ মাস ধরে এই কর্মসূচির ভূয়সী প্রশংসা করে আসছেন। তারা এমন সব পরিসংখ্যান বা তথ্য-উপাত্ত তুলে ধরেছেন, যা প্রমাণ করে যে-গণপরিবহনে যাত্রীসংখ্যা বৃদ্ধির পাশাপাশি-এই কর্মসূচি যানজট কমাতে, দূষণ রোধ করতে এবং ঈইউ এলাকার মধ্যে শব্দদূষণ সংক্রান্ত অভিযোগের সংখ্যা কমিয়ে আনতে কার্যকর ভূমিকা রেখেছে।

"আমরা আশা করি, আমাদের এই প্রতিবেদনটি কনজেশন প্রাইসিং কর্মসূচির এমন একটি নতুন দিক উন্মোচন করবে, যার ইতিবাচক সুফল গঞ্চঅ এবং নিউ ইয়র্ক শহরের ওপর বর্তাবে। আমরা আরও আশা করি, সংশ্লিষ্ট সংস্থাটি ভাড়া সংক্রান্ত বিশেষ ছাড় বা প্রণোদনা এবং বিভিন্ন কর্মসূচির মাধ্যমে সেই ক্রমবর্ধমান সংখ্যক নিয়মিত যাত্রীদের সহায়তা প্রদান অব্যাহত রাখবে-যাতে গণপরিবহনই আমাদের শহর ও এই অঞ্চলের এক স্থান থেকে অন্য স্থানে যাতায়াতের সবচেয়ে সাশ্রয়ী মাধ্যম হিসেবে টিকে থাকে," ফ্রিচ বলেন। "সবকিছুর উর্ধ্বে একটি কথাই বলা যায়: কনজেশন প্রাইসিং কর্মসূচি সত্যিই কাজ করছে!"

প্রতিবেদনের জবাবে এমটিএ (MTA)-এর মুখপাত্র অ্যারন ডোনোভান বলেন: "আমরা PCAC-এর এই সিদ্ধান্তের সাথে একমত যে, যানজট নিরসন প্রচেষ্টাটি এক অভূতপূর্ব সাফল্য লাভ করেছে এবং যানজট নিরসন অঞ্চলের ভেতরে ও বাইরে-উভয় স্থানেই সাবওয়ে যাত্রীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে।"

যানজট মূল্য নির্ধারণ ব্যবস্থা (Congestion pricing) যাতায়াতের গতি কমায়নি

চঈঅঈ যুক্তি দেখিয়েছে যে, তাদের গবেষণালব্ধ ফলাফলগুলো যানজট মূল্য নির্ধারণ ব্যবস্থার সমালোচকদের মূল দাবিটিকে খণ্ডন করে দেয়; সমালোচকদের দাবি ছিল যে, এই কর্মসূচির ফলে মানুষ ম্যানহাটনের ৬০তম স্ট্রিটের দক্ষিণে যাতায়াত করা বন্ধ করে দেবে। এই প্রসঙ্গে, প্রতিবেদনটিতে দেখা গেছে যে-যানজট মূল্য নির্ধারণ ব্যবস্থা কার্যকর হওয়ার পর থেকে কেন্দ্রীয় বাণিজ্যিক এলাকায় (ঈইউ) মোট যাতায়াতের হার ৭.১% বৃদ্ধি পেয়েছে-যা সংখ্যায় ২ কোটি বা ২০ মিলিয়ন অতিরিক্ত যাতায়াতের সমান। তাদের বিশ্লেষণে, চঈঅঈ গত এক বছরে যাত্রী সংখ্যা বৃদ্ধির বিষয়ে বেশ কিছু উল্লেখযোগ্য তথ্য-উপাত্তও চিহ্নিত করেছে।

প্রতিবেদনটিতে দেখা গেছে যে, সপ্তাহান্তের (weekend) যাত্রী বৃদ্ধির হার পুরো শহরের গড় বৃদ্ধির হারকেও ছাড়িয়ে গেছে; ২০২৪ থেকে ২০২৫ সালের মধ্যে এই হার ৯.৪% বৃদ্ধি পেয়েছে-যা সংখ্যায় ২ কোটি ১৮ লক্ষ ৮০ হাজার (২১.৮৮ মিলিয়ন) অতিরিক্ত যাত্রীর সমান।

সাবওয়ের মোট ৪৭২টি স্টেশনের মধ্যে ৩৯টি স্টেশনে সারা বছরের যাত্রী সংখ্যা ২০%-এরও বেশি বৃদ্ধি পেয়েছে। একই সময়ে, ২০২৫ সালে মাত্র ৩৮টি স্টেশনে যাত্রী সংখ্যা হ্রাস পেয়েছে; এর মধ্যে ১২টি স্টেশন মূলত সেই সেতুটির পুনর্নির্মাণ কাজের কারণে ব্যাপকভাবে প্রভাবিত হয়েছিল, যে সেতুটি দিয়ে 'অ' ট্রেনটি জ্যামাইকা উপসাগরের (Jamaica Bay) ওপর দিয়ে চলাচল করে।

নয়টি ট্রেন লাইনের সংযোগস্থল এবং একটি প্রধান কেন্দ্র-টাইমস স্কোয়ার-৪২তম স্ট্রিট স্টেশন-গত দুই বছরের ব্যবধানে নতুন যাত্রীর সংখ্যা বৃদ্ধির ক্ষেত্রে সামগ্রিকভাবে শীর্ষস্থানে ছিল; এই স্টেশনে নতুন যাত্রীর সংখ্যা বেড়েছে ২৫ লক্ষ।

এদিকে, ব্রুকলিনের ক্যানারসি এলাকায় অবস্থিত 'রকাওয়ে পার্কওয়ে এল ট্রেন স্টেশন'-এ যাত্রীর সংখ্যা বৃদ্ধির হার ছিল সর্বাধিক-৩০০ শতাংশ, যা ১৭ লক্ষ নতুন যাত্রীর সমান।

তবে ফ্রিচ মন্তব্য করেন যে, যাত্রীর সংখ্যায় এই বিশাল উল্লম্ফনটি মূলত একটি 'পরিসংখ্যানগত ব্যতিক্রম' (statistical outlier)। এর মূল কারণ হলো, স্টেশনটি 'এল' লাইনের একেবারে শেষ প্রান্তে অবস্থিত এবং যেসব যাত্রী বাস থেকে নেমে ট্রেনে ওঠেন, তাঁদের এখন সিস্টেমে প্রবেশের সময় কার্ড 'ট্যাপ' বা স্ক্যান করতে হয়-যা আগে তাঁদের করতে হতো না।

প্রতিবেদনটিতে বেশ কিছু সুপারিশও তুলে ধরা হয়েছে। এর মধ্যে রয়েছে-সপ্তাহান্তের দিনগুলোতে সাবওয়ে পরিষেবার পরিধি বৃদ্ধি, ভবিষ্যতে নির্ধারিত 'কনজেশন প্রাইসিং' বা যানজট-শুল্ক বৃদ্ধির বিষয়টির সাথে তাল মিলিয়ে চলা, এবং পুরো পরিবহন ব্যবস্থা জুড়ে ভাড়ার ওপর আরও বেশি ছাড় ও আন্তঃপরিবহন (transfer) সুবিধা চালু করা।

## ফেসবুকে পোস্ট করেই ৩ হাজার

৫২ পৃষ্ঠার পর

সংখ্যা ১ লাখ ছাড়িয়েছে, তাঁরা প্রতি মাসে পাবেন প্রায় ১ হাজার ডলার। অন্যদিকে ১০ লাখ বা ১ মিলিয়নের বেশি অনুসারী থাকলে প্রতি মাসে আয়ের পরিমাণ দাঁড়াবে প্রায় ৩ হাজার ডলারে।

তবে এই নিশ্চিত আয়ের সুযোগটি কেবল প্রথম তিন মাসের জন্য কার্যকর থাকবে। এই সময়ের মধ্যে নির্মাতাদের ফেসবুকে নিজেদের একটি শক্তিশালী অবস্থান তৈরির সুযোগ দেওয়া হচ্ছে। তিন মাস পার হওয়ার পর এই নিয়মিত আয় বন্ধ হয়ে গেলেও ফেসবুকের সাধারণ মনিটাইজেশন ব্যবস্থার মাধ্যমে আয় অব্যাহত রাখা যাবে।

এই বিশেষ আর্থিক সুবিধা পেতে হলে নির্মাতাদের কিছু সুনির্দিষ্ট শর্ত পূরণ করতে হবে। এর মধ্যে প্রধান শর্ত হলো সক্রিয়তা ও ধারাবাহিকতা। একজন নির্মাতাকে প্রতি ৩০ দিনের মধ্যে অন্তত ১৫টি রিলস বা স্বল্পদৈর্ঘ্য ভিডিও পোস্ট করতে হবে। পাশাপাশি পুরো মাসের অন্তত ১০টি পৃথক দিনে ভিডিও আপলোড করা বাধ্যতামূলক করা হয়েছে।

সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়, ভিডিওগুলো অবশ্যই মৌলিক হতে হবে। তবে এই ভিডিওগুলো অন্য প্ল্যাটফর্মে যেমন ইউটিউব বা টিকটকে প্রকাশিত হলেও ফেসবুকের ক্ষেত্রে তা বাধা হিসেবে গণ্য হবে না।

মেটা বলছে, বর্তমান বিশ্বে শর্ট-ফর্ম ভিডিও বা স্বল্পদৈর্ঘ্য ভিডিওর জয়জয়কার চলছে। এই প্রতিযোগিতায় টিকে থাকতে ফেসবুক এখন রিলস নির্মাতাদের বিশেষ গুরুত্ব দিচ্ছে। নির্দিষ্ট এই আয়ের পাশাপাশি এই প্রকল্পের আওতায় থাকা নির্মাতারা ফেসবুকের নিয়মিত বিজ্ঞাপন বা ইন স্ট্রিম অ্যাডস, ব্র্যান্ড কোলাবরেশন, সাবস্ক্রিপশন এবং স্টারসের মাধ্যমেও উপার্জনের সুযোগ পাবেন। আয়ের স্বচ্ছতা নিশ্চিতে মেটা নতুন কিছু অ্যানালিটিক্স টুলও ব্যবস্থা উন্মুক্ত করেছে। এর মাধ্যমে কোন ভিডিও থেকে কেন এবং কত টাকা আয় হচ্ছে, তা নির্মাতারা নিজেরাই তদারকি করতে পারবেন।

শত কোটি ব্যবহারকারী থাকা সত্ত্বেও গত কয়েক বছরে অনেক জনপ্রিয় নির্মাতা ফেসবুক ছেড়ে ইউটিউব বা টিকটকের মতো প্ল্যাটফর্মে থিতু হয়েছেন। দর্শকপ্রিয়তা এবং আয়ের স্থিতিশীলতার দৌড়ে ফেসবুক কিছুটা পিছিয়ে পড়ায় নির্মাতাদের ফিরিয়ে আনতেই মেটা এখন এই 'আর্থিক নিশ্চয়তা ও অ্যালগরিদম সাপোর্ট' কৌশল গ্রহণ করেছে। ২০২৫ সালে মেটা বিশ্বজুড়ে নির্মাতাদের প্রায় ৩০০ কোটি ডলার পরিশোধ করেছে। যার সিংহভাগই এসেছে রিলস থেকে। অর্থাৎ ফেসবুক এখন টেক্সট বা ছবির চেয়ে ভিডিও কনটেন্টকেই তাদের ব্যবসার প্রধান হাতিয়ার হিসেবে দেখছে।




# আলোচনা এগোচ্ছে, হরমুজ প্রণালি ইরানের সঙ্গে যৌথ

৬ পৃষ্ঠার পর

চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে বলে মনে করছেন বিশ্লেষকেরা। ইরানের সঙ্গে বড় ধরনের কোনো চুক্তি হলে নেতানিয়াহু তাঁর রাজনৈতিক অবস্থান সংহত করতে লেবাননের হিজবুল্লাহর বিরুদ্ধে পূর্ণশক্তি নিয়ে যুদ্ধে নামতে পারেন বলে ধারণা করা হচ্ছে। অবশ্য ট্রাম্প দাবি করেছেন, ইসরায়েল এই প্রক্রিয়ায় খুশি হবে, তবে ইসরায়েলের ভেতরে বিমান হামলা অব্যাহত থাকা সেই দাবির সঙ্গে সাংঘর্ষিক।

ইউরেনিয়াম সমৃদ্ধকরণ থেকে শুরু করে হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ-প্রতিটি বিষয়ে ট্রাম্পের এই নতুন অবস্থান মধ্যপ্রাচ্যের রাজনীতিতে এক বিশাল পরিবর্তনের ইঙ্গিত দিচ্ছে। তবে এই পাঁচ দিনের হামলা স্থগিতের সময়সীমা শেষ হওয়ার পরই বোঝা যাবে এটি কি প্রকৃত শান্তি নাকি ঝড়ের আগের স্তব্ধতা।

# গোপনে মার্কিন নাগরিকদের লোকেশন ডেটা কিনছে

৭ পৃষ্ঠার পর

এর আগে ২০২৩ সালে তৎকালীন এফবিআই পরিচালক ক্রিস্টোফার রে জানিয়েছিলেন, তারা এ ধরনের তথ্য কেনা বন্ধ রেখেছিল। প্যাটেলকে প্রশ্ন করা হয়, সেই নীতি এখনো কার্যকর কি না।

জবাবে প্যাটেল বলেন, 'আমরা বাণিজ্যিকভাবে সহজলভ্য তথ্য ক্রয় করি, যা সংবিধান এবং ইলেকট্রনিক কমিউনিকেশনস প্রাইভেসি অ্যাক্টের (ইসিপিএ) সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। এটি আমাদের জন্য গুরুত্বপূর্ণ গোয়েন্দা তথ্য সংগ্রহে সহায়তা করে।' তবে সিনেটর ওয়াইডেন এই পদক্ষেপকে মার্কিন সংবিধানের চতুর্থ সংশোধনীর 'ভয়াবহ লঙ্ঘন' হিসেবে অভিহিত করেছেন। তিনি উদ্বেগ প্রকাশ করে বলেন, ওয়ারেন্ট বা আদালতের অনুমতি ছাড়া ব্যক্তিগত তথ্য কেনা কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআইয়ের এই যুগে অত্যন্ত বিপজ্জনক। কারণ, বিশাল পরিমাণ ব্যক্তিগত তথ্য বিশ্লেষণ করতে এখন এআই ব্যবহার করা হচ্ছে। বর্তমানে টেলিকম কোম্পানিগুলোর কাছ থেকে সরাসরি তথ্য পেতে গোয়েন্দাদের আদালতের পরোয়ানা লাগে। কিন্তু প্রাইভেট ডেটা ব্রোকার বা তথ্য কেনাবেচা করা প্রতিষ্ঠানের কাছ থেকে একই তথ্য কেনার ক্ষেত্রে এই আইনি বাধ্যবাধকতা নেই। এই 'লুপহোল' বা আইনি ফাঁক বন্ধ করতে 'গভর্নমেন্ট সার্ভেল্যান্স রিফর্ম অ্যাক্ট' পাসের দাবি জানিয়েছেন আইনপ্রণেতারা।

রিপাবলিকান রিপ্রেজেনটেটিভ ওয়ারেন ডেভিডসনও এই ঘটনার তীব্র সমালোচনা করেছেন। তিনি সামাজিক যোগাযোগমাধ্যমে জানান, গোয়েন্দা সংস্থাগুলো যাতে নাগরিকদের ব্যক্তিগত তথ্য কিনতে না পারে, সে জন্য তারা একটি দ্বিপক্ষীয় বিল এনেছেন। উল্লেখ্য, মার্কিন সংবিধানের চতুর্থ সংশোধনী দেশটির নাগরিকদের সম্পদ এবং ব্যক্তিগত নথিপত্রের অযৌক্তিক তল্লাশি ও জব্দ করা থেকে সুরক্ষা প্রদান করে।

# ইরান সংকটের পূর্ণাঙ্গ সমাধানের পথ খুলেছে, জানালেন

৬ পৃষ্ঠার পর

সামরিক মুখপাত্রের খোঁচা

এদিকে, ট্রাম্পের এই ঘোষণার পরপরই শেয়ারবাজারে সূচক ঊর্ধ্বমুখী হয়, যখন ডোনাল্ড ট্রাম্প ইঙ্গিত দেন যে মধ্যপ্রাচ্যের যুদ্ধ শেষ করতে যুক্তরাষ্ট্র ও ইরান একটি সমঝোতার কাছাকাছি। ব্রিটেনের প্রধান শেয়ার সূচকটি প্রাথমিক লেনদেনে বড় ধরনের পতনের পর দশমিক ৪ শতাংশ বেড়ে যায়। সপ্তাহান্তে ইরানকে ৪৮ আল্টিমেটাম দেওয়ার পর সোমবারের শুরুতে সূচকটি ২ দশমিক ২ শতাংশ পর্যন্ত নেমে গিয়েছিল। ট্রাম্প তেহরানকে ৪৮ ঘণ্টার মধ্যে হরমুজ প্রণালি পুনরায় খুলে দেওয়ার আহ্বান জানিয়েছিলেন। তবে সোমবার সকালে ট্রাম্প বলেন, গত দুই দিনে ইরান ও যুক্তরাষ্ট্র মধ্যপ্রাচ্যে বৈরিতা সম্পূর্ণভাবে শেষ করার বিষয়ে 'খুব ভালো ও ফলপ্রসূ আলোচনা' করেছে।

# 'ইরানের বিনাশ নিশ্চিত', এরপর দেশের ভেতরেই প্রধান

৭ পৃষ্ঠার পর

মালিকানাধীন সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে ট্রাম্প লিখেছেন, 'এখন ইরানের নিশ্চিত বিনাশের সঙ্গে সঙ্গে, আমেরিকার সবচেয়ে বড় শত্রু হলো কট্টর বাম, চরম অদক্ষ ডেমোক্র্যাট পার্টি! বিষয়টির প্রতি আপনাদের মনোযোগের জন্য ধন্যবাদ।' পৃথক আরেক পোস্টে ট্রাম্প বলেন, স্থানীয় সময় আগামীকাল সোমবার ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইসিই) এজেন্টদের বিমানবন্দরে মোতায়েন করা হবে, যাতে তারা ট্রান্সপোর্টেশন সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশনের (টিএসএ) কর্মীদের সহায়তা করতে পারে। ডেমোক্র্যাটদের 'বাধা' সত্ত্বেও তাদের আইসিইর কাজের নিষ্ঠার প্রশংসা করেন তিনি। ট্রাম্প কিছুদিন আগে বলেছিলেন, যদি ডেমোক্র্যাটরা আংশিক সরকারি শাটডাউন শেষ করতে রাজি না হয়, তবে তিনি বিমানবন্দরে আইসিই এজেন্ট মোতায়েন করবেন। তার কয়েক দিন পরই এই ঘোষণা এল। ট্রাম্প লিখেন, 'সোমবার আইসিই বিমানবন্দরে যাবে আমাদের অসাধারণ টিএসএ এজেন্টদের সহায়তা করতে, যারা এখনো দায়িত্বে আছেন, যদিও কট্টর বাম ডেমোক্র্যাটরা, যারা শুধু আমাদের দেশে অবৈধভাবে প্রবেশ করা কঠোর অপরাধীদের রক্ষা নিয়েই ব্যস্ত, তারা দীর্ঘদিন আগে স্বাক্ষর ও সিলমোহরযুক্ত চুক্তির মাধ্যমে অনুমোদিত অর্থ আটকে রেখে যুক্তরাষ্ট্রকে ঝুঁকির মধ্যে ফেলছে।'

গত ফেব্রুয়ারিতে আংশিক সরকারি শাটডাউন শুরু হওয়ার পর থেকে যুক্তরাষ্ট্রের বিভিন্ন বিমানবন্দরে টিএসএ কর্মীরা বেতন ছাড়াই কাজ করে যাচ্ছেন। কারণ, রিপাবলিকান ও ডেমোক্র্যাটরা অর্থায়ন চুক্তিতে পৌঁছাতে ব্যর্থ হয়েছে। বিভিন্ন মার্কিন শহরে আইসিইর বিতর্কিত অভিবাসনবিরোধী অভিযান কয়েক মাস ধরে চলার পর, যেখানে কিছু মৃত্যুর ঘটনাও ঘটেছে এবং তীব্র জনবিরোধিতা দেখা দিয়েছে, ডেমোক্র্যাটরা বলেছে গুরুতর সংস্কার ছাড়া তারা আইসিইকে অতিরিক্ত অর্থায়ন দেবে না।

শাটডাউনের সময় টিএসএ কর্মীদের বেতন ছাড়া কাজ চালিয়ে যেতে হয়েছে। কারণ, তাদের চাকরি 'অপরিহার্য' হিসেবে শ্রেণিভুক্ত। শাটডাউন অব্যাহত থাকায় সিনেটের ডেমোক্র্যাটরা হোমল্যান্ড সিকিউরিটি বিভাগের আইসিই-বহির্ভূত সংস্থাগুলোর জন্য আলাদা ছোট ছোট অর্থায়ন বিল পাস করার চেষ্টা করেছে। এর মধ্যে টিএসএ এবং ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (ফেমা) অন্তর্ভুক্ত। তবে সিনেটের রিপাবলিকানরা এই উদ্যোগ প্রত্যাখ্যান করেছে।













# বারী হোম কেয়ার

Ultracare Family Wellness of NY, Inc.
Diana's Angels Home Care Inc.

# PCA/HHA HOME CARE
## Service Provider

Home care PCA/PA দের সর্বোচ্চ সাপ্তাহিক পেমেন্ট Direct Deposit এর মাধ্যমে দেওয়া হয়।
Home care সুবিধা পেতে আমরা কোন ফি চার্জ করি না।
আমরা Medicaid এর আবেদন ও নবায়নে সাহায্য করে থাকি।
We hire PCA Aides/ Provide Training & Certificate
We speak Bengali, Hindi, Urdu, Punjabi & Spanish

আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে হোম কেয়ারে সকল সেবা প্রদান করছি।

## PCA সেবা নিতে চান? আমাদের সাথে যোগাযোগ করুন




NYS- licensed LHCSA Agency Offering Professional, compassionate care - we are ready to help you to Enroll PCA/HHA services.
Our Expert Team will guide you through the LHCSA transition with trained PCA ready to help.

# THE BARI GROUP

BARI SUPERMARKET · BARI PARTY HALL · BARI RESTAURANT · BARI HOME CARE · BARI & BARI · BARI CHARITY FOUNDATION · BUTTERFLY SENIOR DAY CARE

**Head Office:**
37-16 73rd St., 4th FL
Suite 401
Jackson Heights, NY 11372
Tel: 718-898-7100

**Jamaica Office:**
169-06 Hillside Ave, 2nd FL
Jamaica, NY 11432
Tel: 718-291-4163

**Bronx Office:**
1412 Castle Hill Ave
2nd FL, Suite 201
Bronx, NY 10462
Tel:718-319-1000

**Woodside Office:**
49-22 30th Ave
Woodside
NY 11377
Tel: 347-242-2175

**Brooklyn Office:**
31 Church Ave, #8
Brooklyn, NY 11218
Tel: 347-837-4908
Cell: 347-777-7200

**Long Island Office:**
469 Donald Blvd.
Holbrook, NY 11741
Tel: 631-428-1901

**Ozone Park Office:**
1088 Liberty Ave
Brooklyn, NY 11208
Tel: 470-447-8625

**Buffalo Office:**
59 Walden Ave,
Buffalo, NY 14211
Tel: 716-891-9000
716-400-8711

**Buffalo Office:**
977 Sycamore St
2nd Floor,
Buffalo, NY 14212
Tel: 347-272-3973

**Bari Tower:**
74-09 37th Ave
Room 401
Jackson Heights,
NY 11372
Tel: 718-898-7100

CALL US TODAY: 718-898-7100, 631-428-1901
Fax: 646-630-9581, info@barihomecare.com www.barihomecare.com

## ইরান-যুক্তরাষ্ট্র বৈঠক পাকিস্তানে

৭ পৃষ্ঠার পর

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে বার্তা আদান-প্রদান করছে। সূত্রটি জানিয়েছে, তিন দেশের পররাষ্ট্রমন্ত্রীরা আলাদা আলাদা বৈঠক করেছেন হোয়াইট হাউসের প্রতিনিধি স্টিভ উইটকফ এবং ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচির সঙ্গে।

ওই সূত্র বলেন, 'মধ্যস্থতা চলছে এবং অগ্রগতি ঘটছে। আলোচনার বিষয় হলো যুদ্ধ শেষ করা এবং সব মুলতবি ইস্যু সমাধান করা। আশা করছি শিগগিরই উত্তর আসবে।'

মিসরের পররাষ্ট্রমন্ত্রী বদর আবদেলাত্তি রোববার ট্রাম্পের দূত স্টিভ উইটকফ, ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি এবং পাকিস্তান, তুরস্ক ও কাতারের পররাষ্ট্রমন্ত্রীদের সঙ্গে। মিসরীয় পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, আবদেলাত্তি জোর দিয়ে বলেছেন 'সংঘাতের বিস্তৃত প্রভাব সীমিত রাখা এবং এটি সম্প্রসারিত হওয়া রোধ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ'।

## নিউইয়র্কে ট্রাকের ওপর উঠে গেল

৬ পৃষ্ঠার পর

সার্ভিসের ট্রাক এরই মধ্যে ঘটনাস্থলে রয়েছে।

পরের বার্তায় দেখা যায়, রানওয়ে ৪এর ট্যাক্সিওয়ে 'ডেল্টা' দিয়ে ট্রাকটিকে পার হওয়ার অনুমতি দেওয়া হয়। সংঘর্ষের ঠিক আগে নিয়ন্ত্রকের কণ্ঠ শোনা যায়-'স্টপ, স্টপ, স্টপ, ট্রাক ১ থামুন।' ঠিক এই সময় প্রায় ঘণ্টায় ৩৯ কিমি বেগে বিমানটি ট্রাকটিকে আঘাত করে। স্থানীয় সময় রাত ১১টা ৩৭ মিনিটে শেষবারের মতো বিমানের তথ্য রেকর্ড করা হয়। দুর্ঘটনার পর তোলা ছবিতে বিমানের নাকটি তোবড়ানো এবং সামনের অংশ উপরের দিকে উঠে থাকা দেখা যায়।

## যুদ্ধ বন্ধে ৫ বছর ক্ষেপণাস্ত্র কর্মসূচি

৬ পৃষ্ঠার পর

আহ্বান প্রত্যাখ্যান করেছে। অন্যদিকে তেহরান বলছে, যুদ্ধ থামানো ছাড়া আলোচনা শুরুই সম্ভব নয়।

ব্রিটিশ সংবাদমাধ্যম টেলিগ্রাফ ইউকের খবরে বলা হয়েছে, তিন সপ্তাহের বেশি সংঘাত চলার পর উভয় পক্ষই পরস্পরবিরোধী বার্তা দিচ্ছে। একদিকে কূটনীতির প্রতি আগ্রহের ইঙ্গিত, অন্যদিকে সম্পূর্ণ আত্মসমর্পণের দাবিতে কঠোর ভাষা।

ট্রাম্প স্পষ্ট করেছেন, তিনি তাৎক্ষণিক যুদ্ধবিরতির পক্ষে নন। তাঁর যুক্তি-তেহরানকে ছাড় দিতে বাধ্য করতে সামরিক চাপ অব্যাহত রাখতে হবে। গত শুক্রবার সাংবাদিকদের তিনি বলেন, 'আমি যুদ্ধবিরতি চাই না...আপনি যখন প্রতিপক্ষকে কার্যত ধ্বংস করে দিচ্ছেন, তখন যুদ্ধবিরতি করা হয় না।'

সংঘাতের শুরুর দিকে তিনি আরও বলেছিলেন, ইরানের নেতৃত্ব ভেঙে পড়লেই যুদ্ধ শেষ হতে পারে। তাঁর ভাষায়, 'এক সময় হয়তো আত্মসমর্পণ করতে চাই-এটা বলার মতো কেউই বেঁচে থাকবে না।'

এরপর, গত রোববার ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই ইরানের রাষ্ট্রীয় বার্তা সংস্থা ইরনাকে বলেন, 'ইরানকে সংযম দেখাতে বলা অর্থহীন।' তাঁর দাবি, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলই সংঘাত শুরু করেছে, তাই তাদেরই তা বন্ধ করতে হবে।

ট্রাম্প প্রশাসন এমন এক সমঝোতা চায় যাতে ইরানের পারমাণবিক কর্মসূচি, ক্ষেপণাস্ত্র সক্ষমতা ও আঞ্চলিক কার্যক্রমের ওপর কঠোর সীমা আরোপ থাকবে। শনিবার ইসরায়েল সতর্ক করে জানায়, তেহরান এমন আন্তমহাদেশীয় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র তৈরি করেছে যা লন্ডন পর্যন্ত আঘাত হানতে সক্ষম। এতে নতুন করে উদ্বেগ সৃষ্টি হয়েছে।

যুক্তরাষ্ট্রের কর্মকর্তাদের উদ্ধৃত করে সংবাদমাধ্যম অ্যাক্সিওসকে জানায়, সম্ভাব্য কূটনৈতিক আলোচনায় ট্রাম্পের দূত জ্যারেড কুশনার ও স্টিভ উইটকফ যুক্ত ছিলেন। তবে যুদ্ধ শেষের যে কোনো চুক্তিতে পারস্য উপসাগরের গুরুত্বপূর্ণ জ্বালানি পথ হরমুজ প্রণালি পুনরায় খুলে দেওয়া, ইরানের উচ্চমাত্রায় সমৃদ্ধ ইউরেনিয়ামের মজুদ মোকাবিলা করা এবং পারমাণবিক ও ক্ষেপণাস্ত্র কর্মসূচি নিয়ে দীর্ঘমেয়াদি সমঝোতা অন্তর্ভুক্ত করতে হবে।

কূটনৈতিক প্রচেষ্টা কার্যত থমকে আছে। অ্যাক্সিওস জানিয়েছে, কয়েক দিন ধরে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে সরাসরি যোগাযোগ নেই। তবে মিসর, কাতার ও যুক্তরাজ্য এমনিক তুরস্কও বার্তা আদান-প্রদান করেছে। ইরান বলছে, তাদের শর্ত মানা হলেই কেবল আলোচনা সম্ভব। এসব শর্তের মধ্যে রয়েছে পূর্ণ যুদ্ধবিরতি, ভবিষ্যতে আর হামলা না করার নিশ্চয়তা এবং ক্ষতিপূরণ। ট্রাম্প ইতিমধ্যে এসবকে 'অগ্রহণযোগ্য' বলেছেন।

এক মার্কিন কর্মকর্তা অ্যাক্সিওসকে বলেন, যুক্তরাষ্ট্র মনে করে তারা ইরানের সক্ষমতা দুর্বল করে দিয়েছে এবং শেষ পর্যন্ত তেহরান আলোচনায় বসতে বাধ্য হবে। তবে মার্কিন দাবিগুলোর মধ্যে পাঁচ বছর ক্ষেপণাস্ত্র কর্মসূচি বন্ধ, ইউরেনিয়াম সমৃদ্ধকরণ শূন্যে নামানো এবং ২০২৫ সালে বোমাবর্ষণে ক্ষতিগ্রস্ত নাতাঞ্জ ও ইস্পাহান নিউক্লিয়ার ফ্যাসিলিটি ও ফোরদো ফুয়েল এনরিচমেন্ট প্ল্যান্ট বন্ধ করে দেওয়ার মতো শর্ত রয়েছে, যা তেহরান মানবে না বলেই ধারণা।

এ ছাড়া পারমাণবিক কর্মসূচি এগিয়ে নিতে পারে এমন সেন্ট্রিফিউজ তৈরির ওপর কঠোর আন্তর্জাতিক নজরদারির দাবিও করেছে যুক্তরাষ্ট্র। আরও শর্তের মধ্যে রয়েছে আঞ্চলিক দেশগুলোর সঙ্গে অস্ত্র নিয়ন্ত্রণ চুক্তি, ক্ষেপণাস্ত্রের সর্বোচ্চ পাল্লা ১ হাজার কিলোমিটারের মধ্যে সীমিত রাখা এবং লেবাননের হিজবুল্লাহ, ইয়েমেনের হুতি ও গাজার হামাসের মতো মিত্র গোষ্ঠীগুলোকে ইরানের অর্থায়ন বন্ধ করা।

ইরান অতীতে এসব দাবি বারবার প্রত্যাখ্যান করেছে। তাদের দাবি, পারমাণবিক কর্মসূচি শান্তিপূর্ণ, যদিও তারা একাধিক বোমা তৈরির মতো ইউরেনিয়াম সমৃদ্ধ করেছে। ট্রাম্পের প্রতি অবিশ্বাসও আলোচনার পথে বাধা। এর সঙ্গে যুক্ত হয়েছে সামরিক ও রাজনৈতিক নেতা আলি লারিজানির হত্যাকাণ্ড। তিনি ইরানের প্রধান আলোচক ছিলেন। এতে আরও কঠোরপন্থীদের উত্থানের আশঙ্কা তৈরি হয়েছে।

ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি গত শনিবার ভারতের পররাষ্ট্রমন্ত্রীকে বলেন, হরমুজ প্রণালিতে ইরানের নিয়ন্ত্রণ শিথিল করতে হলে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলকে হামলা বন্ধ করতে হবে এবং ভবিষ্যতে হামলা না করার প্রতিশ্রুতি দিতে হবে। ট্রাম্প হুঁশিয়ারি দিয়েছেন, ইরান যদি প্রণালি খুলে না দেয়, তবে ৪৮ ঘণ্টার মধ্যে তাদের বিদ্যুৎকেন্দ্র ধ্বংস করা হবে।

ইরানের পার্লামেন্ট স্পিকার বাঘের গালিবাফ সতর্ক করেছেন, অবকাঠামোর ওপর হামলা হলে পুরো অঞ্চলের জ্বালানি ও তেল স্থাপনা 'অপরিবর্তনীয়ভাবে ধ্বংস' করা হবে। রয়টার্সকে দুই জ্যেষ্ঠ ইরানি সূত্র জানিয়েছে, হামলা বন্ধ না হলে ইরান যুদ্ধবিরতি নিয়ে আলোচনা করবে না। দেশটির নেতৃত্ব যুদ্ধের মধ্যেও ছাড় দেওয়ার চাপ প্রত্যাখ্যান করেছে। কিছু কর্মকর্তা বলেছেন, কেবল 'সম্পূর্ণ আত্মসমর্পণ' ঘটলেই তারা কার্যক্রম বন্ধ করবে।

রয়টার্সের তথ্য অনুযায়ী সর্বোচ্চ নেতা মোজতবা খামেনি উত্তেজনা হ্রাসের প্রস্তাব নাকচ করে দিয়েছেন। তাঁর দাবি, শান্তি প্রচেষ্টার আগে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলকে 'হাঁটু গেড়ে বসতে' হবে তথা আত্মসমর্পণ করতে হবে। একই সঙ্গে তিনি অঞ্চল থেকে মার্কিন সেনা প্রত্যাহারের দাবি তুলেছেন।

তেহরানের এক জ্যেষ্ঠ সামরিক মুখপাত্র বলেছেন, ইরানের জ্বালানি স্থাপনায় মার্কিন হামলা হলে পুরো অঞ্চলে মার্কিন সংশ্লিষ্ট লক্ষ্যবস্তুতে পাল্টা আঘাত হানা হবে, যার মধ্যে ইসরায়েলের জ্বালানি অবকাঠামোও রয়েছে। রোববার এক সামরিক কর্মকর্তা সতর্ক করে বলেন, 'আপনারা আমাদের অবকাঠামোতে হামলা করলে আমরাও আপনাদেরটিতে হামলা করব।'

হোয়াইট হাউসের এক জ্যেষ্ঠ কর্মকর্তা রয়টার্সকে জানান, এই পর্যায়ে যুক্তরাষ্ট্র আলোচনায় আগ্রহী নয় এবং সামরিক অভিযান 'বাধাহীনভাবে' চলবে। তেহরানকে ছাড় দিতে বাধ্য করার জন্যই এই কৌশল নেওয়া হয়েছে।

ইরানও পাল্টা বিশ্বাস করে, বৈশ্বিক জ্বালানি সরবরাহ ব্যাহত হলে মূল্যবৃদ্ধি ও আন্তর্জাতিক চাপ যুক্তরাষ্ট্রকে সমঝোতায় বাধ্য করবে। ট্রাম্প সামাজিক মাধ্যম ট্রুথ সোশ্যালে দাবি করেছেন, সামরিক শক্তি দিয়ে খুব সহজেই নৌপথ নিরাপদ করা সম্ভব। ইরানের জাতীয় নিরাপত্তা কমিটির সদস্য আলাউদ্দিন বরুজার্দি বলেছেন, হরমুজ প্রণালি দিয়ে চলাচলকারী কিছু জাহাজের কাছ থেকে ২০ লাখ ডলার পর্যন্ত নেওয়া হচ্ছে।


কলাম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএস (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্ক- এর বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এ্যাট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় ন্যূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

তাছাড়া ১ মিলিয়ন বা ন্যূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি ও আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ সরাসরি গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার L Visa'র সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্রাক্টিস, ডিভোর্স, পারিবারিক, লিগালাইজেশনসহ সকল ধরণের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম - শনিবার)।

আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারেন।

আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office:
143-08 Hillside Avenue, Jamaica, NY 11435, Tel: (212) 714-3599, Fax: (718) 408-3283, ashoklaw.com
Bronx Office: Karmaker & Lewter, PLLC
1506 Castlehill Avenue, Bronx, NY 10462, Tel: (718) 662-0100, ashok@ashoklaw.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates, Ltd.
Dream Apartments, Apt. C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

## গ্রিসের ক্রিট নৌঘাঁটিতে ফিরল মার্কিন

৬ পৃষ্ঠার পর

করেছেন। এএফপির প্রতিবেদন থেকে জানা যায়, ফেব্রুয়ারির শেষদিকে ইরান ও মধ্যপ্রাচ্যে মার্কিন সামরিক শক্তি বৃদ্ধির অংশ হিসেবে জেরাল্ড ফোর্ড এবং আব্রাহাম লিঙ্কন-এই দুটি রণতরি থেকে ইসরায়েলের সঙ্গে যৌথভাবে বিশাল বিমান হামলা চালানো হয়। কয়েক ডজন যুদ্ধবিমান সমৃদ্ধ এই রণতরি দুটি ইরান অভিযানে মূল ভূমিকা পালন করেছে।

প্যান ওয়াশিংটনের গ্লোবাল পলিসি প্রোগ্রামের পরিচালক ড্যানিয়েল স্নাইডারম্যান বলেন, জেরাল্ড ফোর্ডকে দীর্ঘ সময়ের জন্য সরিয়ে নেওয়ার অর্থ হলো যুদ্ধ প্রচেষ্টায় মার্কিন সমর্থন কমে যাওয়া। তবে এর সঙ্গে থাকা অন্য জাহাজগুলো ইসরায়েলের আকাশ প্রতিরক্ষায় নিয়োজিত থাকলে সাময়িক ঝুঁকি কিছুটা কমতে পারে বলে তিনি মন্তব্য করেন।

১২ মার্চ রণতরিটির লন্ড্রি রুমে এক ভয়াবহ অগ্নিকাণ্ড ঘটে। এতে দুই নাবিক আহত হন এবং প্রায় ১০০টি বিছানা ক্ষতিগ্রস্ত হয়। এ ছাড়া সমুদ্রে থাকাকালীন জাহাজটির টয়লেট ব্যবস্থায় মারাত্মক ত্রুটি দেখা দেয় বলে মার্কিন সংবাদমাধ্যমে খবর প্রকাশিত হয়েছে। দীর্ঘ লাইনে দাঁড়িয়ে শৌচাগার ব্যবহারের সমস্যায় নাবিকদের মধ্যে চরম অসন্তোষও তৈরি হয়েছিল বলে জানা যায়।

এদিকে মার্কিন সিনেট ইন্টেলিজেন্স কমিটির ভাইস চেয়ারম্যান সিনেটর মার্ক ওয়ার্নার এই দীর্ঘমেয়াদি মোতায়েনের তীব্র সমালোচনা করেছেন। তিনি বলেন, জেরাল্ড ফোর্ড এবং এর ক্রুরা প্রায় এক বছর সমুদ্রে থেকে খাদের কিনারায় পৌঁছেছে। প্রেসিডেন্ট ট্রাম্পের বেপরোয়া সামরিক সিদ্ধান্তের মূল্য দিতে হচ্ছে তাঁদের।

উল্লেখ্য, এই ৯ মাসে রণতরিটি ক্যারিবিয়ান সাগরে মাদক পাচারবিরোধী অভিযান, নিষেধাজ্ঞা অমান্যকারী ট্যাংকার আটক এবং ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরোকে ধরার অভিযানেও অংশ নিয়েছিল।

## যুদ্ধের কারণে দুবাইয়ে সম্পত্তির দাম

১২ পৃষ্ঠার পর

খলিফার কাছাকাছি একটি সম্পত্তির মালিক দ্রুত বিক্রির জন্য ৬ লাখ ৫০ হাজার ডলার চেয়েছেন। এই সম্পত্তি আগে বিক্রির জন্য ৭ লাখ ৩৫ হাজার দর হাঁকা হয়েছিল। বর্তমান পরিস্থিতির কারণে দাম কমানো হয়েছে বলে ওই বার্তায় উল্লেখ করা হয়। সংবেদনশীলতার কারণে সংশ্লিষ্ট এজেন্ট তার নাম প্রকাশে অনিচ্ছুক ছিলেন।

একইভাবে দুবাইয়ের আকর্ষণীয় পাম জুমেইরাহ এলাকায় নির্মাণাধীন একটি ফ্ল্যাট প্রায় ২০ লাখ ডলারে বিক্রির প্রস্তাব দেওয়া হয়েছে, যা আগের দামের তুলনায় ১৫ শতাংশ কম। যুদ্ধ শুরুর এক সপ্তাহ পর একটি হোয়াটসঅ্যাপ গ্রুপে এমন বার্তা দেখা গেছে, যা রয়টার্স পর্যালোচনা করেছে।

সংযুক্ত আরব আমিরাতের রিয়েল এস্টেট খাতের উত্থান দুবাইয়ের অর্থনৈতিক উত্থানের সঙ্গে তাল মিলিয়ে চলেছে। তবে টানা পাঁচ বছর দাম বাড়ার পর বাজারে মন্দার আশঙ্কা আগে থেকেই ছিল

মন্দার পথে যাচ্ছে?

সংযুক্ত আরব আমিরাতের রিয়েল এস্টেট খাতের উত্থান দুবাইয়ের অর্থনৈতিক উত্থানের সঙ্গে তাল মিলিয়ে চলেছে। তবে টানা পাঁচ বছর দাম বাড়ার পর বাজারে মন্দার আশঙ্কা আগে থেকেই ছিল। বর্তমান সংঘাত এই বাজারের জন্য এখন পর্যন্ত সবচেয়ে বড় পরীক্ষা হিসেবে দেখা দিচ্ছে। করমুক্ত নীতির কারণে ধনী অভিবাসীদের ঢলই এত দিন চাহিদা বাড়িয়ে রেখেছিল।

এদিকে আবাসন কোম্পানিগুলোর শেয়ারের দামও কমেছে। বুর্জ খলিফার নির্মাতা ইমার প্রোপার্টিজের শেয়ার যুদ্ধ শুরুর পর থেকে দুবাই শেয়ারবাজারে ২৬ শতাংশের বেশি কমেছে।

সিটি ব্যাংকের বিশ্লেষকেরা বলছেন, এই যুদ্ধ দুবাইয়ে ভবিষ্যৎ জনসংখ্যা বৃদ্ধির প্রত্যাশায় 'উল্লেখযোগ্য ঝুঁকি' তৈরি করেছে। এতে বাড়ির ক্রেতা ও সম্পত্তি বিনিয়োগকারীরা নিরুৎসাহিত হতে পারেন।

তাদের পূর্বাভাস অনুযায়ী, চলতি বছরে দুবাইয়ের জনসংখ্যা বৃদ্ধি ১ শতাংশ হতে পারে। ২০২৭ থেকে ২০৩১ সালের মধ্যে বার্ষিক প্রবৃদ্ধি ২ থেকে আড়াই শতাংশে সীমিত থাকতে পারে। যেখানে সাম্প্রতিক বছরগুলোতে জনসংখ্যা বেড়েছে প্রায় ৪ শতাংশ হারে। তাতে আগামী দুই বছর সম্পত্তির দাম গড়ে ৭ শতাংশ হারে কমতে পারে।

কার্যক্রম একেবারে থামেনি

মধ্যপ্রাচ্যের যুদ্ধের কারণে মাঠপর্যায়ের নির্বাহীরা এখনই আতঙ্কিত নন। তাঁদের মতে, বাজারে লেনদেন পুরোপুরি থেমে যায়নি।

রিয়েল এস্টেট বিনিয়োগ প্রতিষ্ঠান ব্ল্যাকওকের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান ইমরান শেখ বলেন, 'ঝুঁকি মূল্যায়ন ও উপলব্ধি করার ক্ষেত্রে সবার দৃষ্টিভঙ্গি ভিন্ন। তবে তথ্য স্পষ্ট-লেনদেন বন্ধ হয়নি।' তিনি জানান, আফ্রিকার একজন ক্রেতা তাঁদের বলেছেন, আগামী এক মাসে কোনো ভালো সুযোগ দেখা গেলে বিনিয়োগ করবেন।

পাম জুমেইরাহ এলাকায় একটি নির্মাণাধীন সম্পত্তি চলতি সপ্তাহে প্রায় ২ কোটি ৫০ লাখ ডলারের বিক্রি হয়েছে। ডেভেলপার আরাডা বলেছে, এটি দুবাইয়ে ব্র্যান্ডেড বিলাসবহুল আবাসনের প্রতি বিনিয়োগকারীদের আগ্রহ অব্যাহত থাকার প্রমাণ।

দুবাইভিত্তিক বিনিয়োগ প্রতিষ্ঠান আসাস ক্যাপিটালের প্রধান নির্বাহী হিমানশু খান্ডেলওয়াল বলেন, অনেক বিনিয়োগকারী এখন খোঁজ করছেন, কেউ কি চাপের কারণে বা ছাড়ে সম্পত্তি বিক্রি করছেন কি না। তাঁরা এমন সুযোগে সম্পত্তি কিনতে প্রস্তুত।

## ৫০ বছরে কখনো হাসপাতালে যাননি

১২ পৃষ্ঠার পর

শারীরিকভাবে সুস্থ। গত ৫০ বছরে তাঁকে কখনো হাসপাতালে যেতে হয়নি। জিন প্রতিদিন সকাল ৯টায় ঘুম থেকে ওঠেন, হাতমুখ ধুয়ে বাগানে কিছুক্ষণ রোদ পোহান। সন্ধ্যা ৭টার ভেতর তিনি রাতের খাবার শেষ করে ঘুমাতে চলে যান। এর মাঝে দিনের বেলাতেও তিনি খানিকটা ঘুমিয়ে নেন। তাঁর ছেলে হু হুয়ামেই বলেন, তিনি দিনে ১৫ ঘণ্টাও ঘুমিয়ে থাকতে পারেন।

জিন তাঁর খাবারের বিষয়েও খুব সচেতন। তাঁর সকালের নাশতায় থাকে ডাম্পলিং ও বান। দুপুর ও রাতের খাবারে সাধারণত নুডলস বা ভাত থাকে, মাংস তাঁর খুবই প্রিয়, তিনি প্রতিদিন মাংস খান। তাঁকে প্রতি বেলার খাবার একটি বড় বাটিতে পরিবেশন করা হয়।

প্রধান খাবারের পাশাপাশি জিন নাশতায় কেক, রুটি এবং বাদামি চিনি ও লাল খেজুর দিয়ে বানানো চা খান।

এ ছাড়া জিন দিনে তিনটি কমলা এবং দুটো ডিম খান। তবে তিনি সবজি খেতে খুব একটা পছন্দ করেন না। নিয়মিত তিনি রাইস ওয়াইন পান করেন।

হাঁটাচলা করতে জিনের অন্যের সহায়তা প্রয়োজন হয়। তবে তাঁর দৃষ্টিশক্তি এখনো তীক্ষ্ণ। তিনি এখনো মোজা বুনতে পারেন, জুতা মেরামত করতে পারেন।

জিনের ছেলে মায়ের সুস্বাস্থ্যের পেছনে তাঁর সব সময় হাসিখুশি থাকার ভূমিকার কথা উল্লেখ করেন।

হু বলেন, 'তিনি কখনো কারও সঙ্গে ঝগড়া করেন না। যদি দেখেন কোনো সমস্যার সৃষ্টি হচ্ছে, তিনি সব ভুলে যান।'

হু সংবাদমাধ্যমকে আরও বলেন, তাঁর মা একজন সহজুসরল গ্রামীণ গৃহিণী, যিনি পরিবারের সবাইকে নিয়ে মিলেমিশে থাকাকে সবচেয়ে বেশি গুরুত্ব দেন। তাঁর সবচেয়ে বড় চাওয়া, পরিবারের শান্তি ও সুখ। তিনি চান তাঁর পরিবার সব সময় সুখেশান্তিতে বসবাস করুক।

## পাকিস্তানকে জবাব দিল

১২ পৃষ্ঠার পর

শুক্রবার রাতে ইসলামাবাদের কাছে রাওয়ালপিন্ডিতে তাদের সদর দপ্তর লক্ষ্য করে হামলা চালানো হয়। তবে সে হামলা প্রতিহত করা হয়েছে। এ ছাড়া কোয়েটা অঞ্চলে ড্রোনের ধ্বংসাবশেষ পড়ে দুই শিশু আহত হয়েছে। পেশোয়ারের দক্ষিণে কোহাত অঞ্চলেও ড্রোনের ধ্বংসাবশেষ পড়ে একজন বেসামরিক নাগরিক আহত হয়েছেন।

হামলার পর রাজধানী ইসলামাবাদের আকাশসীমা সাময়িক সময়ের জন্য বন্ধ রাখা হয়েছে বলে জানিয়েছে পাকিস্তানের সামরিক সূত্র। বিশেষজ্ঞরা বলছেন, আফগানিস্তানের তালেবানের হাতে উন্নত ড্রোন নেই। স্থানীয়ভাবে তৈরি ড্রোন হামলার কাজে ব্যবহার করে তারা। এসব ড্রোন দিয়ে পাকিস্তানের সীমান্ত অঞ্চলে হামলা চালানো যেতে পারে।

এর আগে গত বৃহস্পতিবার রাতে আফগানিস্তানের রাজধানী কাবুলসহ দেশটির তিনটি অঞ্চলে হামলা চালায় পাকিস্তান। এসব হামলায় অন্তত চারজন নিহত হন। এই হামলার প্রতিশোধ নেওয়ার হুমকি দিয়েছিল তালেবান।

আফগানিস্তানের ড্রোন হামলার পর পাকিস্তানের প্রেসিডেন্ট আসিফ আলী জারদারি নিন্দা জানিয়েছেন। তিনি বলেছেন, 'বেসামরিক লোকজনকে লক্ষ্য করে হামলা পাকিস্তান সহ্য করবে না। প্রতিবেশীদের ওপর সন্ত্রাসবাদ চালানোর জন্য আফগানিস্তানের মাটিকে অবশ্যই ব্যবহার করা যাবে না।'

এর আগে গত মাসে আফগানিস্তানে সামরিক অভিযান চালিয়েছিল পাকিস্তান। পাকিস্তানের বিভিন্ন অঞ্চলে 'সন্ত্রাসী' হামলার জবাবে বিভিন্ন সশস্ত্র গোষ্ঠীকে লক্ষ্য করে ওই অভিযান চালানো হয়েছিল বলে তখন জানিয়েছিল ইসলামাবাদ। তবে আফগানিস্তানে এমন সশস্ত্র গোষ্ঠীর অবস্থানের কথা অস্বীকার করেছে তালেবান। পাকিস্তানের ওই অভিযানের পরিপ্রেক্ষিতে দুই দেশ সংঘাতে জড়ায়।

তবে ওই সংঘাত শেষ হওয়ার পরও দুই দেশের সীমান্ত অঞ্চলে সংঘর্ষ চলছিল। আফগানিস্তানে অবস্থিত জাতিসংঘের মিশনের গত শুক্রবার দেওয়া তথ্য অনুযায়ী, গত বছরের ফেব্রুয়ারি থেকে এসব সংঘর্ষে আফগানিস্তানে অন্তত ৭৫ জন বেসামরিক নাগরিক নিহত হয়েছেন। আহত হয়েছেন ১৯৩ জন।

## জ্বালানিসংকট মোকাবিলায় যেসব

১২ পৃষ্ঠার পর

এবং নাগরিকদের গণপরিবহন ব্যবহারের অনুরোধ জানানো হয়েছে।

মিয়ানমারে তীব্র সংকটে পেট্রলপাম্পগুলো বন্ধ হয়ে যাওয়ায় ব্যক্তিগত যানবাহনের জন্য নিবন্ধন নম্বরের ভিত্তিতে 'জোড়-বিজোড়' রেশনিং পদ্ধতি চালু হয়েছে।

কম্বোডিয়ায় প্রায় এক-তৃতীয়াংশ পেট্রলপাম্প কার্যক্রম বন্ধ করে দিয়েছে। লাওসে সরকারি চাকরিজীবীদের বাসা থেকে কাজ বাধ্যতামূলক করা হয়েছে এবং যাতায়াত কমাতে পালাক্রমে দায়িত্ব পালনের পদ্ধতি চালু হয়েছে।

নির্দিষ্ট সময়ে বিপণিবিতান বন্ধ ও 'গাড়িমুক্ত' দিবস

মিসরে বিদ্যুৎ সাশ্রয়ে রাত ৯টার মধ্যে বিপণিবিতান ও রেস্তোরাঁ এবং সন্ধ্যা ছয়টার মধ্যে সরকারি ভবন বন্ধের নির্দেশ দেওয়া হয়েছে। বিলবোর্ডের বিজ্ঞাপনের আলোও বন্ধ রাখা হচ্ছে।

কেনিয়ায় জ্বালানি রপ্তানি নিষিদ্ধের পাশাপাশি রেশনিং চালু হয়েছে। দেশটির বর্তমান মজুত কেবল এপ্রিল পর্যন্ত চলতে পারে বলে ধারণা করা হচ্ছে। দক্ষিণ আফ্রিকায় ডিজেল সংকট ও আতঙ্কিত হয়ে কেনাকাটা রুখতে শিল্প খাতে নিয়ন্ত্রিত বরাদ্দের ব্যবস্থা কার্যকর করেছে।

নিউজিল্যান্ডে ১৯৭৯ সালের নীতি অনুসরণ করে সপ্তাহে এক দিন ব্যক্তিগত গাড়ি চালানো বন্ধ রাখার 'গাড়িমুক্ত দিবস' চালুর কথা ভাবছে সরকার। জ্বালানি মজুত পর্যবেক্ষণে 'অ্যাম্বার অ্যালার্ট' জারি করা হয়েছে এবং উচ্চ মূল্যের কারণে এয়ার নিউজিল্যান্ডের কয়েক শ ফ্লাইট বাতিল করা হয়েছে। স্লোভাকিয়ায় ডিজেল মজুতদারি ঠেকাতে সরকারিভাবে ক্রয়ের কোটা নির্ধারণ করে দেওয়া হয়েছে। স্লোভেনিয়ায় স্থানীয় সরবরাহ নিশ্চিত করতে দেশটির দ্বিতীয় বৃহত্তম জ্বালানি বিক্রেতা প্রতিষ্ঠান ব্যক্তিগত গাড়ি ও ট্রাকের জন্য তেল বিক্রিতে সীমা নির্ধারণ করে দিয়েছে।

এসব পদক্ষেপ সম্মিলিতভাবে বৈশ্বিক জ্বালানিসংকটের ভয়াবহতা এবং নিজেদের জ্বালানি নিরাপত্তায় দেশগুলো কত দূর পর্যন্ত যেতে পারে, তা-ই স্পষ্টভাবে ফুটিয়ে তুলছে।

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প হরমুজ প্রণালি খুলে দিতে ইরানকে ৪৮ ঘণ্টার সময় বেঁধে দিয়েছিলেন। তবে এই সময় শেষ হওয়ার আগেই আজ সোমবার তিনি বলেছেন, ওয়াশিংটন ও তেহরানের মধ্যে 'খুব ভালো ও ফলপ্রসূ আলোচনা' শুরু হয়েছে। এর পরিপ্রেক্ষিতে ইরানের বিদ্যুৎ ও জ্বালানি অবকাঠামোতে হামলার সিদ্ধান্ত পাঁচ দিনের জন্য স্থগিত করা হয়েছে।

ইরান অবশ্য ট্রাম্পের এমন দাবি নাকচ করে দিয়েছে। তেহরান বলেছে, এ ধরনের কোনো আলোচনা হচ্ছে না এবং পাল্টা হামলার ভয়ে যুক্তরাষ্ট্র পিছু হটছে। জ্বালানি তেলের দাম কমাতে ট্রাম্প এই কৌশল নিয়েছেন।

## ২০২৪ সালে ২২ লক্ষেরও বেশি নিউ

৫২ পৃষ্ঠার পর

নিতে বাধ্য হচ্ছেন, যার মাধ্যমে তারা এমন এক জরুরি পরিস্থিতির ভয়াবহ পরিণতি ঠেকানোর চেষ্টা করছেন-যে পরিস্থিতি তারা নিজেরা সৃষ্টি করেননি। এই চরম সংকটের মুহূর্তে প্রতিবেশী ও সহনাগরিকদের পাশে দাঁড়াতে আমাদের সকলের ঐক্যবদ্ধ হওয়া অত্যন্ত জরুরি।চ

প্রতিবেদনে আরো বলা হয়েছে,ওঝঘঅচ (স্ন্যাপ)ৎসাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম্ব বা সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচি-নামে পরিচিত এই খাদ্য সহায়তা প্রকল্পটি প্রতি ১০ জন সুবিধাভোগীর মধ্যে একজনকে দারিদ্র্যসীমার উপরে টিকে থাকতে সাহায্য করে; তবুও অনেক সুবিধাভোগীর কাছেই মাসের চাহিদা মেটানোর মতো পর্যাপ্ত খাবার অবশিষ্ট থাকে না। ঝঘঅচ-এর সুবিধাভোগীদের ৬০ শতাংশেরও বেশি মানুষের কাছে মাসের শেষ হওয়ার আগেই খাবার ফুরিয়ে যায়।

প্রতিবেদনে আরও উল্লেখ করা হয়েছে যে, ২০১৮ সালে দারিদ্র্যের হার কিছুটা কমে যাওয়ার পর, নিউ ইয়র্ক সিটিতে দারিদ্র্যের হার বৃদ্ধির ঘটনা এটি নিয়ে টানা তৃতীয় বছরের মতো ঘটল। কোভিড-কালীন সরকারি সহায়তা কর্মসূচিগুলো মহামারি চলাকালীন দারিদ্র্যের হারকে স্থিতিশীল রেখেছিল; কিন্তু ২০২২ সালে যখন সেই সুবিধাগুলোর মেয়াদ শেষ হয়ে যায়, তখন দারিদ্র্যের হার পুনরায় বাড়তে শুরু করে।

এই ট্র্যাকারটি যুক্তরাষ্ট্রের জাতীয় আদমশুমারি ব্যুরোর (ট.ঝ. ঈবহংঁং ইঁৎবধঁ) অনুমানের তুলনায় খাদ্য, বস্ত্র, বাসস্থান এবং ইউটিলিটি বা নাগরিক পরিষেবার মতো নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর অধিক হালনাগাদ খরচের ভিত্তিতে দারিদ্র্যের হার পরিমাপ করে।

এটি দারিদ্র্যকে এভাবে নির্ধারণ করে যে-ভাড়াবাড়িতে বসবাসরত চার সদস্যের একটি পরিবার, যাদের বার্ষিক আয় ৫০,২৮৩ ডলার।

প্রতিবেদনে দেখা গেছে, শ্বেতাঙ্গ নিউ ইয়র্কবাসীদের তুলনায় এশীয় এবং ল্যাটিনো নিউ ইয়র্কবাসীদের দারিদ্র্যের মধ্যে বসবাস করার সম্ভাবনা দ্বিগুণেরও বেশি। একইভাবে, কৃষ্ণাঙ্গ বাসিন্দাদের মধ্যেও দারিদ্র্যের হার ছিল অসামঞ্জস্যপূর্ণভাবে অনেক বেশি। নিউ ইয়র্ক শহরের দারিদ্র্যের হার ব্রঙ্কস এলাকায় এখনো সর্বোচ্চ পর্যায়ে রয়েছে; যেখানে ২০২৪ সালে প্রায় ৪,৫০,০০০ শিশু দারিদ্র্যের মধ্যে বসবাস করছিল। প্রতিবেদনে সতর্ক করে বলা হয়েছে যে, এই পরিসংখ্যান আরও খারাপের দিকে মোড় নিতে পারে ৩রবিন হুড় (জড়নরহ ঐড়ড়ফ) সংস্থার গবেষণায় দেখা গেছে যে, ২০২৮ সাল থেকে শুরু করে প্রতি বছর্ ঝঘঅচ্ কর্মসূচির বরাদ্দ ছাঁটাইয়ের ফলে আরও ৭০,০০০ নিউ ইয়র্কবাসী দারিদ্র্যের অতল গহ্বরে নিক্ষিপ্ত হতে পারে। এই বরাদ্দ ছাঁটাইয়ের বিষয়টি ছিল প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিশাল আকারের অভ্যন্তরীণ নীতিমালার একটি অংশ, যা গত বছর রিপাবলিকান-নেতৃত্বাধীন কংগ্রেস কর্তৃক অনুমোদিত হয়েছিল।

এই নতুন আইনগুলোতে স্থায়ী কর-ছাড়ের (যার সুফল মূলত উচ্চ আয়ের মানুষেরাই ভোগ করবেন) পাশাপাশি সরকারি ব্যয়ের উল্লেখযোগ্য সংকোচন ঘটানো হয়েছে-যার সিংহভাগ প্রভাব পড়েছে সামাজিক নিরাপত্তা বেষ্টনী বা৩সেফটি নেট্ কর্মসূচিগুলোর ওপর। ঝঘঅচ কর্মসূচির এই আমূল পরিবর্তনের ফলে এখন আরও বেশি সংখ্যক মানুষকে তাদের সহায়তা বা সুবিধাগুলো অব্যাহত রাখার স্বার্থে নিজেদের কর্মসংস্থানের প্রমাণ দাখিল করতে হবে; পাশাপাশি এই কর্মসূচির ব্যয়ের একটি বড় অংশ এখন স্টেটগুলির ওপর ন্যস্ত হবে।

## আইসিই-এর অভিযানে নিউইয়র্কের

৫২ পৃষ্ঠার পর

সুরক্ষা(সোশ্যাল সিকিউরিটি) তহবিল থেকে অর্থ আত্মসাৎ করে এবং ব্যাপক মাত্রায় আইডেনটিটি বা পরিচয় জালিয়াতির সুযোগ নেয়। অথচ ব্যাপক জালিয়াতি ও অনিয়মের সুস্পষ্ট প্রমাণ থাকা সত্ত্বেও কারখানার মালিকদের বিরুদ্ধে কোনো অভিযোগ দায়ের করা হয়নি।

দ্রুত ডিপোর্টেশন পদক্ষেপ কার্যকর হয যার ফলে উদারপন্থা বিচারকরা হস্তক্ষেপ করার আগেই ডিপোর্টেশন কার্যকর করা গেছে। এখন সময় এসেছে নিয়োগকর্তাদের জবাবদিহি করার এবং যুক্তরাষ্ট্রের সামাজিক নিরাপত্তা ব্যবস্থার অপব্যবহার বন্ধ করার। 'আমেরিকা ফার্স্ট' মানে আমেরিকার নাগরিকদের চাকরি, সুবিধা এবং পরিচয় রক্ষা করা।

## নিউ ইয়র্ক স্টেটে কেনাকাটার জন্য

৫২ পৃষ্ঠার পর

গ্রাহকদের নগদ অর্থে মূল্য পরিশোধের সুযোগ দিতে বাধ্য থাকবে। অবশ্য এর কিছু ব্যতিক্রমও রয়েছে। দোকানগুলো ২০ ডলারের বেশি মানের নোট গ্রহণ করতে বাধ্য নয়। এছাড়া ফোন, ডাকযোগে বা ইন্টারনেটের মাধ্যমে করা অর্ডারের ক্ষেত্রেও তারা নগদ অর্থ গ্রহণ করতে বাধ্য নয়ড়তবে যদি সেই লেনদেনটি সরাসরি দোকানের ভেতরে সম্পন্ন হয়, তবে তা ভিন্ন কথা। কোনো দোকানে যদি নগদ অর্থকে প্রিপেইড কার্ডে রূপান্তর করার কোনো যন্ত্র বা ব্যবস্থা থাকে, তবে সেই ক্ষেত্রেও এই আইনটি প্রযোজ্য হবে না।

# নিউইয়র্ক সিটি ইলেকট্রিশিয়ান

NASRIN CONTRACTING
FULL LICENCED @ INSURED
• 718-223-3856

আমরা যে সব কাজে পারদর্শি
- যে কোন ইলেকট্রিক বায়োলেশন রিমুভ
- সার্ভিস আপগ্রেট এবং নতুন
- ট্রাবল স্যুটিং এবং শর্টসার্কিট
- নিউওয়েরিং এবং পুরাতন ওয়েরিং
- ইলেকট্রিক আপগ্রেট
- সবধরনের লাইট, হায়হেট, সুইস আউট লাইট, নতুন ও আপগ্রেট
- সকল প্রকার ইলেকট্রিক কাজ করি
- রেসিডেন্টশিয়াল এবং কমার্শিয়াল

বিঃদ্রঃ কাউকে কাজ দিয়ে সমস্যায় আছেন অ-সমাপ্ত কাজ নিয়ে? নিশ্চিন্তে ফোন করুন। আপনার কাজ খুবই দায়িত্ব সহকারে শেষ করে বুঝিয়ে দিবো Inspection নিয়ে সমস্যা কল করুন

Nasrin Contracting Corp
116 Avenue C, Suite # 3C
Brooklyn, NY 11218
nysarker@gmail.com
nasrincontracting10@gmail.com
Visit Us : www.nasrincontractingcorp.com





# ARMAN CHOWDHURY, CPA

MBA I CMA I CFM

Quick refund with free e-file.
We're open every day.
WE'VE GOT YOU COVERED
Call today for an appointment.
Walk-ins Welcome.

AUTHORIZED e-file PROVIDER

সঠিক ও নির্ভুলভাবে
ইনকাম ট্যাক্স ফাইল করা হয়

- Individual Income Tax
- Business Income Tax
- Non-Profit Tax Return
- Accounting & Bookkeeping
- Retirement and Investment Planning
- Tax Resolution (Individual & Business)

F to 169 Street
87-54 168th Street, Suite 201, Jamaica, NY 11432
Phone: (718) 475-5686, Email: ArmanCPA@gmail.com
www.ArmanCPA.com





Sahara Homes

NOW IS THE TIME TO LIVE THE AMERICAN DREAM!

BUY IT, LIVE IT AND ENJOY IT !!!

Nayeem Tutul
Lic. Real Estate Sales Executive
Cell: 917-400-8461
Office: 718-805-0000
Fax: 718-850-3888
Email: nayeem@saharahomesinc.com
Web: www.saharahomesinc.com





# WOMEN'S MEDICAL OFFICE
(NEW LIFE MEDICAL SERVICES, P.C)

OBSTETRICS & GYNECLOGICAL

ডাঃ রাবেয়া চৌধুরী
Rabeya Chowdhury, MD, FACOG
(Obsterics & Gynecology) *Board Certified*

**Attending Physician (Obs & Gyn Dept.)**
Flushing Hospital Medical Center
North Shore (LIJ) Forest Hill Hospital
Long Island Jewish (LIJ) Hospital

**Gopika Nandini Are, M.D.**
(Obsterics & Gynecology)
Attending Physician
Flushing Hospital Medical Center

বাংলাদেশী মহিলা ডাক্তার

**Dr. Alda Andoni, M.D.**
(Obsterics & Gynecology)
Attending Physician (OBS & GYN Dept.)
Flushing Hospital Medical Center

(F Train to 179th Street (South Side))

**91-12, 175th St, Suite-1B**
**Jamaica, NY 11432**

Tel: 718-206-2688, 718-412-0056
Fax: 718-206-2687
email: info@mynewlifemd.com, www.mynewlifemd.com



# WALI KHAN, D.D.S
Family Dentistry

- স্বল্প মূল্যে চিকিৎসা ব্যবস্থা
- জীবাণুমুক্ত যন্ত্রপাতি
- সর্বাধুনিক প্রযুক্তির সমন্বয়ে চিকিৎসা
- অত্যাধুনিক পদ্ধতি ব্যবহারে Implant/Biaces
- সব ধরনের মেডিকেইড/ ইন্সুরেন্স ও ইউনিয়ন কার্ড গ্রহণ করা হয়


আপনাদের সেবায় আমাদের দুটি শাখা

জ্যাকসন হাইটস
37-33 77TH STREET,
JACKSON HEIGHTS NY 11372
TEL : 718-478-6100

ব্রঙ্কস ডেন্টাল কেয়ার
1288 WHITE PLAINS ROAD
BRONX NY 10472
TEL : 718-792-6991

Office Hours By Appointment

আমরা সব ধরনের ক্রেডিট কার্ড গ্রহণ করে থাকি

## ১৯৮৩ সালের পর স্বর্ণের দামে

১০ পৃষ্ঠার পর

বাজার বিশ্লেষক সংস্থাগুলোর তথ্যমতে, মধ্যপ্রাচ্যে ইরান যুদ্ধ শুরুর পর থেকে স্বর্ণের দাম ১৪ শতাংশের বেশি কমেছে। সাধারণত অনিশ্চয়তা বা মূল্যস্ফীতি বাড়লে বিনিয়োগকারীরা স্বর্ণ কিনে রাখেন। তবে যুদ্ধের কারণে জ্বালানি তেলের দাম বেড়ে যাওয়ায় বিশ্বের কেন্দ্রীয় ব্যাংকগুলো এখন সুদহার কমানোর বদলে তা স্থিতিশীল রাখার কথা ভাবছে। সুদহার না কমলে বন্ডের মতো লাভজনক খাতে বিনিয়োগের সুযোগ বাড়ে। এতে স্বর্ণের চাহিদা কমে গিয়ে বাজারে নেতিবাচক প্রভাব পড়ছে।

সিএমই ফেডওয়াচ টুলের তথ্য অনুযায়ী, মার্কিন কেন্দ্রীয় ব্যাংক ফেডারেল রিজার্ভ (ফেড) এ বছর আর সুদহার না-ও কমাতে পারে। ফেড এরই মধ্যে টানা দ্বিতীয়বারের মতো সুদহার অপরিবর্তিত রেখেছে। সাধারণত সুদহার স্থিতিশীল থাকলে বন্ডের মতো খাত থেকে বিনিয়োগকারীরা নিশ্চিত মুনাফা পান। এতে স্বর্ণের চেয়ে বন্ডের আকর্ষণ বেড়ে যায় এবং বিনিয়োগকারীরা স্বর্ণ বিক্রি করে বন্ডের দিকে ঝুঁকছেন।

ফান্ডস্ট্র্যাটের অর্থনৈতিক কৌশলবিদ হার্দিকা সিং বলেন, ‘সাম্প্রতিক সময়ে স্বর্ণের দাম কমে যাওয়ার পেছনে বন্ডের বাড়তি মুনাফার বড় ভূমিকা রয়েছে।’

স্বর্ণের দরপতনের আরেকটি কারণ হলো ডলারের শক্তিশালী বিনিময় হার। যুদ্ধ শুরুর পর ডলার সূচক প্রায় ২ শতাংশ বেড়েছে। আন্তর্জাতিক বাজারে স্বর্ণের দাম ডলারে নির্ধারিত হয়। ফলে ডলারের দাম বাড়লে বিদেশী বিনিয়োগকারীদের কাছে স্বর্ণ কেনা আগের চেয়ে ব্যয়বহুল হয়ে পড়ে।

২০২৫ সালে স্বর্ণের দাম ৬৪ শতাংশ বেড়েছিল, যা ১৯৭৯ সালের পর সর্বোচ্চ। চলতি বছরের জানুয়ারিতে প্রতি আউন্স স্বর্ণের দাম ৫ হাজার ডলার ছাড়িয়ে যায়। ডাচ্ ব্যাংক আইএনজির মতে, দাম বাড়ার সেই প্রবণতা এখন কমে এসেছে। তাই অনেক বিনিয়োগকারী লাভ তুলে নিতে বা পোর্টফোলিও নতুন করে সাজাতে স্বর্ণ বিক্রি করে দিচ্ছেন।

এত বড় পতনের পরও অনেক বিশ্লেষক এখনো আশাবাদ ব্যক্ত করেছেন। ওয়াল স্ট্রিট বিশ্লেষক এড ইয়ার্ডেনি বছরের শেষ নাগাদ স্বর্ণের দাম ৬ হাজার ডলারে পৌঁছানোর লক্ষ্যমাত্রা ঠিক করেছিলেন। তবে তিনি জানিয়েছেন, বর্তমান পরিস্থিতি বজায় থাকলে এ লক্ষ্যমাত্রা কমিয়ে ৫ হাজার ডলারে আনা হতে পারে।

## এখন নির্ভয়ে কথা বলা যায়: রিজভী

৯ পৃষ্ঠার পর

এসব কথা বলেন। রিজভী বলেন, ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস বিশ্ব মানচিত্রে আমাদের স্বতন্ত্র পরিচয় দিয়েছে। অনেক প্রাণ ও রক্তপাতের মধ্য দিয়েই তা সম্ভব হয়েছে। মেজর জিয়া স্বাধীনতার ঘোষণা দিয়ে জাতিকে নতুন দিশা দিয়েছে। স্বাধীনতা অর্জনের যে গৌরব তার মধ্য দিয়ে আরও অনেক কিছু অর্জন হয়েছে। তবে স্বাধীনতাকে দুর্বল করতে যারা কাজ করেছে, তারা পরাজিত হয়েছে।

তিনি অভিযোগ করেন, বিগত আওয়ামী লীগ সরকার মানুষের সব ধরনের স্বাধীসতা কেড়ে নিয়ে একটা উদ্বেগ উৎকণ্ঠা তৈরি করেছিল।

রুহুল কবির রিজভী বলেন, গুম-খুনের মাধ্যমে বন্দিদশা তৈরি করেছে। দেশের মানুষের অধিকার আদায়ের জন্য বেগম জিয়া সবকিছু বিসর্জন দিয়েছেন। এখন অন্তত এটুকু নিশ্চয়তা যে মন খুলে কথা বললে গুম-খুন হতে হবে না। নির্ভয়ে কথা বলা যায়।

তিনি বলেন, তারেক রহমান যে স্বপ্ন দেখিয়েছেন তা, পূরণের লক্ষ্যে দেশ ক্রমাগত এগিয়ে যাচ্ছে। তবে সবকিছু শতভাগ বাস্তবায়নে কিছুটা সময় লাগবে। নতুন গণতন্ত্রের যে পথচলা তা বাস্তবায়ন করতে সবাইকে সহায়তা করতে হবে। এ ক্ষেত্রে যারা কুৎসা রটাচ্ছে, তাদের ওপর ফ্যাসিবাদের তকমা লেগে যাবে।

সংবাদ সম্মেলনে স্বাধীনতা দিবসের বিস্তারিত কর্মসূচি তুলে ধরেন রিজভী। বলেন, ২৬ মার্চ ভোর ৫টায় মুক্তিযুদ্ধের শ্রদ্ধা জানাতে ২৬ মার্চ সাভারে জাতীয় স্মৃতিসৌধে যাবেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

এতে কেন্দ্রীয় ও সারা দেশের কার্যালয়ে পতাকা উত্তোলন করার কথাও জানানো হয়। আর আগের দিন ২৫ মার্চ ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে আলোচনায় বক্তব্য রাখবেন শীর্ষ নেতারা।

## কূটনীতিকদের সঙ্গে জামায়াতের

৯ পৃষ্ঠার পর

ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, ইরান, পাকিস্তান, নেপাল, নেদারল্যান্ডস, ভুটানের রাষ্ট্রদূত‌হাইকমিশনার ও তাদের পরিবারের সদস্যরা অংশ নেন।

এছাড়া শুভেচ্ছা বিনিময় করতে আসেন ইউনিসেফ ও ইউএন ওমেন বাংলাদেশের প্রতিনিধিরা।

এর আগে, আজ সকালে নিজ নির্বাচনি এলাকা রাজধানীর মিরপুরের মণিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ মাঠে ঈদুল ফিতরের নামাজ আদায় করেন জামায়াতের আমির।

## ‘কৃষক কার্ড’ কার্যক্রম এগিয়ে নিতে

৯ পৃষ্ঠার পর

আমিন-উর-রশীদ ইয়াসিন, প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকু, অর্থ ও পরিকল্পনা বিষয়ক উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীর, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মীর শাহে আলম এবং ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা রেহান আসিফ আসাদসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা বৈঠকে উপস্থিত ছিলেন।

প্রস্তাবিত কৃষক কার্ডের মাধ্যমে দেশের কৃষকদের পরিচিতি নিশ্চিতের পাশাপাশি কৃষি ভর্তুকি, ঋণ সুবিধা, বীজ ও সার বিতরণসহ বিভিন্ন সরকারি সহায়তা আরও স্বচ্ছ ও কার্যকরভাবে দেওয়া সম্ভব হবে। এছাড়া ডিজিটাল মাধ্যমে কৃষকদের তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনায় আধুনিক প্রযুক্তি ব্যবহারের বিষয়েও আলোচনা হয়।

বৈঠকে প্রধানমন্ত্রী সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোকে সমন্বিতভাবে কাজ করার আহ্বান জানান এবং আগামী ১৪ এপ্রিল কৃষক কার্ড বিতরণের সামগ্রিক বাস্তবায়ন ও অগ্রগতি দৃশ্যমান করার নির্দেশ দেন।

## ব্রিটিশ সরকারের সতর্কতা: ঝুঁকিতে

৯ পৃষ্ঠার পর

বা বাতিল হয়ে যেতে পারে। একইভাবে বিদেশের মাটিতে আটকা পড়া কর্মীদের সুরক্ষায় যুক্তরাজ্যের শ্রম আইন খুব একটা কার্যকর নয়। কোনও কর্মী আন্তর্জাতিক সংকটের কারণে কর্মস্থলে ফিরতে না পারলে মালিক তাকে বেতন দিতে বাধ্য নন। এমনকি অনুপস্থিতি দীর্ঘায়িত হলে ‘চুক্তি ভঙ্গের’ অভিযোগে শাস্তিমূলক ব্যবস্থা বা চাকরি হারানোর ঝুঁকিও থেকে যায়।

পণ্য পরিবহন ও আকাশপথের ভবিষ্যৎ

বিশ্লেষকরা সতর্ক করেছেন, বর্তমান সংঘাত চলতে থাকলে বাণিজ্যিক ফ্লাইটের পাশাপাশি কার্গো বা পণ্যবাহী বিমান চলাচলেও কঠোর বিধিনিষেধ আসতে পারে। ঝুঁকিপূর্ণ অঞ্চল এড়াতে বিমানগুলোকে ঘুরপথে চলতে হচ্ছে, যাতে জ্বালানি খরচ বাড়ছে। ধারণা করা হচ্ছে, এপ্রিলের মাঝামাঝি নাগাদ বিমান ভাড়া ১৫ শতাংশ থেকে ২০ শতাংশ পর্যন্ত বেড়ে যেতে পারে। পরিস্থিতি আরও খারাপ হলে এবং সীমান্ত বন্ধ হয়ে গেলে সমুদ্রপথই হবে একমাত্র ভরসা। এফসিডিও জানিয়েছে, সরকারি উদ্যোগে উদ্ধারকারী ফ্লাইট কেবল শেষ বিকল্প হিসেবে বিবেচনা করা হয় এবং এটি সাধারণত বিনামূল্যে হয় না। তাই প্রত্যেক যাত্রীর উচিত পর্যাপ্ত আর্থিক প্রস্তুতি রাখা এবং ‘ওয়ার-রিস্ক’ বা যুদ্ধকালীন ঝুঁকি কভার করে এমন বিমা নিশ্চিত করা।

এ বিষয়ে লন্ডনের বিশিষ্ট আইনজীবি ব্যারিস্টার সালাহ উদ্দীন সুমন এ প্রতিবেদককে বলেন, যাত্রীদের জন্য জরুরি নির্দেশনা ব্রিটিশ নাগরিকদের এফসিডিও’র অফিশিয়াল পোর্টালে নিবন্ধনের পরামর্শ দেওয়া হয়েছে; যাতে তারা সরাসরি ফোনে এসএমএস অ্যালার্ট পেতে পারেন। বিমানবন্দরে যাওয়ার আগে অবশ্যই নিশ্চিত হতে হবে যে গন্তব্যস্থলটি, বিশেষ করে বাংলাদেশের পার্বত্য চট্টগ্রাম কিংবা ভারতের কাশ্মীর সীমান্ত এলাকা নিষেধাজ্ঞার আওতায় আছে কি না। সরকারি সতর্কতা উপেক্ষা করে ভ্রমণ করলে সাধারণ ট্রানজিট বিমা অকার্যকর হয়ে পড়বে এবং যেকোনও জরুরি পরিস্থিতির সব খরচ সংশ্লিষ্ট ব্যক্তিকেই বহন করতে হবে।

## প্রেসিডেন্টের প্রতিষ্ঠান নিয়ে

৮ পৃষ্ঠার পর

ফ্যাসিবাদের কালো ছায়া এখনো জাতির মাথার ওপর রয়ে গেছে। গত বছরের রাজনৈতিক পরিবর্তনের পরও দেশ এখনো পুরোপুরি ঘুরে দাঁড়াতে পারেনি। সমাজের সর্বত্র অনিয়ম, বিশৃঙ্খলা, প্রতিহিংসা ও সংকীর্ণতা রয়ে গেছে। রাজনীতিবিদেরা কথার সঙ্গে কাজের মিল রাখতে না পারায় মানুষের মধ্যে রাজনীতির প্রতি অশ্রদ্ধা ও ক্ষোভ তৈরি হয়েছে।

গণভোট ও সংস্কার পরিষদ প্রসঙ্গে জামায়াতের আমির বলেন, গণভোটে বিপুলসংখ্যক ভোটার সংস্কারের পক্ষে মত দিয়েছেন। কিন্তু সেই রায়ের পূর্ণ বাস্তবায়ন হয়নি। সরকারি দলের সদস্যরা সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ না নেওয়ায় জটিলতা তৈরি হয়েছে। এ বিষয়ে সংসদে নোটিশ দেওয়া হবে এবং সংসদের ভেতরে-বাইরে বিষয়টি উত্থাপন করা হবে।

সংসদে বিরোধী দলের ভূমিকা প্রসঙ্গে বিরোধীদলীয় নেতা বলেন, বিরোধী দলের দুটি প্ল্যাটফর্ম-একটি সংসদের ভেতরে, অন্যটি রাজপথে। সংসদের ভেতরে যেমন গঠনমূলক রাজনীতি হবে, তেমনি প্রয়োজনে রাজপথেও গঠনমূলক কর্মসূচি দেওয়া হবে। তবে রমজান মাসের প্রতি সম্মান জানিয়ে মাঠের কর্মসূচি থেকে বিরত ছিলেন বলে তিনি মন্তব্য করেন।

সাংবাদিকদের ভূমিকার বিষয়ে জামায়াতের আমির বলেন, মিডিয়া জাতির দর্পণ আর সাংবাদিকেরা জাতির বিবেক। সমাজের অসংগতি, দুর্নীতি ও অনিয়ম তুলে ধরার মাধ্যমে তাঁরা গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করছেন। তবে বেশির ভাগ ক্ষেত্রে সাংবাদিকতায় সমাজ ও বিবেকের প্রতিধ্বনি আগের মতো দেখা যাচ্ছে না।

আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে জামায়াতের এই নেতা বলেন, ‘বিভিন্ন স্থানে প্রকাশ্যে গুলি, হত্যা ও সহিংসতার ঘটনা দুঃখজনক। এসব ঘটনায় প্রতিবাদ ও আপত্তি জানিয়েছি। মানুষের জীবন, সম্পদ ও সম্মান রক্ষার প্রশ্নে নীরব থাকব না।’

ঈদযাত্রায় অতিরিক্ত ভাড়া আদায়ের অভিযোগ তুলে শফিকুর রহমান বলেন, জনগণের অর্থ কোনো দলের নয়। সরকার কেবল তার ব্যবস্থাপক। নির্বাচিত সরকারের সময় মানুষ স্বস্তিতে যাতায়াত করতে পারেনি, বাড়তি ভাড়া গুনতে হয়েছে। এ বিষয়ে পুঙ্খানুপুঙ্খ তদন্ত করে ওপর থেকে নিচ পর্যন্ত দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি জানান তিনি।

দেশের অর্থনীতি ও আন্তর্জাতিক পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করে জামায়াতের আমির বলেন, চলমান বৈশ্বিক যুদ্ধপরিস্থিতি দীর্ঘায়িত হলে বাংলাদেশ জ্বালানি, রেমিট্যান্স ও বৈদেশিক বাণিজ্যে বড় ধরনের চাপে পড়তে পারে। এ সংকট মোকাবিলায় সরকার উদ্যোগ নিলে জাতীয় স্বার্থে তা বিবেচনা করবে বিরোধী দল।

স্থানীয় সরকার নির্বাচন প্রসঙ্গে শফিকুর রহমান বলেন, সর্বস্তরে গণতন্ত্রের চর্চা ও জবাবদিহিমূলক নেতৃত্ব তৈরির জন্য দ্রুত স্থানীয় সরকার নির্বাচন হওয়া উচিত। জনপ্রতিনিধিদের মাধ্যমেই স্থানীয় পর্যায়ে জনগণের কাজ পরিচালিত হওয়া প্রয়োজন।

দীর্ঘদিন ধরে সিলেট উন্নয়নবঞ্চিত উল্লেখ করে জামায়াতের আমির বলেন, সিলেট ন্যায্য পাওনা থেকে যাতে বঞ্চিত না হয়, সে দাবিতে তাঁরা সোচ্চার থাকবেন। তবে সেটি বাস্তবায়নের দায়িত্ব সরকারের হাতে।

মতবিনিময় সভার শুরুতে শফিকুর রহমান দেশবাসী, প্রবাসী বাংলাদেশি ও সারা বিশ্বের মুসলমানদের ঈদের শুভেচ্ছা জানান। এ সময় উপস্থিত ছিলেন জামায়াতে ইসলামীর প্রচার ও মিডিয়া বিভাগের প্রধান এহসানুল মাহবুব, সিলেট মহানগর জামায়াতের আমির ফখরুল ইসলাম প্রমুখ।

## মব সৃষ্টি করতে দেব না আমরা,

৮ পৃষ্ঠার পর

শুরু করেছিলেন। সে খাল কাটা যদি অব্যাহত থাকত, তাহলে আজ পানির সমস্যা হতো না দেশে।

তিনি আরও বলেন, আমি উদ্বোধন করে দেওয়ার পর এই কার্যক্রম যেন থেমে না যায়। অতীতে এমন কাজ আমরা অনেক দেখেছি। সুষ্ঠুভাবে যেন কাজ সম্পাদন হয়, এ বিষয়ে প্রশাসনকে নির্দেশ দেন তিনি।

মির্জা ফখরুল বলেন, আমরা নারীদের হাতে যে ফ্যামিলি কার্ড দেওয়া শুরু করেছি, তাতে প্রতিটি পরিবারে নারীর ক্ষমতা বেড়ে যাবে। একইভাবে কৃষকদেরও কৃষক কার্ড দেওয়ার আমরা ব্যবস্থা করছি, যাতে কৃষকরা আর অবহেলায় পড়ে না থাকেন।

এ সময় তার সঙ্গে আরও উপস্থিত ছিলেন পানিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন আজাদ, ঠাকুরগাঁওয়ের জেলা প্রশাসক ইসরাত ফারজানা, পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী জাকারিয়া মণ্ডলসহ আরও অনেকে।

## আধিপত্যের লড়াইয়ে রক্ত ঝরছে,

৮ পৃষ্ঠার পর

করে চাপ সৃষ্টি করছে। দ্রুত কার্যকর পদক্ষেপ না নিলে সাধারণ মানুষের নিরাপত্তা ও আস্থার সংকট আরও গভীর হতে পারে।

পুলিশ কর্মকর্তারা বলছেন, আধিপত্য বিস্তার কেন্দ্রিক সংঘর্ষ থেকে শুরু করে যেকোনও অপরাধ নিয়ন্ত্রণে পুলিশ কঠোর অবস্থানে রয়েছে। তবে রাজনৈতিক দলের নেতাকর্মীদের অসহনশীল আচরণের কারণে এমন ঘটনা ঘটছে। এখানে কোনও চ্যালেঞ্জের বিষয় নেই। পুলিশ কঠোর অবস্থানে রয়েছে।

সোমবার (২৩ মার্চ) সকালে পাবনার সুজানগরের মানিকহাট ইউনিয়নের ভিটবিলা পশ্চিমপাড়া গ্রামে বিএনপির দুই পক্ষের সংঘর্ষে চায়না খাতুন (৪০) নামে এক গৃহবধূ নিহত হন। এ ঘটনায় আহত হন অন্তত ১০ জন। একই সময়ে ঈশ্বরদীতে বিএনপির দুই পক্ষের সংঘর্ষে পুলিশ সদস্যসহ আরও অন্তত ১৫ জন আহত হন।

কিশোরগঞ্জের মিঠামইনে আওয়ামী লীগ ও বিএনপির সমর্থকদের মধ্যে সংঘর্ষে অন্তত ৩০ জন আহত হন। দীর্ঘদিনের বিরোধের জেরে ঘণ্টাব্যাপী এ সংঘর্ষে গুরুতর আহত দুজনকে ঢাকায় পাঠানো হয়েছে।

শরীয়তপুরের নড়িয়ায় দুই পক্ষের সংঘর্ষে শতাধিক ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটে। এতে আহত হন অন্তত ১৫ জন এবং ভাঙচুর করা হয় প্রায় ২০টি বসতঘর। পুলিশ ঘটনাস্থল থেকে অবিস্ফোরিত ককটেল উদ্ধার করে ছয়জনকে আটক করেছে।

## ইতিহাসের ভয়াবহ সংকটের মুখে

৫ পৃষ্ঠার পর

পুরোপুরি বুঝে উঠতে পারছেন না। যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সঙ্গে ইরানের যুদ্ধ ২৪ দিনে গড়ানোর মধ্যে আজ সোমবার অস্ট্রেলিয়ার ক্যানবেরায় ন্যাশনাল প্রেসক্লাবে এক অনুষ্ঠানে এই সতর্কবার্তা দেন আইইএর নির্বাহী পরিচালক ফাতিহ বিরোল।

ফাতিহ বিরোল বলেন, ইরানের ওপর যুক্তরাষ্ট্র-ইসরায়েলের হামলার কারণে বর্তমানে ভয়াবহ জ্বালানিসংকট তৈরি হয়েছে। এটা ১৯৭৩ ও ১৯৭৯ সালের ধাক্কা এবং ২০২২ সালে রাশিয়ার ইউক্রেন আক্রমণের ফলে সৃষ্ট গ্যাসসংকটকেও ছাড়িয়ে গেছে।

জ্বালানি তেলসমৃদ্ধ আরব দেশগুলো ১৯৭৩ সালে ইসরায়েলের বন্ধুরাষ্ট্রগুলোতে তেল বিক্রিতে নিষেধাজ্ঞা দিলে বিশ্বের জ্বালানি বাজারে তার ধাক্কা লাগে। তার ছয় বছর পর ১৯৭৯ সালে জ্বালানি তেল উৎপাদনকারী শীর্ষস্থানীয় দেশ ইরানে ইসলামী বিপ্লবের পর আবার জ্বালানির বাজারে অস্থিরতা দেখা দেয়। এরপর ২০২২ সালে ইউক্রেন যুদ্ধ শুরুর পর রাশিয়ার ওপর নানা নিষেধাজ্ঞায় জ্বালানির বিশ্ববাজার আবার অস্থির হয়ে ওঠে।

হরমুজ প্রণালি প্রায় বন্ধ হয়ে যাওয়া এবং জ্বালানি স্থাপনায় হামলার কারণে বিশ্বব্যাপী জ্বালানি তেল সরবরাহ প্রতিদিন প্রায় ১ কোটি ১ লাখ ব্যারেল কমেছে।

সেই সময়গুলোর সঙ্গে তুলনা করে আইইএর প্রধান বলেন, ‘বর্তমান পরিস্থিতিতে মনে হচ্ছে, যেন ওই দুটি তেলসংকট ও একটি গ্যাসসংকট একসঙ্গে ঘটেছে।’

ফাতিহ বিরোল জানান, হরমুজ প্রণালি প্রায় বন্ধ হয়ে যাওয়া এবং জ্বালানি স্থাপনায় হামলার কারণে বিশ্বে জ্বালানি তেল সরবরাহ প্রতিদিন প্রায় ১ কোটি ১ লাখ ব্যারেল কমেছে। এর মাত্রা সত্তরের দশকের সংকটের দ্বিগুণের বেশি। বর্তমান সংকটের কারণে তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের (এলএনজি) সরবরাহ কমেছে প্রায় ১৪ হাজার কোটি কিউবিক মিটার। অথচ ইউক্রেন যুদ্ধের কারণে এই ঘাটতি ছিল প্রায় সাড়ে ৭ হাজার কোটি কিউবিক মিটার। আইইএর প্রধান আরও বলেন, চলমান যুদ্ধে ৯টি দেশের অন্তত ৪০টি জ্বালানি স্থাপনা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। তাঁর ভাষ্যে, ‘বিশ্ব অর্থনীতি এখন এক বিশাল হুমকির মুখে পড়েছে।’ তবে তিনি আশা প্রকাশ করেন, এই সমস্যার দ্রুত সমাধান হবে।

আমার মনে হয়েছে, বিশ্বের নীতিনির্ধারকেরা এই সমস্যার গভীরতা এখনো পুরোপুরি অনুধাবন করতে পারেননি।

ইরানে যুক্তরাষ্ট্র-ইসরায়েলের যৌথ হামলার পর প্যারিসভিত্তিক আইইএর সদস্যদেশগুলো জরুরি মজুত থেকে ৪০ কোটি ব্যারেল তেল ছাড়ার ঘোষণা দিয়েছে। তা ছাড়া জ্বালানি খরচ কমাতে বিভিন্ন দেশ নানা পদক্ষেপ নিচ্ছে। বিভিন্ন দেশ যেসব পদক্ষেপ নিয়েছে সেগুলোর কয়েকটি হলো অফিসে যাওয়ার পরিবর্তে বাসায় থেকে কাজ করা ও গাড়ি ভাগাভাগি করতে উৎসাহিত করা এবং মহাসড়কে যানবাহনের গতিসীমা কমিয়ে আনা। আইইএ প্রধান ফাতিহ বিরোল বলেন, ‘আমার মনে হয়েছে, বিশ্বের নীতিনির্ধারকেরা এই সমস্যার গভীরতা এখনো পুরোপুরি অনুধাবন করতে পারেননি।’

# সাংবাদিকদের সম্মানে জাকির চৌধুরীর ইফতার মাহফিল

পরিচয় ডেস্ক: নিউইয়র্কের বাংলাদেশী প্রিন্ট, ইলেক্ট্রনিক ও অনলাইন মিডিয়ার সম্পাদক ও সাংবাদিকদের সম্মানে কমিউনিটির পরিচিত মুখ, বিশিষ্ট ব্যবসায়ী ও রাজনীতিক জাকির এইচ চৌধুরী ইফতার ও দোয়া মাহফিল করেছেন। বুধবার (১৮ মার্চ) জ্যাকসন হাইটসের একটি রেষ্টুরেন্টে এই মাহফিলের আয়োজন করা হয়। উল্লেখ্য, জাকির চৌধুরী এক্সিট রিয়েলটি কনটিনেন্টাল ও জাকির এইচ চৌধুরী ফাউন্ডেশনের প্রেসিডেন্ট এবং যুক্তরাষ্ট্র যুবদলের সাবেক সভাপতি। তিনি ২০১৯ সাল থেকে তার ব্যক্তিগত ও ব্যবসা প্রতিষ্ঠানের পক্ষে এই মাহফিলের আয়োজন করে আসছেন। মাহফিলে আমেরিকান এটর্নী কট, বিশিষ্ট অভিনেতা ও বাংলাদেশ চলচ্চিত্র শিল্পী সমিতির সভাপতি মিশা সওদাগর, যুক্তরাষ্ট্র বিএনপি নেতা এবাদ চৌধুরী আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। খবর ইউএনএ'র।

মাহফিলের আগত সম্পাদক ও সাংবাদিক ছাড়াও অতিথিদের স্বাগত জানান জাকির এইচ চৌধুরী এবং স্বাগত বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্র যুবদল নেতা মিজানুর রহমান। শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন যুক্তরাষ্ট্র যুবদলের আরেক নেতা আমানত হোসেন আমান এবং ইফতার গ্রহণের আগে বিশেষ দোয়া পরিচালনা করেন বাংলাদেশ থেকে আগত মুফতি মিজানুর রহমান সাঈদ। নাথ পরিবেশন করেন বিডিইয়র্ক.কম সম্পাদক শাহ ফারুক।

মাহফিলে সংক্ষিপ্ত শুভেচ্ছা বক্তব্য রাখেন সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ এ খান, সাপ্তাহিক বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টিভি'র সিইও আবু তাহের, সাপ্তাহিক জন্মভূমি সম্পাদক রতন তালুকদার, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি মনোয়ারুল ইসলাম, ভয়েস অব আমেরিকা'র সাংবাদিক আকবর হায়দার কিরণ, বাংলা ভিশন টিভি'র যুক্তরাষ্ট্র প্রতিনিধি সোহেল হোসাইন। এসময় তারা বলেন, কমিউনিটির একমাত্র পরিচিত মুখ যিনি প্রতিবছর সাংবাদিকদের সম্মানে ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করে থাকেন। জাকির চৌধুরী এই উদ্যোগ প্রশংসার যোগ্য।

মাহফিলে বিভিন্ন মিডিয়ার সম্পাদকদের মধ্যে আরো উপস্থিত ছিলেন সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান, সাপ্তাহিক প্রবাস সম্পাদক মোহাম্মদ সাঈদ, সাপ্তাহিক দেশ সম্পাদক মিজানুর রহমান, সাপ্তাহিক জাগো প্রহরী সম্পাদক লাবলু আনসার, রূপসী বাংলা সম্পাদক শাহ জে চৌধুরী, সাপ্তাহিক হককথা, আজকের টেলিগ্রাম ও বার্তা সংস্থা ইউএনএ সম্পাদক এবিএম সালাহউদ্দিন আহমেদ, সাপ্তাহিক প্রথম আলো'র নির্বাহী সম্পাদক মঞ্জুরুল হক সহ সিনিয়র সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

এছাড়াও অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে কেন্দ্রীয় যুবদলে আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক ও যুক্তরাষ্ট্র যুবদলের সাবেক সাধারণ সম্পাদক আবু সাঈদ আহমদ, এডভোকেট আরিফুল হক, নিউইয়র্ক সিটি বিএনপি নেতা সালেহ আহমেদ মানিক, বাংলাদেশ সোসাইটির কার্যকরী সদস্য ও যুক্তরাষ্ট্র জাসাস নেতা জাহাঙ্গীর শহীদ সোহরাওয়াদী সংক্ষিপ্ত শুভেচ্ছা বক্তব্য রাখেন। মাহফিল পরিচালনা করেন অধ্যাপক সৈয়দ আজাদ।

বক্তারা তাদের বক্তব্যে সম্পাদক ও সাংবাদিকদের সম্মানে জাকির এইচ চৌধুরীর বার্ষিক এই আয়োজনের প্রশংসা করে বলেন, মিডিয়া সমাজের দর্পন আর সাংবাদিকরা জাতির বিবেক। তাদের সম্মান জানানো পুরো কমিউনিটির তথা জাতিকে সম্মান জানানোর শামিল। তারা জাকির এইচ চৌধুরীর সামাজিক কর্মকান্ডে বিশেষ করে সমাজ সেবার তার অবদানেরও প্রশংসা করেন।

অনুষ্ঠানে জাকির এইচ চৌধুরী বলেন, জাতির বিবেক হিসেবে সাংবাদিকতার মাধ্যমে কমিউনিটি তথা দেশ ও জাতিকে এগিয়ে নিয়ে যাচ্ছেন সাংবাদিক সমাজ। আমরা ব্যবসায়ী-রাজনীতিকরার সহযোগিতা পাচ্ছি। তাই সাংবাদিকদের সম্মান জানানো আমাদের দায়িত্ব ও কর্তব্য। সেই দায়িত্ব থেকেই ২০১৯ সাল থেকে আমি আমার ব্যক্তিগত ও ব্যবসা প্রতিষ্ঠানের পক্ষে এই মাহফিলের আয়োজন করে আসছি। তিনি উপস্থিত সাংবাদিকদের আন্তরিক ধন্যবাদ জানান।

মাহফিলে যুক্তরাষ্ট্র মহিলাদল নেত্রী সৈয়দা মাহমুদা শিরিন ও সিটি বিএনপি নেতা ইঞ্জিনিয়ার খালেক, যুবদল নেতা বেলাল চৌধুরী সহ যুক্তরাষ্ট্র বিএনপি, যুবদল ও জাসাদ এর কয়েকজন নেতা-কর্মী এবং জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সাবেক সভাপতি বদরুন নাহার খান মিতা, সভাপতি মঈনুল ইসলাম, বিশিস্ট ব্যবসায়ী জাকির মিয়া প্রমুখ উপস্থিত ছিলেন।

আরো উল্লেখ্য, ইফতার মাহফিল আয়োজনে সার্বিক সহযোগিতায় ছিলেন এক্সিট রিয়েলটি কনটিনেন্টাল সিইও/এসোসিয়েট ব্রোকার তাসমিয়া আঞ্জুম চৌধুরী, রিয়েলটর মোহাম্মদ রাসেল ও পরিচালক (সেল) মির্জা মোহাম্মেদ। খবর ইউএনএ'র।
















## সর্বত্রই উৎসবের আমেজ : জেএমসি'তে মেয়র মামদানীর যোগদান

# নিউইয়র্ক সহ উত্তর আমেরিকায় ঈদুল ফিতর উদযাপিত

পরিচয় ডেস্ক: দীর্ঘ একমাস সিয়াম সাধনার পর ধর্মীয় ভাবগম্ভীর পরিবেশে শুক্রবার (২০ মার্চ) নিউইয়র্ক সহ উত্তর আমেরিকায় পবিত্র ঈদুল ফিতর উদযাপিত হয়েছে। সৌদী আরবের ঘোষণার পর যুক্তরাষ্ট্র সহ বিশ্বের বিভিন্ন দেশে ঈদুল ফিতর উদযাপনের সিদ্ধান্ত হয়। ঈদ উপলক্ষ্যে উত্তর আমেরিকার মুসলিম কমিউনিটিতে উৎসবের আমেজ বিরাজ করছে। ধর্মপ্রাণ মুসলিম কমিউনিটির শিশু-কিশোর সহ বয়োবৃদ্ধরাও রং বে রং এর নতুন পোশাক পড়ে সপরিবারে বিভিন্ন ঈদের জামাতগুলোতে অংশ নেন। সিটির অর্ধ শতাধিক মসজিদ আর ইসলামিক সেন্টার ছাড়াও খোলা মাঠে একাধিক ঈদের জামাত অনুষ্ঠিত হয়। ঈদ উদযাপনের মূল অনুষ্ঠান ঈদের জামাতে ছিলো সর্বস্তরের নর-নারীর অংশগ্রহন। ঠান্ডার মধ্যেও ধর্মপ্রাণ হাজার হাজার মুসলিম সপরিবারে বিভিন্ন ঈদের জামাতে অংশ নেন।

জ্যামাইকা মুসলিম সেন্টার (জেএমসি)-এর উদ্যোগে মসজিদ ভবনে পরপর তিনটি জামাত অনুষ্ঠিত হয় যথাক্রমে সকাল ৮টা, ৯টা, ১০টায়। এতে ১০/১২ হাজার নর-নারী ঈদের জামাতে অংশ নেন বলে সংশ্লিস্টরা দাবী করেন। সিটির মেয়র জোহরান মামদানী, সিটি কাউন্সিলের স্পীকার জুলি মেনিন, স্থানীয় কাউন্সিলম্যান জিম এফ জিনারো এবং কুইন্স পুলিশ বিভাগের কর্মকর্তারা ঈদের জামাতের আগে শুভেচ্ছা বক্তব্য রাখেন। এছাড়াও আসন্ন ষ্টেট নির্বাচনে সম্ভাব্য প্রতিদ্বন্দ্বী প্রার্থীরা জেএমসিতে এসে ঈদেও শুভেচ্ছা বিনিময় করেন এবং শুভেচ্ছা বক্তব্য রাখেন। ঈদের নামাজ আদায় শেষে বিশেষ মুনাজাতে মহান আল্লাহতায়ালার দরবারে সমগ্র মুসলিম জাহান তথা মানব জাতির সুখ-সমৃদ্ধি কামনা, যুদ্ধ নয় শান্তি এবং ফিলিস্তিনী সহ বাংলাদেশের জন্য বিশেষ দোয়া করা হয়।

জেএমসি'র তিনটি জামাতে সর্বস্তরের হাজার হাজার শিশু-কিশোর-কিশোরী, নর-নারী এবং বয়োবৃদ্ধরাও অংশ নেন। ভবনের অভ্যন্তর সহ জেএমসি সংলগ্ন ১৬৮ স্ট্রীট তথা জেএমসি ওয়ের উপর খোলা রাস্তায়ও অনেকে নামাজ আদায় করেন। নামাজ শেষে মুসল্লিরা একে অপরের সাথে কোলাকুলি করে ঈদের শুভেচ্ছা বিনিময় করেন।

জেএমসিতে প্রথম জামাতে ইমামতি করেন জেএমসি'র ইমাম ও খতিব মির্জা আবু জাফর বেগ, দ্বিতীয় জামাতে ইমামতি করেন জেএমসি'র অন্যতম পরিচালক ইমাম শামসে আলী এবং তৃতীয় জামাতে ইমামতি করেন হাফেজ মুজাহিদুল ইসলাম। এসময় জেএমসি পরিচালনা কমিটির সভাপতি ডা. নাজমুল এইচ খান ও ট্রাষ্টি বোর্ডের চেয়ারম্যান ডা. মাহমুদুর রহমান তুহিন বক্তব্য রাখেন। পরিচালনা করেন জেএমসি'র সেক্রেটারী ফখরুল ইসলাম দেলোয়ার। এসময় জেএমসি'র অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন। নামাজ শেষে মুসল্লিদের মাঝে হালকা খাবারও পরিবেশন করা হয়।

আমেরিকা মুসলিম সেন্টার: জ্যামাইকার আমেরিকা মুসলি সেন্টার (এএমসি)'র উদ্যোগে ঈদের ৫টি জামাত অনুষ্ঠিত হয় এএমসি ভবনে। প্রথম জামাত সকাল সাড়ে ৭টায়, দ্বিতীয় জামাত সকাল সাড়ে ৮টায়, তৃতীয় জামাত সকাল সাড়ে ৯টায়, চতুর্থ জামাত সকাল সাড়ে ১০টায় এবং পঞ্চম জামাত বেলা সোয়া ১১টায় অনুষ্ঠিত হয়। এএমসি'র ঘোষণা অনুযায়ী দ্বিতীয় ও তৃতীয় জামাত স্থানীয় রুফস কিং পার্কে অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও ঠান্ডা জনিত কারণে পার্কের স্থলে মসজিদ ভবনেই জামাত অনুষ্ঠিত হয়। এজন্য পূর্ব ঘোষণা না থাকায় অনেক মসল্লী পার্কে এসে বিভ্রান্তির মধ্যে পড়লেও তারা মসজিদে এসে নামাজ আদায় করেন। এব্যাপারে এএমসি'র অন্যতম প্রতিষ্ঠাতা হাফেজ রফিকুল ইসলাম জানান, আমরা পার্কে নামাজ আদায়ের জন্য অনুমতিও পেয়ছিলাম। কিন্তু ঠান্ডার কারণে সেখানে নামাজ আদায়ের ব্যবস্থা করা হয়নি। তবে এতে যারা অসুবিধার সম্মুখিন হয়েছেন তাদের কাছে দু:খ প্রকাশ করেন তিনি।

মসজিদ মিশন: নিউইয়র্কে হাজী ক্যাম্প মসজিদ হিসেবে পরিচিত জ্যামাইকার মসজিদ মিশন-এর উদ্যোগে ঈদের তিনটি জামাত অনুষ্ঠিত হয় যথাক্রমে সকাল সাড়ে ৭টায়, সকাল সাড়ে ৮টায় ও সকাল পৌন ১০টায়।

আল আরাফা ইসলামিক সেন্টার: জ্যামাইকার অন্যতম বৃহৎ মসজিদ আল আরাফা ইসলামিক সেন্টারের উদ্যোগে মসজিদ ভবনে ঈদের তিন জামাত অনুষ্ঠিত হয় যথাক্রমে সকাল ৭টায়, সকাল ৮টায় এবং সকাল ৯টায় অনুষ্ঠিত হয়। শীত ও ঠান্ডা জনিত কারণে এবছর স্থানীয় সুজান বি অ্যান্থনির মাঠে ঈদ জামাত আয়োজন করা হয়নি বলে সংশ্লিস্টরা জানান।

মদিনা মসজিদ: সিটির অন্যতম পুরাতন মসজিদ ম্যানহাটানের 'মদিনা মসজিদ' হিসেবে পরিচিত ইসলামিক সেন্টার অব আমেরিকা'র উদ্যোগে মসজিদ ভবনে ঈদের ২টি জামাত হয় যথ াক্রমে সকাল সাড়ে ৮টায় ও সকাল সোয়া ৯টায়।

এস্টোরিয়ার আল আমিন জামে মসজিদ: এস্টোরিয়ার আল আমিন জামে মসজিদ ও ইসলামিক সেন্টারের উদ্যোগে ঈদের জামাত অনুষ্ঠিত হয় মসজিদ সংলগ্ন ৩৬ স্ট্রিটে খোলা রাস্তায় সকাল সাড়ে আটটায়।













মুনা সেন্টার অব নিউইয়র্ক: ওজনপার্কের অন্যতম বৃহৎ মসজিদ মুনা সেন্টার অব নিউইয়র্ক-এর উদ্যোগে নিজস্ব মসজিদ ভবনে দু'টি ঈদের জামাত হয় ২টি যথাক্রমে সকাল সাড়ে ৮টা ও সকাল সাড়ে ৯টায়।

বায়তুল মামুর জামে মসজিদ: ওজনপার্কের বায়তুল মামুর জামে মসজিদ এন্ড কমিউনিটি সেন্টারে ঈদের একটি জামাত হয় সকাল ৮টায়।

পার্কচেষ্টার জামে মসজিদ: ব্রঙ্কসের অন্যতম পার্কচেষ্টার জামে মসজিদে ঈদের দুটি জামাত হয়ে যথাক্রমে সকাল ৮টা ও সকাল ৯টায়।

বাংলাবাজার জামে মসজিদ: ব্রঙ্কসের বাংলাবাজার জামে মসজিদের উদ্যোগে ঈদুল ফিতরের ২টি জামাত অনুষ্ঠিত হয় স্থানীয় পিএস ১০৬ স্কুলের প্লে গ্রাউন্ডে যথাক্রমে সকাল সোয়া ৮টায় ও সকাল ৯টায়।

বাংলাদেশ মুসলিম সেন্টার: ব্রুকলীনের অন্যতম বৃহৎ মসজিদ বাংলাদেশ মুসলিম সেন্টারে ঈদের একটি জামাত হয় সকাল সাড়ে ৮টায়।

বায়তুল জান্নাহ জামে মসজিদ: ব্রুকলীনের বায়তুল জান্নাহ জামে মসজিদ এন্ড মুসলিম কমিউনিটি সেন্টারের উদ্যোগে স্থানীয় ৫৬৯ ম্যাকডোনাল্ড এভিনিউতে খোলা রাস্তায় একটি ঈদের নামাজ অনুষ্ঠিত হয় সকাল সাড়ে নয়টায়।

দারুস সালাম মসজিদ: জ্যামাইকার দারুস সালাম মসজিদে ঈদের ৪টি জামাত অনুষ্ঠিত হয়। প্রথম জামাত সকাল ৭.৩০ মিনিটে, দ্বিতীয় জামাত ৮.৩০ মিনিকে, তৃতীয় জামাত ৯.৩০ মিনিটে এবং চতুর্থ জামাত সকাল ১০.৩০ মিনিটে অনুষ্ঠিত হয়। দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থ জামাতে মহিলাদের নামাজ আদায়ের বিশেষ ব্যবস্থা ছিলো।

রিয়াজুল জান্নাহ ইসলামিক সেন্টার: সাউথ জ্যামাইকার রিয়াজুল জান্নাহ ইসলামিক সেন্টার ইনকের উদ্যোগে সকাল সাড়ে ৮টায় স্থানীয় পিএস ৪৮ স্কুল গ্রাউন্ডে একটি ঈদের জামাত হয়।

মসজিদ ইয়াসীন: কুইন্স ভিলেজের মসজিদ ইয়াসীনে দুটি ঈদের জামাত হয় যথাক্রমে সকাল সাড়ে ৮টা ও সাড়ে ৯টায়।

আল কুবা ইসলামিক সেন্টার: আল কুবা ইসলামিক সেন্টার অব জ্যামাইকার উদ্যোগে মসজিদের ভিতরে একটি ঈদের জামাত হয় সকাল আটটায়।

নিউইয়র্ক ঈদগাঁহ: জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় নিউইয়র্ক ঈদগাঁহ'র উদ্যোগে ঈদের পাঁচটি জামাত অনুষ্ঠিত হয়। প্রথম জামাত সকাল সাড়ে সাতটায়, দ্বিতীয় জামাত আটটায়, তৃতীয় জামাত নয়টায়, চতুর্থ জামাত দশটায় এবং পঞ্চম জামাত বেলা ১১টায় অনুষ্ঠিত হয়।

জ্যাকসন হাইটসের মুনা সেন্টার: জ্যাকসন হাইটসের মুনা সেন্টার (মসজিদ নামিরাহ)-এ ঈদুল ফিতর এর একটি জামাত মসজিদের পাশে খোলা আকাশের নিচে রাস্তায় অনুষ্ঠিত হয় সকাল ৮:৩০ মিনিটে।

ইস্ট এলমহার্স্ট জামে মসজিদ: ইস্ট এলমহার্স্ট জামে মসজিদ এন্ড মুসলিম সেন্টারের উদ্যোগে খোলা মাঠে ঈদের জামাত অনুষ্ঠিত হয়।

উডসাইড মসজিদ: উডসাইড বায়তুল জান্নাহ মসজিদে ঈদুল ফিতরের তিনটি জামাত অনুষ্ঠিত হয়। প্রথম জামাত হবে সকাল সাড়ে ৭টায়, দ্বিতীয় জামাত সকাল সাড়ে ৮টায় এবং তৃতীয় জামাত সকাল পোনে ১০টায় অনুষ্ঠিত হয়। শেষ জামাতে মহিলাদের অংশগ্রহণের সুযোগ ছিলো।

আল ফরুকান মসজিদ: ওজনপার্কের আল ফরুকান মসজিদের উদ্যোগে ঈদের নামাজ হয় স্থানীয় ৭৭ অ্যান্ড গ্ল্যানেমার অ্যাভিনিউতে। এখানে দুটি জামাত অনুষ্ঠিত হয় যথাক্রমে সকাল আটটায় ও সকাল নয়টায়।

দারুল জান্নাহ মসজিদ: ব্রুকলীনের দারুল জান্নাহ মসজিদ ও ইসলামিক সেন্টারের উদ্যোগে স্থানীয় সি অ্যাভিনিউতে ঈদের জামাত হয় চারটি। প্রথম জামাত সকাল সোয়া সাতটায়, দ্বিতীয় জামাত সকাল সাতটা ৪৫ মিনিটে, তৃতীয় জামাত সকাল সোয়া আটটায় এবং চতুর্থ জামাত সকাল নয়টায় অনুষ্ঠিত হয় বলে জানা গেছে।

নর্থ ব্রঙ্কস ইসলামিক সেন্টার: নর্থ ব্রঙ্কস ইসলামিক সেন্টারের উদ্যোগে ঈদের জামাত হয় সকাল ৯টায় স্থানীয় ওভাল পার্কে।

এছাড়াও নিউইয়র্ক সিটির বেলাল মসজিদ, জ্যাকসন হাইটসের আল নূর ইসলামিক সেন্টার, নর্থ ব্রঙ্কস ইসলামিক সেন্টার, ইকনা প্রভৃতি মসজিদের উদ্যোগের ঈদের জামাত অনুষ্ঠিত হয় বলে জানা গেছে।

অপরদিকে ওয়াশিংটন ডিসিসহ বাংলাদেশী অধ্যুষিত যুক্তরাষ্ট্রের নিউজার্সী, কানেকটিকাট, ম্যারিল্যান্ড, পেনসেলভেনিয়া, ভার্জেনিয়া, ওয়াহিও, ফ্লোরিডা, নর্থ ক্যারোরিনা, সাউথ ক্যারোলিনা, জর্জিয়া, মিশিগান, ক্যালিফোর্নিয়া, টেক্সাস, অ্যারিজোনা প্রভৃতি স্টেটে ধর্মীয় ভাবগম্ভীর পরিবেশে রোববার পবিত্র ঈদুল ফিতর উদযাপিত হওয়ার খবর পাওয়া গেছে।

খবর ইউএনএ'র।

# কিশোরগঞ্জ ডিস্ট্রিক্ট এসোসিয়েশন এনএ’র উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

পরিচয় ডেস্ক: পবিত্র রমজান উপলক্ষ্যে ধর্মীয় ভাবগম্ভীর পরিবেশে কিশোরগঞ্জ ডিস্ট্রিক্ট এসোসিয়েশন এনএ’র উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গত ১৪ মার্চ শনিবার সিটির জ্যামাইকার একটি পার্টি হলে আয়োজিত মাহফিলে নিউইয়র্ক প্রবাসী বিপুল সংখ্যক প্রবাসী কিশোরগঞ্জবাসী অংশ নেন। মাহফিলে যোগাদানকারী প্রবাসী কিশোরগঞ্জবাসীরা নিজেদের মধ্যকার ঐক্য এবং সৌহার্দ্য-সম্প্রীতির বন্ধনকে আরো জোরদার করার উপর গুরুত্বারোপ করেন। খবর ইউএনএ’র।




এসোসিয়েশনের সভাপতি মোহাম্মদ এবাদুল হক এবাদের সভাপতিত্বে মাহফিল পরিচালনা করেন সংগঠনের এক্সিকিউটিভ ডাইরেক্টর মোহাম্মদ মনিরুজ্জামান মনির এবং বিশেষ দোয়া পরিচালনা-উপদেষ্টা কামরুজ্জামান মুরাদ।

মাহফিলে সংগঠনের উল্লেখযোগ্য ব্যক্তিবর্গের মধ্যে ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান এবিএম ওসমান গণি, ভাইস চেয়ারম্যান মফিজুর রহমান দুলাল, সদস্য বেলাল হোসেন, ছাইদুর খান ডিউক, উপদেষ্টা বীরমুক্তিযোদ্ধা মনজুরুল হোসেন, মোহাম্মদ রওশান আলম, এক্সিকিউটিভ কমিটির ভাইস চেয়ারম্যান জুবায়ের আহম্মেদ রানা, শামীম উদ্দিন নাসের, এসিসটেন্ট ডাইরেক্টর রফিকুল ইসলাম, ট্রেজারার বিশ্বজিত পাল, যুব উন্নয়ন ডাইরেক্টর মকবুল হোসেন উপস্থিত ছিলেন।

ইফতার গ্রহণের পর এসোসিয়েশনের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান এবিএম ওসমান গণি ইউএনএ প্রতিনিধির সাথে আলাপকালে বলেন, প্রবাসী কিশোরগঞ্জবাসীদের মধ্যকার ঐক্য এবং সৌহার্দ্য-সম্প্রীতির বন্ধনকে আরো জোরদার করতেই এমন অনুষ্ঠান আয়োজন। এমন অনুষ্ঠানের মধ্যদিয়ে পারষ্পারিক যোগযোগের পাশাপাশি আমরা একে অপরের সুখ-দু:খের পাশাপাশি সমস্যাগুলো নিয়ে আলোচনা আর সমাধানের চেষ্টা করতে পারি।





এসোসিয়েশনের সভাপতি মোহাম্মদ এবাদুল হক এবাদ বলেন, আমাদের লক্ষ্য দলমতের উর্দ্ধে উঠে প্রবাসী কিশোরগঞ্জবাসীদের একব্যবদ্ধ করা। সেজন্যই আমরা ইফতার মাহফিল সহ বিভিন্ন দিবস পালনের পাশাপাশি সামাজিক অনুষ্ঠানের আয়োজন করে চলেছি। তিনি ইফতার মহফিল সফল করায় সংশ্লিস্ট সকল প্রবাসী কিশোরগঞ্জবাসীকে ধন্যবাদ জানান এবং কৃতজ্ঞতা প্রকাশ করেন। খবর ইউএনএ’র।





# মেডোব্রুক মর্টগেজ এর ইফতার মাহফিল অনুষ্ঠিত

পরিচয় ডেস্ক: গত ১২ মার্চ বৃহস্পতিবার স্থানীয় সিরাজি পার্টি হলে নিউইয়র্কের কুইন্সে মেডোব্রুক মর্টগেজের উদ্যোগে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বিপুলসংখ্যক প্রবাসী বাংলাদেশিদের উপস্থিতিতে পুরো আয়োজনটি ধর্মীয় উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হয়।

আয়োজক নেডোব্রুক মর্টগেজ এর প্রেসিডেন্ট ও সিইও আকিব হোসাইন সবাইকে স্বাগত জানিয়ে বলেন, প্রবাসে বসবাসরত রিয়েল এস্টেট ব্যবসায়ী, রিয়েলেটর, মর্টগেজ কোম্পানির প্রতিনিধি, সেলস ও বায়িং এজেন্ট ও বাংলাদেশিদের মধ্যে সৌহার্দ্য ও সম্প্রীতি বজায় রাখতে এ ধরনের আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তিনি আশা প্রকাশ করেন, ভবিষ্যতেও সবাইকে সঙ্গে নিয়ে এ ধরনের আয়োজন অব্যাহত রাখবেন ।

অনুষ্ঠানে প্রতিষ্ঠানের প্রতিনিধিসহ সমাজের বিভিন্ন শ্রেণি-পেশার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

এবারের আয়োজন পরিচালনা করেন জনপ্রিয় অভিনেত্রী ও মডেল মোজেজা আশরাফ মোনালিসা।

অনুষ্ঠানে বিশেষভাবে যোগ দেন আকিব হোসাইনের বাবা-মা, যা অনুষ্ঠানে ভিন্ন মাত্রা যোগ করে।

অনুষ্ঠানে নিউ ইয়র্ক বাংলাদেশ সোসাইটিসহ বিভিন্ন সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদক, অতিথিরা তাদের উপস্থিতিকে আন্তরিকভাবে স্বাগত জানান এবং এমন সুন্দর সময় উপহার দেয়ার আয়োজকদের ধন্যবাদ জানান ।

এসময় মেডোব্রুক মর্টগেজ এর প্রেসিডেন্ট ও সিইও আকিব হোসাইন আগত অতিথিদেরকে মেডোব্রুকের কর্মকর্তা-কর্মচারী, সাংবাদিকদের উপস্থিতির জন্য ধন্যবাদ জানান।
























# রমজান ও ঈদুল ফিতর উপলক্ষে এনওয়াইবিএ লায়ন্স ক্লাব'র খাদ্য বিতরণ কর্মসুচি

পরিচয় ডেস্ক: নিউইয়র্কের জ্যাকসন হাইটসে প্রবাসী বাংলাদেশিদের অন্যতম সংগঠন নিউইয়র্ক বাংলাদেশি আমেরিকান লায়ন্স ক্লাব'র উদ্যোগে রমজান ও ঈদুল ফিতর উপলক্ষে খাদ্য বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গত ১৭ মার্চ মঙ্গলবার আয়োজিত এই কর্মসূচিতে দুই শতাধিক নিম্নআয়ের পরিবারের মাঝে নিত্যপ্রয়োজনীয় খাদ্যসামগ্রী বিতরণ করা হয়, যা প্রবাসী কমিউনিটিতে সাড়া ফেলেছে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি লায়ন জেএফএম রাসেল (এমজেএফ)। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক লায়ন্স ডিস্ট্রিক্ট গভর্নর লায়ন মাদাদি সি,সাবেক লায়ন ডিস্ট্রিক্ট গভর্নর আমাদু সি, ক্লাবের প্রতিষ্ঠাতা সভাপতি লায়ন মতিউর রহমান, সদ্য বিদায়ী সভাপতি লায়ন রকি আলিয়ান, সাবেক সভাপতি লায়ন মোহাম্মদ সাঈদ, সেক্রেটারি লায়ন মোঃ মশিউর রহমান মজুমদার , লায়ন ফাহাদ সোলায়মান , এবং ট্রেজারার লায়ন মাসুদ রানা তপন।







ক্লাব সভাপতি জেএফএম রাসেল তার বক্তব্যে বলেন, রমজান আমাদের সংযম, সহমর্মিতা ও মানবিকতার শিক্ষা দেয়। এই খাদ্য বিতরণের মাধ্যমে আমরা সেই শিক্ষাকে বাস্তবে রূপ দেওয়ার চেষ্টা করছি, যাতে কমিউনিটির সুবিধা বঞ্চিত মানুষজন ঈদের আনন্দে শামিল হতে পারেন।

সাবেক সভাপতি রকি আলিয়ান বলেন, প্রবাসে থেকেও আমরা আমাদের সামাজিক দায়িত্ব ভুলে যাই না। এ ধরনের উদ্যোগ আমাদের কমিউনিটির ঐক্যকে আরও শক্তিশালী করবে।

সাবেক সভাপতি মোহাম্মদ সাঈদ তার বক্তব্যে বলেন, মানবসেবাই লায়ন্স ক্লাবের মূল লক্ষ্য। আমরা ভবিষ্যতেও এ ধরনের কার্যক্রম অব্যাহত রাখব। ক্লাব সেক্রেটারি মোঃ মশিউর রহমান মজুমদার বলেন, এই আয়োজন সফল করতে ক্লাব সদস্যরা আন্তরিকভাবে কাজ করেছেন। কমিউনিটির সহযোগিতাই আমাদের শক্তি, ২০২৫-২০২৬ সালে লায়ন্স ক্লাব মানবসেবায় ৬০টিরও বেশি কর্মসূচি সফলভাবে বাস্তবায়ন করেছেন।

ট্রেজারার মাসুদ রানা তপন বলেন, সচ্ছলদের সহায়তায় আমরা প্রবাসীদের পাশে দাঁড়ানোর চেষ্টা করেছি। এই ধারাবাহিকতা বজায় থাকবে। অনুষ্ঠানের কনভেনিং কমিটির চেয়ারম্যান মোঃ মফিজুল ইসলাম বলেন, রমজানের এই পবিত্র সময়ে মানুষের পাশে দাঁড়ানো আমাদের নৈতিক দায়িত্ব।

কনভেনর মোহাম্মদ কামরুজ্জমান বলেন, এই উদ্যোগের মূল লক্ষ্য ছিল সুবিধাবঞ্চিত পরিবারের মাঝে খাদ্যসামগ্রী পৌঁছে দেওয়া এবং ঈদের আনন্দ ভাগাভাগি করা।"

সদস্য সচিব অনিক রাজ বলেন, সকলের সম্মিলিত প্রচেষ্টায় এই কর্মসূচি সফল হয়েছে। ভবিষ্যতেও আমরা এ ধরনের কার্যক্রম চালিয়ে যাব।

অনুষ্ঠানে সহ- কনভেনর হিসেবে দায়িত্ব পালন করেন লায়ন আবদুর রশিদ বাবু, প্রধান সমন্বয়কের দায়িত্ব পালন করেন লায়ন জাহিদ আলম। সমন্বয়ক হিসেবে ছিলেন লায়ন হাসান জিলানি (এমজেএফ) এবং সহ-সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করেন লায়ন মোঃ রুহুল আমিন, লায়ন কামরুল মজুমদার, লায়ন এএসএম উদ্দিন এবং লায়ন মঈনুদ্দিন তুহিন। এছাড়াও সংগঠনের সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন লায়ন এএফএম জামান, লায়ন জাহাঙ্গীর আলম জয়, লায়ন মিজানুর রহমান, লায়ন তরিকুল ইসলাম মিঠু, লায়ন মোহাম্মদ খান (ডিউক), লায়ন রফিকুল ইসলাম ডালিম, লায়ন সৈয়দ কিবরিয়া, লায়ন এহসানুল হক বাবুল, লায়ন নার্গিস রহমান, লায়ন কাজী নাহার, লায়ন মোহাম্মদ সুমন মাহমুদ প্রমুখ। প্রেস বিজ্ঞপ্তি অনুসারে




# ফেনী জেলা সমিতি ইউএসএ'র ইফতার মাহফিল অনুষ্ঠিত

পরিচয় ডেস্ক:পবিত্র রমজান উপলক্ষ্যে ফেনী জেলা সমিতি ইউএসএ'র ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গত ১৫ মার্চ রোববার ৪৭১ ম্যাকডোনাল্ড এভিনিউ ব্রুকলীনে এই মাহফিলের আয়োজন করা হয়। সমিতির সহ সভাপতি শহীদ উল্লাহ কাইছারের সভাপতিত্বে মাহফিলে প্রধান অতিথি ছিলেন বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবক, যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক নেতা বেলাল মাহমুদ। মাহফিলে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ সোসাইটি ও বৃহত্তর



নোয়াখালী সোসাইটি ইউএসএ'র সাবেক সভাপতি আব্দুর রব মিয়া, ফেনী জেলা সমিতির সাবেক সভাপতি ও বিশিষ্ট রাজনিতীক জসিম উদ্দীন, বাংলাদেশ সোসাইটির কার্যকরী সদস্য জাহাঙ্গীর শহীদ সরোয়ার্দী, ফেনী জেলা সমিতির তিনবারের সাধারণ সম্পাদক নাসির উদ্দীন, সমিতির কোষাধ্যক্ষ জসিম উদ্দীন, বিশিষ্ট সংগঠক নিজাম উদ্দীন, দাগনভুইয়া সমিতি ইউএসএ'র সাবেক সাধারণ সম্পাদক শামীম মাহমুদ, রাজনীতিক কবির রেজ্জাক ও কোম্পানীগঞ্জ সমিতি ইউএসএ'র ট্রাষ্টি মেম্বার আহছান উল্লাহ বাচ্চু।

মাহফিলে বিশেষ দোয়া পরিচালনা করেন নিউকার্ক বেলাল মসজিদের খতিব মুফতি ড. আনসারুল করীম। অনুষ্ঠানটি পরিচালনা করেন বাংলাদেশী আমেরিকান সাংবাদিক এসোসিয়শনের সভাপতি সাইয়েদ আজাদ। মাহফিলে প্রবাসী ফেনীবাসীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বেলাল মাহমুদ বলেন, শুধু বাংলাদেশী নয়, বিশ্বব্যাপী মুসলিম সমাজ জন্য কঠিন সময় পার করছে। রমজান মাস সিয়াম সাধনার মাস। পবিত্র এই মাসের আলোকে আগামী দিনের জীবন পরিচালনা আহবান জানান এবং সবাইকে সবার জন্য দোয়া করার অনুরোধ করেন। খবর ইউএনএ'র।

# আলোচনা হয়নি, জ্বালানির দাম কমাতে হামলা স্থগিতের

৫ পৃষ্ঠার পর

অত্যন্ত আনন্দের সঙ্গে জানাচ্ছি, গত দুই দিনে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে আলোচনা হয়েছে। এতে মধ্যপ্রাচ্যে আমাদের বিরুদ্ধে শত্রুতাপূর্ণ কর্মকাণ্ড সম্পূর্ণ ও চূড়ান্ত সমাধানের বিষয়ে অত্যন্ত ইতিবাচক ও ফলপ্রসূ আলাপ হয়েছে।' ট্রাম্প আরও লেখেন, 'এই গভীর, বিস্তারিত ও গঠনমূলক আলোচনার মেজাজ ও সুর বিবেচনা করে আমি প্রতিরক্ষা বিভাগকে পাঁচ দিনের জন্য ইরানের বিদ্যুৎকেন্দ্র এবং জ্বালানি অবকাঠামোতে সব ধরনের হামলা স্থগিত রাখার নির্দেশ দিয়েছি। এই আলোচনা সপ্তাহজুড়ে চলবে। তবে এটি (হামলা না করার সিদ্ধান্ত) চলমান বৈঠক ও আলোচনার সাফল্যের ওপর নির্ভর করছে।'

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের ঘোষণার পর তেলের দাম ১৩ শতাংশের বেশি কমে যায়। রয়টার্সের প্রতিবেদনে বলা হয়, ব্রেন্ট ক্রুড ফিউচার্সের দাম প্রতি ব্যারেল প্রায় ১০৪ দশমিক ১ ডলারে বেচাকেনা হয়, যা ৭ দশমিক ২ শতাংশ কম। একপর্যায়ে দাম ১৫ শতাংশ পড়ে প্রতি ব্যারেলের দাম ৯৬ ডলারে নেমে আসে।

মার্কিন ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট (ডব্লিউটিআই) তেলের দাম ৭ দশমিক ৮ শতাংশ কমে ৯০ দশমিক ৫৫ ডলারে দাঁড়ায়। এই তেলের দাম সর্বনিম্ন ৮৫ দশমিক ২৮ ডলারে নামে। এতে সাড়ে ১৩ শতাংশ দরপতন পতন হয়। এর আগে ট্রাম্প বাংলাদেশ সময় গতকাল রোববার ভোর ৫টা ৪৫ মিনিটে হুমকি দিয়ে বলেছেন, ৪৮ ঘণ্টার মধ্যে হরমুজ প্রণালি উন্মুক্ত করা না হলে ইরানের বিদ্যুৎকেন্দ্রগুলো ধ্বংস করে দেওয়া হবে।

ইরান পাল্টা হুমকি দিয়ে বলেছে, যুক্তরাষ্ট্র বিদ্যুৎকেন্দ্রে হামলা চালালে মধ্যপ্রাচ্যের সব বিদ্যুৎ ও জ্বালানি অবকাঠামোতে হামলা চালানো হবে, বিশেষ করে যেসব জ্বালানি অবকাঠামোতে মার্কিন মালিকানা রয়েছে। পাশাপাশি হরমুজ প্রণালি পুরোপুরি বন্ধ এবং গুরুত্বপূর্ণ এই সমুদ্রপথে মাইন স্থাপনেরও হুঁশিয়ারি দেয় তেহরান। বিশ্বের মোট জ্বালানি তেল ও তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের (এলএনজি) প্রায় এক-পঞ্চমাংশ হরমুজ প্রণালি দিয়ে পরিবহন করা হয়।

Eid
MUBARAK



# হারুন ভুঁইয়া

প্রেসিডেন্ট, জ্যাকশন হাইটস বাংলাদেশি বিজনেজ এসোসিয়েশন (জেবিবিএ)
প্রধান উপদেষ্টা, রুপসী চাঁদপুর ফাউন্ডেশন, নিউ ইয়র্ক

পরিচয়
PARICHOY
PUBLISHED FROM NEW YORK
শেষের পাতা
Issue 1673
Saturday, March 21, 2026

# ২০২৪ সালে ২২ লক্ষেরও বেশি নিউ ইয়র্ক সিটির বাসিন্দা দারিদ্র্যের মধ্যে বসবাস করেছেন



পরিচয় ডেস্ক: দারিদ্র্য বিমোচনে কর্মরত একটি সংস্থার প্রকাশিত নতুন পরিসংখ্যান অনুযায়ী, ২০২৪ সালে প্রায় ২২ লক্ষ নিউ ইয়র্ক সিটির বাসিন্দা দারিদ্র্যের মধ্যে বসবাস করেছেন-যা পূর্ববর্তী বছরের তুলনায় সামান্য বেশি। একই সময়ে, নিউ ইয়র্ক সিটির আরও কয়েক লক্ষ মানুষ দুবেলা খাবার জোগাড় করতে, বাড়ি ভাড়া মেটাতে কিংবা মাসের শেষে হাতে কিছু অর্থ অবশিষ্ট রাখতে হিমশিম খেয়েছেন।

নতুন এই তথ্য-উপাত্ত অনুযায়ী, নিউ ইয়র্ক সিটিতে প্রতি চারজন বাসিন্দার মধ্যে একজনেরও বেশি দারিদ্র্যসীমার নিচে বসবাস করেছেন-যা যুক্তরাষ্ট্রের জাতীয় গড়ের দ্বিগুণ। সিটির জনসংখ্যার আরও এক-তৃতীয়াংশ ২০২৪ সালে স্বল্প আয়ের বা তুলনামূলকভাবে কিছুটা সচ্ছল আয়ের প্রায় একই হারে শারীরিক অসুস্থতা এবং মানসিক যন্ত্রণার সম্মুখীন হয়েছেন।

এর অর্থ হলো, ২০২৪ সালে সিটির অধিকাংশ মানুষ-প্রায় ৫৯ শতাংশ-হয় স্বল্প আয়ের শ্রেণিতে ছিলেন, নতুবা দারিদ্র্যের কশাঘাতে জর্জরিত ছিলেন। দারিদ্র্য বিমোচন সংস্থা রবিন হুড (Robin Hood) এবং কলাম্বিয়া বিশ্ববিদ্যালয় যৌথভাবে এই বার্ষিক পরিসংখ্যান প্রকাশ করেছে; উল্লেখ্য, এক দশক আগে তারা যখন থেকে তথ্য সংগ্রহ শুরু করে, তখন থেকে এখন পর্যন্ত এটিই সর্বোচ্চ সংখ্যা।

তাদের এই প্রতিবেদনটি একটি সামগ্রিক চিত্র তুলে ধরে জানাচ্ছে যে, নিউ ইয়র্কের কত মানুষ তাদের মৌলিক চাহিদা মেটাতে প্রতিনিয়ত সংগ্রাম করে চলেছেন। এমন এক সময়ে এই প্রতিবেদনটি প্রকাশিত হলো, যখন সিটি দুটি প্রধান ফেডারেল কর্মসূচিতে (কেন্দ্রীয় সহায়তা প্রকল্প) কাটছাঁটের প্রস্তুতি নিচ্ছে: খাদ্য সহায়তা এবং মেডিকেইড (Medicaid)। ধারণা করা হচ্ছে, এই কাটছাঁটের ফলে আরও অধিক সংখ্যক মানুষ চরম দুর্দশার মুখে পতিত হবেন।

রবিন হুড-এর প্রধান নির্বাহী কর্মকর্তা (ঈউঙ) রিচার্ড বুয়েরি এক বিবৃতিতে বলেন, “নিউ ইয়র্ক সিটি এখন দারিদ্র্যের এক অতল গহ্বরে তলিয়ে যাওয়ার দ্বারপ্রান্তে দাঁড়িয়ে আছে।চ

বুয়েরি আরও বলেন, “ওয়াশিংটন প্রশাসন সেইসব জীবনরেখা বা সহায়তার হাত গুটিয়ে নেওয়ার হুমকি দিচ্ছে, যা এখন লক্ষ লক্ষ পরিবারকে কোনোমতে টিকে থাকতে সাহায্য করছে। স্টেট ও স্থানীয় পর্যায়ের নেতৃবৃন্দ এখন এমন সব অসম্ভব সিদ্ধান্ত বাকি অংশ ৪৩ পৃষ্ঠায়




## ফেসবুকে পোস্ট করেই ৩ হাজার ডলার পর্যন্ত আয়ের সুযোগ, কারা পাবেন ও নেপথ্যে কী

ভিডিও কনটেন্টের বৈশ্বিক বাজারে বর্তমানে ইউটিউব শর্টস, ইনস্টাগ্রাম রিলস বা টিকটকের একচ্ছত্র আধিপত্য চলছে। জনপ্রিয় এই প্ল্যাটফর্মগুলোর ভিড়ে আধেয় নির্মাতাদের (কনটেন্ট ক্রিয়েটর) আবার ফেসবুকমুখী করতে এবার বড় অঙ্কের বিনিয়োগের ঘোষণা দিয়েছে মেটা। নির্দিষ্ট লক্ষ্যমাত্রা পূরণ করতে পারলে একজন নির্মাতা প্রতি মাসে তিন হাজার ডলার পর্যন্ত নিশ্চিত আয়ের সুযোগ পাবেন। মূলত ‘ক্রিয়েটর ফাস্ট ট্র্যাক’ নামক একটি বিশেষ প্রকল্পের আওতায় এই আর্থিক নিশ্চয়তা দিচ্ছে সামাজিক যোগাযোগমাধ্যমের এই শীর্ষ প্রতিষ্ঠান। ফেসবুক কর্তৃপক্ষের দেওয়া তথ্য অনুযায়ী, এই প্রকল্পের অধীনে আয়ের পরিমাণ সরাসরি নির্ভর করবে একজন নির্মাতার অনুসারী বা ফলোয়ার সংখ্যার ওপর। তবে এটি একটি নির্দিষ্ট মেয়াদের জন্য প্রযোজ্য হবে। যাঁদের অনুসারী বাকি অংশ ৩৯ পৃষ্ঠায়

## আইসিই-এর অভিযানে নিউইয়র্কের কারখানায় ব্যাপক জালিয়াতি ফাঁস: চুরি করা এবং মৃত ব্যক্তিদের সোশ্যাল সিকিউরিটি নম্বর ব্যবহার ১৩৪ জন কর্মীর




পরিচয় ডেস্ক: নিউইয়র্কের ক্যাটোতে অবস্থিত নিউট্রিশন বার কনফেকশনার্স-এ ২০২৫ সালে আইসিই-এর একটি অভিযানের সদ্য প্রকাশিত বডিক্যাম ফুটেজ আমেরিকার কর্মক্ষেত্রগুলোকে জর্জরিত করে থাকা পরিচয় চুরি এবং অবৈধ নিয়োগের ভয়াবহ মাত্রা উন্মোচন করেছে।

হোমল্যান্ড সিকিউরিটির তদন্তকারীরা উদ্ঘাটন করেছেন যে ২২৪ জন কর্মচারীর মধ্যে অন্তত ১৩৪ জন জাল সোশ্যাল সিকিউরিটি নম্বর ব্যবহার করছিল। এর মধ্যে ২২টি ক্ষেত্রে নম্বরগুলো ছিল মৃত মার্কিন নাগরিকদের, এছাড়াও আরও কয়েক ডজন কর্মী অমিল বা অবৈধ শনাক্তকারী নম্বর ব্যবহার করছিল। গোপন তথ্য এবং বেতনের গরমিলের কারণে শুরু হওয়া আট মাসব্যাপী তদন্তের পর এই অভিযান চালানো হয়, যার ফলে ৫৬ জনকে আটক এবং ৫০ জনকে দ্রুত ডিপোর্ট করা হয়।

ভিডিও ফুটেজে দেখা যায়, ফেডারেল এজেন্টরা কারখানাটি সুরক্ষিত করছে, কর্মীদের বিশ্রামকক্ষে পাঠাচ্ছে, কাগজপত্র পরীক্ষা করছে এবং যাদের বৈধ পরিচয়পত্র নেই তাদের আলাদা করছে। শ্রমিকদের স্প্যানিশ ভাষায় বিভ্রান্তি ও দুর্দশা প্রকাশ করতে শোনা যায়, এবং এজেন্টরা শান্তভাবে দলটিকে প্রক্রিয়াজাত করার সময় আদেশ কার্যকর করছিলেন।

কীভাবে লাগামহীন অবৈধ নিয়োগ আমেরিকান শ্রমিকদের ক্ষতি করে, সামাজিক বাকি অংশ ৪৩ পৃষ্ঠায়



## নিউ ইয়র্ক স্টেটে কেনাকাটার জন্য নগদ অর্থ পরিশোধ সংক্রান্ত আইন কার্যকর

### থাকছে কিছু ব্যতিক্রম

পরিচয় ডেস্ক: গত শনিবার ২১ মার্চ থেকে নিউ ইয়র্ক স্টেটে নগদ অর্থে কেনাকাটার দায় পরিশোধ সংক্রান্ত একটি নতুন আইন কার্যকর হয়েছে। এই আইনের আওতায়, নিউ ইয়র্ক স্টেট জুড়ে অবস্থিত দোকানগুলো বাকি অংশ ৪৩ পৃষ্ঠায়




## কনজেশন প্রাইসিং: ম্যানহাটন টোলে প্রথম বছরেই সাবওয়েতে লক্ষাধিক নতুন যাত্রী

পরিচয় ডেস্ক: নিউ ইয়র্ক সিটিতে ‘কনজেশন প্রাইসিং’ (যানজট-শুল্ক) ব্যবস্থা চালুর প্রথম বছরেই সাবওয়ে যাত্রীরা আগের বছরের তুলনায় ৯০ মিলিয়নেরও বেশি অতিরিক্ত যাতায়াত করেছেন-এমটিএ (গঞঅ)-এর স্থায়ী নাগরিক উপদেষ্টা কমিটি (PCAC)-র একটি নতুন প্রতিবেদনে এমন তথ্য উঠে এসেছে।

যাত্রীদের অধিকার রক্ষায় সোচ্চার এই গোষ্ঠীর বিশ্লেষণ অনুযায়ীযা গত ১৭ মার্চ মঙ্গলবার প্রকাশ করা হয়েছে-২০২৪ থেকে ২০২৫ সালের মধ্যে শহরের সাবওয়েতে যাত্রীসংখ্যা ১.২১ বিলিয়ন থেকে বেড়ে ১.৩ বিলিয়নে পৌঁছেছে। যাত্রীসংখ্যার এই উর্ধ্বগতি ৭.৭ শতাংশ বৃদ্ধির ইঙ্গিত দেয়-যা ২০২৩ থেকে ২০২৪ সালের মধ্যবর্তী সময়ে যাত্রীবৃদ্ধির হারের ঠিক দ্বিগুণ।

চঈঅঈ-এর সহযোগী পরিচালক ব্রায়ান ফ্রিচ বলেন, যদিও প্রতি বছর যাত্রীসংখ্যার পরিবর্তনে বহুবিধ কারণের প্রভাব থাকে, বাকি অংশ ৩৯ পৃষ্ঠায়







